Aladdin



২৯-৩৬ ৩৬ এভিনিউ
এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬ Tel: 718-784-2554

যুক্তরাষ্ট্রের নির্বাচন মঙ্গলবার কেন হয়

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচন আগামী ৫ নভেম্বর অনুষ্ঠিত হচ্ছে। ওই দিন মঙ্গলবার। ১৮৪৫ সাল থেকে নভেম্বরের প্রথম সোমবারের পরদিন মঙ্গলবার প্রেসিডেন্ট নির্বাচনের ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়ে

বাকি অংশ ১২ পৃষ্ঠায়

নিউইয়র্কে নির্বাচনের ব্যালটে স্থান পেলো বাংলা ভাষা

বাংলা পত্রিকা ডেস্ক: বর্তমান বিশ্বের সবচেয়ে ক্ষমতাধর দেশ যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচন ৫ নভেম্বর। ইতোমধ্যে এ নির্বাচনের আগাম ভোট শেষ হয়েছে। ৫ নভেম্বরের নির্বাচনে সব প্রস্তুতি সম্পন্ন করেছে দেশটি। ২৫ কোটি ভোটারের জন্য সর্বোচ্চ সুবিধা নিশ্চিত করতে ভোটের ব্যালট পেপারে রাখা হয়েছে নানা ভাষার সুবিধা। আর এতে স্থান পেয়েছে বাংলা ভাষাও।

নিউইয়র্ক অঙ্গরাজ্যের ব্যালট পেপারে বাংলা ভাষা

বাকি অংশ ১২ পৃষ্ঠায়

The Weekly Bangla Patrika

সফলতার ২৮ বছর পেরিয়ে ২৯এ পদার্পণ

বাংলা পত্রিকা

www.banglapatrikausa.com

বর্ষ ২৯ সংখ্যা ০৭ সোমবার কার্তিক ১৯ ১৪৩১ / জমাদিউল আউয়াল ২, ১৪৪৬ / Vol. 29 / Issue 07 / November 4, 2024 USA. Free in NY, Other State $1

বিশ্বব্যবস্থা নির্ধারণের ভোট আগামীকাল

- শেষ মুহূর্তে ভোটার আকৃষ্টের নানা পন্থা কমলা-ট্রাম্পের
- পপুলার ভোট নয়, ইলেকটোরাল ভোটই জেতাবে প্রার্থী
- নির্বাচনের ফলাফল-পরবর্তী অবস্থা নিয়ে আতঙ্ক

বাংলা পত্রিকা ডেস্ক: ভোট ঘরের দরজায় কড়া নাড়ছে। বিশ্বের বহুল আকাঙ্খিত ৬০তম প্রেসিডেন্ট নির্বাচনের প্রচারণার সমাপ্তি ঘটছে আজ সোমবার। আগামীকাল মঙ্গলবার ভোটাররা তাদের চূড়ান্ত সিদ্ধান্ত জানাবেন তারা কাকে প্রেসিডেন্ট নির্বাচিত করতে চান। বলা হয়, বাস্তবে এই প্রেসিডেন্ট নির্বাচন কেবল আমেরিকার নয়, বিশ্বের কূটনীতি এবং সামরিক নীতি নির্ধারণেও গুরুত্বপূর্ণ ভূমিকা থাকে তার। কাল মূল ভোট হলেও দেশটিতে আগাম ভোট শুরু হয়েছে আগেই এবং সাত কোটির বেশি ভোটার ইতিমধ্যে ভোট দিয়েছেন। গতবারের চেয়ে এবারের আগাম ভোট বেশি পড়বে বলে আশা করছেন নির্বাচন বিশেষজ্ঞরা। দুই মূল প্রতিদ্বন্দ্বি কমলা হ্যারিস এবং ডোনাল্ড ট্রাম্প ছাড়াও আরো চার প্রার্থী নির্বাচনে লড়াই করছেন।



বিশ্বব্যবস্থার ভোট যে কারণে যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট নির্বাচন এমন সময়ে অনুষ্ঠিত হচ্ছে যখন দুই বছরের বেশি সময় ধরে ইউক্রেন যুদ্ধ চলছে, ইসরাইলী আগ্রাসনে বিপর্যস্ত গাজা ও লেবানন। মধ্যপ্রাচ্যে যুদ্ধ ছড়িয়ে পড়ার আশংকা ক্রমেই বাড়ছে। ইরান-ইসরাইলও যুদ্ধের দ্বারপ্রান্তে। তাইওয়ান নিয়ে চীনের সঙ্গে উত্তপ্ত পরিস্থিতি বিরাজ করছে যুক্তরাষ্ট্র প্রশাসনের। এ নিয়ে দক্ষিণ চীন সাগর ও পূর্ব এশিয়া সংকটে পড়েছে। নতুন করে সংকট সৃষ্টি হয়েছে ভারত ও কানাডার মধ্যে। যুক্তরাষ্ট্রের মাটিতে খালিস্তানী নেতাকে হত্যার ষড়যন্ত্রের অভিযোগে প্রেসিডেন্ট জো বাইডেন প্রশাসন ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির প্রশাসনের মধ্যে কূটনৈতিক টানাপোড়েন চলছে। যুক্তরাষ্ট্রের পালটা অর্থনৈতিক কাঠামো গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার চেষ্টা হচ্ছে ব্রিকস জোটের মাধ্যমে।

অস্থিতিশীলতা ও গৃহযুদ্ধ এবং সন্ত্রাসবাদে আক্রান্ত সুদান, মালি, সোমালিয়া, কঙ্গো, বুরকিনাফাসোসহ আফ্রিকার বহু দেশ। শুধু ভূরাজনৈতিক ক্ষেত্রেই নয়, অর্থনৈতিক ক্ষেত্রেও চীন ও যুক্তরাষ্ট্রের সম্ভাব্য বাণিজ্যযুদ্ধকে কেন্দ্র করে অস্থিরতা তৈরি হয়েছে আন্তর্জাতিক বিনিয়োগকারী ও ব্যবসায়ীদের মধ্যে। আমেরিকান নির্বাচন নিয়ে চিন্তায় ইউরোপও। এই অঞ্চলে বেশিরভাগ সমর্থন যাচ্ছে ডেমোক্র্যাট প্রার্থী কমলা হ্যারিসের কাছে। ট্রাম্প জিতলে ইউরোপ সংকটে পড়বে বলে মনে করছেন সেখানকার নেতারা। বিশ্বের এসব সংকটের মুহূর্তে কালকের ভোটেই জানা যাবে ডেমোক্র্যাট প্রার্থী কমলা হ্যারিস কি বাইডেনের দেখানো পথ অনুসরণ করে তার দৃঢ় বিশ্বাস নিয়ে এগিয়ে যাবেন? নাকি

বাকি অংশ ৫ পৃষ্ঠায়

প্রেসিডেন্ট নির্বাচন

সুইং স্টেটের শক্তি: কে হচ্ছেন হোয়াইট হাউসের বস?



বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচন মানেই যেন এক মহারণ, যেখানে একটি ভোটই বদলে দিতে পারে বিশ্বরাজনীতির চেহারা। প্রতিটি ভোট গুরুত্বপূর্ণ হলেও বিশেষ কিছু রাজ্য আছে যেগুলোর ভোটাররা শেষ মুহূর্তে ফলাফলে বড় ভূমিকা রাখতে পারে। এদেরই বলা হয় 'সুইং স্টেট'। এবারও জর্জিয়া, মিশিগান, এবং পেনসিলভানিয়ার মতো সুইং স্টেটগুলোতে কে জয়ী হবে, তার দিকেই তাকিয়ে আছে পুরো

বাকি অংশ ৫ পৃষ্ঠায়

চূড়ান্ত ফলাফল প্রকাশ বুধবার

বাংলাদেশ সোসাইটির নির্বাচনে ব্যয় ১০ লক্ষাধিক ডলার

সালাহউদ্দিন আহমেদ: সদস্য সমাপ্ত বাংলাদেশ সোসাইটির নির্বাচনে ১০ লক্ষাধিক ডলার ব্যয় হয়েছে বলে প্রাথমিক হিসেবে জানা গেছে। এরমধ্যে নির্বাচন কমিশনের ব্যয় দুই লক্ষাধিক, বিজয়ী 'সেলিম-আলী' প্যানেলের চার লক্ষাধিক আর বিজিত 'রুহুল-জাহিদ' প্যানেলের নির্বাচনী ব্যয় হচ্ছে তিন লক্ষাধিক। সংশ্লিস্ট সূত্রের প্রাথমিক হিসেবে এই তথ্য জানা গেছে। এদিকে নির্বাচন কমিশন আগামী ৬ নভেম্বর বুধবার নির্বাচনের চূড়ান্ত ফলাফল ঘোষণা করবেন বলে জানা গেছে। উল্লেখ্য, গত ২৭ অক্টোবর রোববার যুক্তরাষ্ট্রে বসবাসরত প্রবাসী বাংলাদেশীদের 'আমব্রেলা সংগঠন' হিসেবে পরিচিত বাংলাদেশ সোসাইটির দ্বি-বার্ষিক (২০২৫-২০২৬) নির্বাচনে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়। নির্বাচনে 'সেলিম-আলী' প্যানেল নিরঙ্কুশ বিজয় অর্জন করে। বাংলাদেশ সোসাইটির প্রধান নির্বাচন

বাকি অংশ ৫ পৃষ্ঠায়

নির্বাচনের রাতে যুক্তরাষ্ট্রে কী ঘটতে যাচ্ছে

বাংলা পত্রিকা ডেস্ক: আসন্ন প্রেসিডেন্ট নির্বাচনে কে হবেন হোয়াইট হাউসের পরবর্তী বাসিন্দা, তা নির্ধারণ করতে ভোটের লড়াই তুঙ্গে। সুইং স্টেটগুলোর ভূমিকা ও ভোটের ব্যবধান কম হলে ২০১৬ এবং ২০২০ সালের মতো এবারও নির্বাচনের রাতে কিছু অপ্রত্যাশিত ঘটনা ঘটার শঙ্কা রয়েছে। ইতিহাসের আলোকে আন্তর্জাতিক রাজনৈতিক বিশ্লেষকরা ধারণা করছেন, এবারও নির্বাচনী ফলাফল দেরিতে আসা, আইনি চ্যালেঞ্জ, নিরাপত্তা সংকট, এবং



বাকি অংশ ৫ পৃষ্ঠায়

আ. লীগ মাফিয়া লীগে পরিণত হয়েছিল

-তাজকন্যা শারমিন রিপা

বাংলা পত্রিকা ডেস্ক: বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী ও মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক তাজউদ্দীন আহমদের বড় মেয়ে শারমিন আহমদ রিপা বলেছেন, শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামী লীগ দেশে মাফিয়া লীগে পরিণত হয়েছিল। শেখ হাসিনা বা তার পরিবারের কারো আর বাংলাদেশের রাজনীতিতে ফেরার কোনো সম্ভাবনা নেই। শেখ হাসিনা ও ওবায়দুল কাদেরসহ নেতৃত্বে থাকা দলের নেতাদের বিচারের দাবিও করেন তিনি।

দেশের একটি একটি বেসরকারি টেলিভিশন চ্যানেলকে দেওয়া সাক্ষাৎকারে এসব কথা বলেন তিনি।



শারমিন আহমদ বলেন, মাফিয়াতন্ত্রের সঙ্গে জড়িতদের দল থেকে বহিষ্কার করে, পরিচ্ছন্ন কারোর হাতে নেতৃত্ব দিলে এক বা দুই যুগ পরে আওয়ামী লীগ আবার দেশে রাজনীতির

বাকি অংশ ৫ পৃষ্ঠায়

নিউইয়র্কে বন্দুক হামলা বৃদ্ধিতে উৎকণ্ঠা

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কে ৫ বোরোতে পৃথক গুলাগুলি ও বন্দুক হামলার ঘটনায় ১জন যুবক এবং ৫ কিশোর-কিশারী নিহত ও আরো তিনজন আহত হয়েছেন। গত ১০ দিনের ব্যবধানে সিটির পৃথক স্থানে এসব গুলাগুলি ও বন্দুক হামলার ঘটনা আশঙ্কাজনক হারে বৃদ্ধি পাওয়াতে উৎকণ্ঠা বেড়েছে নিউইয়র্কের বাসিন্দাদের মধ্যে।

১০ দিনে নিহত ৬ আহত ৩

পুলিশ সূত্রে জানা যায়, চলতি বছর ২৫ টি গুলাগুলি ও বন্দুক হামলার ঘটনা ঘটেছে। যা আগের বছরের চেয়ে তুলনামূলক বেশি।

পুলিশ জানায়, শনিবার ২ নভেম্বর

বাকি অংশ ৫ পৃষ্ঠায়

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

TIME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
প্রাইভেট অকশনের বাড়ি
পাবলিক অকশনের বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828



MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO



প্রধান উপদেষ্টার সঙ্গে সংস্কার কমিশন প্রধানদের বৈঠক

প্রবাসীদের ভোটাধিকার নিশ্চিত করার পদক্ষেপ

বাংলা পত্রিকা ডেস্ক: রাষ্ট্র সংস্কার কার্যক্রম এগিয়ে নিতে গঠিত সংস্কার কমিশনের প্রধানদের সঙ্গে বৈঠক করেছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। বৈঠকে সংস্কার কমিশনের প্রধানরা কমিশনগুলোর কাজের অগ্রগতির বিষয়ে অবহিত করেন।

রাষ্ট্র সংস্কার কার্যক্রম এগিয়ে নিতে গঠিত সংস্কার কমিশনের প্রধানদের সঙ্গে বৈঠক করেছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। বৈঠকে সংস্কার কমিশনের প্রধানরা কমিশনগুলোর কাজের অগ্রগতির বিষয়ে অবহিত করেন। প্রধান উপদেষ্টার কার্যালয়ে অনুষ্ঠিত বৈঠকে নির্বাচন সংস্কার কমিশনপ্রধান বদিউল আলম মজুমদার জানান, প্রবাসীদের ভোটাধিকার নিশ্চিতে যথাযথ পদক্ষেপ নেয়া হচ্ছে। সেই সঙ্গে অনুপস্থিত ভোটারদের জন্য পোস্টাল ব্যালট নিয়ে কাজ চলছে। খবর বাসস।

বৈঠকে জনপ্রশাসন সংস্কার কমিশনের প্রধান আবদুল মুয়ীদ চৌধুরী জানিয়েছেন, জনপ্রশাসন সংস্কার কমিশনের কাজ পুরোদমে শুরু হয়েছে। ওয়েবসাইটের মাধ্যমে সবার মতামত সংগ্রহ শুরু হয়েছে। কমিশনের সদস্যরা জেলা ও উপজেলা পর্যায়ে সফর করে জনসাধারণের সঙ্গেও মতবিনিময় করেছেন। এছাড়া জনপ্রশাসনের বিভিন্ন ক্যাডার প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় শুরু হয়েছে, যা চলমান। জনপ্রশাসন সংস্কার কমিশন নির্ধারিত সময়ের মধ্যেই প্রতিবেদন পেশ করবে বলে জানান আবদুল মুয়ীদ চৌধুরী।

বৈঠকে পুলিশ সংস্কার কমিশনের কাজের অগ্রগতি সম্পর্কে প্রধান উপদেষ্টাকে অবহিত করেন কমিশনপ্রধান সফর রাজ হোসেন। তিনি জানান, পুলিশ সংস্কার কমিশন এরই মধ্যে ১০টি সভা করেছে। পাশাপাশি অংশীজনদের সঙ্গে আরো চারটি বৈঠক করেছে। জনসাধারণের মতামত চেয়ে একটি প্রশ্নমালা প্রস্তুত করা হয়েছে, যা এরই মধ্যে ওয়েবসাইটে দেয়া হয়েছে। কিছু আইন ও বিধি সংশোধনের প্রস্তাব এসেছে, যেগুলো যাচাই-বাছাই করে দেখা হচ্ছে। মব নিয়ন্ত্রণে বল প্রয়োগের পদ্ধতি পরিবর্তন করার প্রস্তাব নিয়েও কাজ চলছে। এছাড়া ফৌজদারি কার্যবিধি ১৮৯৮-এর কিছু ধারা পরীক্ষা করা হচ্ছে এবং তা পরিবর্তন করা হবে কিনা সেটিও যাচাই করে দেখা হচ্ছে।

বৈঠকে বিচার বিভাগ সংস্কার কমিশনপ্রধান বিচারপতি শাহ আবু নাঈম মমিনুর রহমান, দুর্নীতি দমন সংস্কার কমিশনপ্রধান ইফতেখারুজ্জামান ও সংবিধান সংস্কার কমিশন-প্রধান অধ্যাপক আলী রীয়াজও তাদের কাজের অগ্রগতি সম্পর্কে প্রধান উপদেষ্টাকে অবহিত করেন। তারা জানান, সংস্কার কমিশনের কাজ পুরোদমে শুরু হয়েছে।

ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানের পর গত ৮ আগস্ট অন্তর্বর্তী সরকারের প্রধান হিসেবে দায়িত্ব নেন অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। এরপর ১১ সেপ্টেম্বর জাতির উদ্দেশে দেয়া ভাষণে রাষ্ট্র সংস্কারের লক্ষ্যে ছয়টি সংস্কার কমিশন গঠনের ঘোষণা দেন তিনি। এরই ধারাবাহিকতায় ছয় বিশিষ্ট নাগরিককে কমিশনের প্রধান করে কমিশনগুলো গঠন করা হয়। গত মাসে এসব সংস্কার কমিশন আনুষ্ঠানিকভাবে তাদের কার্যক্রম শুরু করে।

সংবিধান সংশোধনে জনগণের মত নিতে হবে

ড. কামাল হোসেন



বাংলা পত্রিকা ডেস্ক: সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী ও সংবিধান প্রণয়ন কমিটির অন্যতম সদস্য ড. কামাল হোসেন বলেছেন, সংবিধান হলো জনগণের জন্য। জনগণই এটা হেফাজত করতে পারে। কোনো এক ব্যক্তি ভুল মনে করতে পারে। এক ব্যক্তি মনে করলেই সেটা ভুল না। পরিবর্তিত পরিস্থিতিতে নাগরিকদের যদি ঐকমত্য সৃষ্টি হয় তখন সেটা বলা যাবে সংশোধনী আনা দরকার। যেনতেনভাবে এটাতে হাত দেওয়া যায় না। কলমের খোঁচায় কেউ সেটি করতে পারবে না। জনগণের মতামত নিতে হবে। সংখ্যা গরিষ্ঠ মত পেলে তখন হাত দেওয়া যেতে পারে সংবিধানে।

সংবিধান দিবস উপলক্ষে সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতি মিলনায়তনে আয়োজিত আলোচনা সভায় এসব কথা বলেন ড. কামাল হোসেন। গণতান্ত্রিক আইনজীবী সমিতি এ আলোচনা সভার আয়োজন করে।

এতে আরও বক্তব্য দেন অধ্যাপক সৈয়দ আনোয়ার হোসেন, জ্যেষ্ঠ আইনজীবী সুব্রত চৌধুরী, ড. শাহদীন মালিক প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে ড. কামাল হোসেন বলেন, আমরা এমন একটি ঐকমত্য গড়ে তুলব। যাতে ভুল করলে সেটি তুলে ধরতে পারি। জনগণকে সতর্ক থাকতে হবে। যখনই মনে হবে ভুল হচ্ছে, সরকারকে বাধ্য করতে পারি ভুল শুধরানোর ব্যাপারে।

তিনি বলেন, জনগণকে সক্রিয়ভাবে পাহারাদারের ভূমিকায় থাকতে হবে। রাষ্ট্রকে কীভাবে পরিচালনা করা হচ্ছে, সংবিধানকে কীভাবে ব্যাখ্যা করা হচ্ছে। সঠিক ব্যাখ্যা না অপব্যাখ্যাসেসব বিষয়ে জনগণকে সতর্ক থাকতে হবে, সচেতন থাকতে হবে। সঠিকভাবে ব্যাখ্যা না হলে ধরিয়ে দিতে হবে। সংবিধানের ব্যাখ্যা সুপ্রিম কোর্ট করে। কোর্টও ভুল করতে পারে।

তিনি আরও বলেন, দেশের মালিক হচ্ছে জনগণ। জনগণ যদি বুঝে ফেলে এটা ভুল হচ্ছে, যদি বৃহত্তর ঐকমত্য সৃষ্টি হয়, তাহলে ভুল হলে সেটি সঠিক করা যায়। সতর্ক জনগোষ্ঠীই হলো মূল শক্তি। জনগণ সতর্ক থাকলে সংবিধানকে সঠিকভাবে ব্যাখ্যা করা

বাকি অংশ ২৮ পৃষ্ঠায়

যুক্তরাষ্ট্র বাংলাদেশ অর্থনৈতিক সম্পর্ক বহুমাত্রায় বড় হয়েছে

দ্বিপক্ষীয় সম্পর্কে বড় ধরনের টানাপড়েন

বাংলা পত্রিকা ডেস্ক: বাংলাদেশ থেকে একক দেশ হিসেবে রফতানীকৃত পণ্যের শীর্ষ গন্তব্য যুক্তরাষ্ট্র। দেশে প্রত্যক্ষ বিদেশী বিনিয়োগও (এফডিআই) সবচেয়ে বেশি এসেছে বিশ্বের সবচেয়ে বড় অর্থনীতির দেশটি থেকে। সাম্প্রতিক বছরগুলোয় মানবাধিকার ইস্যুতে বাংলাদেশ-যুক্তরাষ্ট্র দ্বিপক্ষীয় সম্পর্কে বড় ধরনের টানাপড়েন দেখা দেয়। বিশেষ করে চলতি বছরের ৭ জানুয়ারির নির্বাচনকে কেন্দ্র করে দ্বিপক্ষীয় সম্পর্কে অস্বস্তি বেড়ে যায়। তবে এসব টানাপড়েনের মধ্যেও বিগত বছরগুলোয় যুক্তরাষ্ট্র-বাংলাদেশ অর্থনৈতিক সম্পর্ক নানা ক্ষেত্রে বড় হয়েছে। এফডিআইর উৎস ও রফতানি গন্তব্য হিসেবে শীর্ষস্থান ধরে রাখার পাশাপাশি সাম্প্রতিক সময়ে রেমিট্যান্সেরও অন্যতম প্রধান উৎস হয়ে উঠেছে দেশটি।

৫ নভেম্বর দেশটির প্রেসিডেন্ট নির্বাচনে ভোট গ্রহণ অনুষ্ঠিত হতে যাচ্ছে। দেশটির সঙ্গে বাংলাদেশের অর্থনৈতিক-বাণিজ্যিক সম্পর্কে এ নির্বাচনের ফলাফলের প্রভাব খুব একটা বড় হবে না বলে মনে করছেন দ্বিপক্ষীয় সম্পর্ক ও বাণিজ্যের বিশ্লেষকরা।

সাম্প্রতিক বছরগুলোয় কিছু টানাপড়েন দেখা দিলেও অতীতে বরাবরই বাংলাদেশের সঙ্গে উষ্ণ সম্পর্ক বজায় রেখেছে যুক্তরাষ্ট্র। স্বাধীনতা যুদ্ধোত্তর বাংলাদেশ পুনর্গঠনে শীর্ষ সহায়তাকারী দেশগুলোর অন্যতম ছিল যুক্তরাষ্ট্র। দেশে গ্রামীণ এলাকায় বিদ্যুতায়ন শুরু হয়েছিল মার্কিন সংস্থা ন্যাশনাল রুরাল ইলেকট্রিফিকেশন কো-অপারেটিভ অ্যাসোসিয়েশনের (এনআরইসিএ) সহযোগিতায়। সংস্থাটির ১৯৭৬ সালে পরিচালিত এক সমীক্ষার প্রতিবেদন ও সুপারিশের ভিত্তিতে স্থাপন করা হয় বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বিআরইবি), যা গ্রামীণ এলাকায় বিদ্যুতায়নের এক সফল মডেলের দৃষ্টান্ত হয়ে আছে। এছাড়া দেশের জ্বালানি খাতেও বড় অবদান রয়েছে যুক্তরাষ্ট্রের। জাতীয় গ্রিডে স্থানীয়ভাবে সরবরাহকৃত গ্যাসের প্রায় ৩৪ শতাংশই আসছে মার্কিন কোম্পানি শেভরন পরিচালিত বিবিয়ানা গ্যাস ক্ষেত্র থেকে। মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, দেশটির সঙ্গে বাংলাদেশের দ্বিপক্ষীয় বাণিজ্য চুক্তি কার্যকর হয় ১৯৮৯ সালে। এ চুক্তি সম্পাদনের পর দেশে মার্কিন বিনিয়োগ বাড়তে থাকে। একই সঙ্গে বাংলাদেশে স্থানীয় কোম্পানিগুলোর সমান সুযোগ-সুবিধা পেতে থাকে মার্কিন কোম্পানিগুলো। দেশটি হয়ে ওঠে বাংলাদেশে এফডিআইয়ের প্রধানতম উৎস ও শীর্ষ রফতানি গন্তব্য।

কিন্তু এ অর্থনৈতিক সম্পর্কের গতিপ্রকৃতি নিয়ে বড় ধরনের আশঙ্কা তৈরি হয় ২০২১ সালের শেষ দিকে। ২০২১ সালের ডিসেম্বরে দেশের একটি আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও এর কয়েক কর্মকর্তার ওপর বিধিনিষেধ আরোপ করে মার্কিন ট্রেজারি বিভাগ। দুই দেশের সম্পর্কে দেখা দেয় টানাপড়েন, যা চলতি বছরের ৭ জানুয়ারির জাতীয় সংসদ নির্বাচনকে ঘিরে আরো তীব্রতা পায়। এর মধ্যেই আবার বাংলাদেশে নির্বাচন ও গণতান্ত্রিক প্রক্রিয়াকে ব্যাহত করার অভিযোগ তুলে ২০২৩ সালে আরো কয়েক ব্যক্তিকে মার্কিন ভিসা নীতির আওতায় আনার ঘোষণা দেয়া হয়। সর্বশেষ সাবেক এক সেনাপ্রধান ও তার পরিবারের যুক্তরাষ্ট্রে প্রবেশে নিষেধাজ্ঞা আরোপ করা হলে বিগত শেখ হাসিনা প্রশাসনের সঙ্গে ওয়াশিংটনের সম্পর্কের অস্বস্তি বেড়ে যায়।



মাস	আমদানি	রফতানি
জানুয়ারি	৬১.১৫	২০.৩৭
ফেব্রুয়ারি	৭২.০২	১৭.৮৯
মার্চ	৬৫.৮২	১৯.৩৪
এপ্রিল	৬৩.৪৯	১৬.০৯
মে	৬৯.২৩	১৪.৪৩
জুন	৫৭.৪৮	১৮.৩৯
জুলাই	৭৮.৭০	১২.২০
আগস্ট	৬৯.৪৯	১৯.১২
মোট	৫৩৭.৮২	১৩৭.৮৫

সূত্র : ইউএস সেন্সাস ব্যুরো

এ অস্বস্তির মধ্যেও দেশের রফতানি গন্তব্য হিসেবে শীর্ষস্থান ধরে রাখে যুক্তরাষ্ট্র। বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী, এপ্রিল-জুন প্রান্তিকে বিশ্বের বিভিন্ন দেশে রফতানি হয়েছে ৯৮০ কোটি ১৭ লাখ ডলারের। এর মধ্যে যুক্তরাষ্ট্রে রফতানি হয়েছে ১৬৯ কোটি ৮ লাখ ডলারের, যা মোট রফতানির ১৭ শতাংশেরও বেশি। একক গন্তব্য দেশ হিসেবে এ সময়

বাকি অংশ ১৩ পৃষ্ঠায়

এই নভেম্বরে নির্বাচনে ভোট দেওয়ার সময়

আপনার ব্যালট
এর পেছন
পাতাটি দেখুন

জন্য গুরুত্বপূর্ণ প্রস্তাব
সরকারি সম্পত্তি পরিষ্কার করা,
জননিরাপত্তা আইন
এবং আরও থাকবে
অন্য দিকে!

আপনার ভোট মূল্যবান!

আপনার ব্যালট এর পেছন পাতাটি দেখতে ভুলবেন না!

NYC

The Weekly Bangla Patrika
Editor: Abu Taher
Tel: 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

যুক্তরাষ্ট্রের নির্বাচন

কমলা ও ট্রাম্পের রুদ্ধশ্বাস লড়াই

বিশ্বের একমাত্র পরাশক্তি এখন যুক্তরাষ্ট্র। এ দেশটি বিশ্বের এক নম্বর অর্থনৈতিক শক্তিও। বলা হয়ে থাকে দ্বিতীয় মহাযুদ্ধের পর থেকে তো বটেই, বড়মাপে স্নায়ুযুদ্ধের পর বিশ্বরাজনীতির নিয়ন্ত্রক শক্তি হিসেবে ভূমিকা পালন করছে যুক্তরাষ্ট্র। জাতিসংঘ, বিশ্বব্যাংক, আইএমএফ সবকিছু যুক্তরাষ্ট্রের ইচ্ছা-অনিচ্ছার অনুষঙ্গ এমন কথাও সুবিদিত। এহেন যুক্তরাষ্ট্রে মঙ্গলবার (৫ নভেম্বর) অনুষ্ঠিত হতে যাচ্ছে প্রেসিডেন্ট নির্বাচন। যে নির্বাচনে ক্ষমতাসীন ডেমোক্র্যাটিক পার্টির প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করছেন বর্তমান ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস। তাঁর শক্ত প্রতিদ্বন্দ্বী সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। যুক্তরাষ্ট্রের নির্বাচনে ডেমোক্র্যাটিক ও রিপাবলিকান প্রার্থীর মধ্যে রুদ্ধশ্বাস লড়াই হবে বলে আশা করা হচ্ছে। এ নির্বাচনে কে জিতবে তা ভোটের ফলাফল ঘোষণার আগ পর্যন্ত অনুমান করা কঠিন। ভিন্ন ধরনের এক নির্বাচনব্যবস্থার কারণে পপুলার ভোট অর্থাৎ মোট ভোটে অনেক বেশি এগিয়ে থেকেও জয়ের বদলে হার হতে পারে প্রতিদ্বন্দ্বী যেকোনো প্রার্থীর। কারণ যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনের ভাগ্য নির্ধারণ হয় ইলেকটোরাল কলেজ ভোটের মারপ্যাঁচে। ৫০টি রাষ্ট্র বা রাজ্য নিয়ে গঠিত যুক্তরাষ্ট্র নামের দেশটি। প্রতিটি রাজ্যের রয়েছে আলাদা আইন। যার একটির সঙ্গে আরেকটির মিল নেই। প্রেসিডেন্ট নির্বাচনের ভাগ্য নির্ধারণ করে ৫৩৮টি ইলেকটোরাল কলেজ ভোট। কোনো প্রার্থীকে প্রেসিডেন্ট পদে বসতে হলে এর অর্ধেকের বেশি ২৭০টি ভোট পেতে হবে।

> “
> যুক্তরাষ্ট্রের নির্বাচনে ডেমোক্র্যাটিক ও রিপাবলিকান প্রার্থীর মধ্যে রুদ্ধশ্বাস লড়াই হবে বলে আশা করা হচ্ছে। এ নির্বাচনে কে জিতবে তা ভোটের ফলাফল ঘোষণার আগ পর্যন্ত অনুমান করা কঠিন। ভিন্ন ধরনের এক নির্বাচনব্যবস্থার কারণে পপুলার ভোট অর্থাৎ মোট ভোটে অনেক বেশি এগিয়ে থেকেও জয়ের বদলে হার হতে পারে প্রতিদ্বন্দ্বী যেকোনো প্রার্থীর। কারণ যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনের ভাগ্য নির্ধারণ হয় ইলেকটোরাল কলেজ ভোটের মারপ্যাঁচে। ৫০টি রাষ্ট্র বা রাজ্য নিয়ে গঠিত যুক্তরাষ্ট্র নামের দেশটি। প্রতিটি রাজ্যের রয়েছে আলাদা আইন। যার একটির সঙ্গে আরেকটির মিল নেই।

যুক্তরাষ্ট্রে কোনো প্রার্থী একটি রাজ্যে পপুলার ভোট একটি বেশি পেলেই সেই রাজ্যের জন্য বরাদ্দ সব ইলেকটোরাল ভোট তার পক্ষে যায়। ফলে কোনো প্রার্থী ২৫টি রাজ্যে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর বিরুদ্ধে দ্বিগুণ ভোটে জিতেও বাদবাকি ২৫টি রাজ্যে সামান্য ভোটে হেরে ক্ষমতা থেকে দূরে যেতে পারেন ইলেকটোরাল কলেজ পদ্ধতির মারপ্যাঁচে। ভারতীয় বংশোদ্ভূত কমলা হ্যারিস অশ্বেতাঙ্গ ভোট প্রভাবিত করতে পারলে তার জয় অনিবার্য হয়ে উঠবে। অন্যদিকে অশ্বেতাঙ্গ ভোটে ভাঙন ধরলে নির্বাচনে জিতে আসবেন ডোনাল্ড ট্রাম্প। তবে আসলে কী ঘটছে তা দেখার জন্য আরও এক দিন অপেক্ষা করতে হবে বিশ্ববাসীকে।

বাংলাদেশের সঙ্গে সম্পর্কোন্নয়নে ভারতের দৃষ্টিভঙ্গি বদলাতে হবে



ব্রি. জে. (অব.) রোকন উদ্দিন

ছাত্র-জনতার অভ্যুত্থানের মুখে শেখ হাসিনা দেশ থেকে পালিয়ে ভারতে আশ্রয় নিয়েছেন। ধারণা করা হচ্ছিল, তিনি ভারতে সাময়িক সময় কাটাবেন। কিন্তু বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত প্রতিবেদন অনুযায়ী, যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র এবং সংযুক্ত আরব আমিরাতের কাছে তার আশ্রয় প্রার্থনা করার চেষ্টা ব্যর্থ হয়েছে। অন্যদিকে ভারতের জন্য, বাংলাদেশ শুধুমাত্র একটি প্রতিবেশী দেশ নয়, তার চেয়ে আরো বেশি। বিশেষ করে, ভারতের উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলোর সীমান্ত নিরাপত্তার জন্য বাংলাদেশ অতি গুরুত্বপূর্ণ। দুই দেশের ৪ হাজার ৯৬ কিলোমিটার দীর্ঘ সীমানা থাকার কারণে, ভারতের উত্তর-পূর্ব রাজ্যগুলির সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠিগুলি সহজেই বাংলাদেশে আশ্রয় নিতে পারে।



২০০৯ সালে হাসিনার আওয়ামী লীগ ক্ষমতায় আসার পর কিছু জাতিগত বিদ্রোহী গোষ্ঠির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হয়। হাসিনা ভারতের সাথে বেশ কিছু সীমান্ত বিরোধও সমঝোতার মাধ্যমে সমাধান করেছেন। সীমান্ত নিরাপত্তা সম্পর্কের মূল ভিত্তি হলেও, অর্থনৈতিক দিকও গুরুত্বপূর্ণ। হাসিনার সাড়ে ১৫ বছরের শাসনে দুই দেশের মধ্যে বাণিজ্য এবং যোগাযোগের সম্পর্ক বেড়েছে। ভারত বাংলাদেশের মাধ্যমে উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলিতে পণ্য পরিবহন করতে সুবিধা পেয়েছে। কিন্তু হাসিনা দেশ ও দেশের মানুষের স্বার্থের জন্য কাজ করতে ব্যর্থ হয়েছেন এবং ভারতের স্বার্থকে প্রাধান্য দিয়েছেন বেশি। তার অন্ধ ভারতপ্রীতি ও তার স্বৈরাচারী আচরণ দেশের মানুষকে অসন্তুষ্ট ও বিক্ষুব্ধ করেছে।

সন্দেহ নেই, হাসিনার আকস্মিক বিদায় ভারতের জন্য একটি বড় চ্যালেঞ্জ তৈরি করেছে। দিল্লিকে নতুন অন্তর্বর্তী সরকারের সঙ্গে সম্পর্ক বজায় রাখতে কঠোর পরিশ্রম করতে হবে। ভারতের সাবেক হাই কমিশনার পিনাক রঞ্জন চক্রবর্তীর মতে, আঞ্চলিক স্থিতিশীলতার জন্য ভারতের নতুন সরকারের সঙ্গে কাজ করা অপরিহার্য এবং অভ্যন্তরীণ বিষয়ে কিছু বলার অধিকার নেই।

হাসিনার পতনের সঙ্গে সঙ্গে ভারতের ‘পড়শি প্রথম’ নীতি একটি বড় ধাক্কা খেয়েছে। বাংলাদেশ মালদ্বীপ এবং নেপালের সাথে যুক্ত হয়েছে, যারা ভারতের আধিপত্যের বিরোধিতা করছে। বিশেষ করে, চীন দক্ষিণ এশিয়ায় প্রভাব বাড়ানোর চেষ্টা করছে, যা ভারতের কৌশলগত অবস্থানকে চ্যালেঞ্জ করতে পারে। চীন মালদ্বীপের নির্বাচনে বিজয়ী মোহাম্মেদ মুইজ্জুকে উষ্ণ অভ্যর্থনা জানিয়েছে, যা বাংলাদেশের ক্ষেত্রেও ঘটতে পারে। বাংলাদেশের জনগণ দীর্ঘদিনের পুঞ্জীভূত ক্ষোভের কারণে চরমভাবে ভারত বিদ্বেষী হয়ে উঠে। কারণ, বাংলাদেশের জনগণের সাথে ভারতের সুসম্পর্ক বা বন্ধুত্ব ছিলো না, ছিলো কেবল হাসিনার সাথে। তার নিজের স্বার্থে ভারত সকল চুক্তি অন্যায় ও অন্যায্যতার ভিত্তিতে বাস্তবায়নের চেষ্টা করে গেছে। বাংলাদেশ ও তার জনগণের সাথে দাসের মতো ব্যবহার করার প্রয়াস পেয়েছে, যা বাংলাদেশের জনগণ মোটেও বরদাস্ত করতে পারেনি। বাংলাদেশের জনগণ স্বাধীন স্বত্ত্বা নিয়ে সার্বভৌমত্ব রক্ষা করে থাকতে চায়। ভারতের দাদাগিরি তারা কোনো অবস্থাতেই মেনে নেবে না।

বাংলাদেশ-ভারত সম্পর্কের আরেকটি জটিল বিষয় হলো ৫৪টি নদী, যা দুই দেশের উপর দিয়েই বয়ে গেছে। এসব যৌথ নদীর পানি ব্যবস্থাপনায় বিদ্যমান বিরোধের কারণে ভুল বোঝাবুঝি বাড়তে পারে। সম্প্রতি ভারতের ত্রিপুরা রাজ্যে ভারী বৃষ্টির পর গোমতি নদীতে অতিরিক্ত পানি প্রবাহিত হয়, যা বাংলাদেশে বন্যার সৃষ্টি করে। ভারতের পক্ষ থেকে এই অভিযোগ অস্বীকার করা হয়েছে, তবে এই ধরনের ভুল বোঝাবুঝি সম্পর্কের উপর প্রভাব ফেলে। দীর্ঘদিনের অমীমাংসিত পানি ভাগাভাগির সমস্যা প্রকট আকার ধারণ করেছে। তাছাড়া, এসব ক্ষেত্রে ভারত বারবার চুক্তি ভঙ্গ করে ও প্রতিজ্ঞা রক্ষা করে না।

এদিকে বাংলাদেশের চীনের প্রতি আগ্রহ বাড়ছে, যা ভারতের সাথে আঞ্চলিক আধিপত্যের লড়াইকে আরও কঠিন করে তুলছে। ভারতের আশা, বাংলাদেশের ভারতীয় পণ্যের ওপর নির্ভরতা তার কূটনৈতিক কৌশল পরিবর্তন এবং চিত্র পুনর্গঠন করতে কিছু সময় দেবে। তবে ভারতকে হাসিনার উপস্থিতি সংক্রান্ত ব্যাপারে সাবধান থাকতে হবে। বিশেষ করে, যদি এ দেশের সরকার তাকে পাঠানোর আনুষ্ঠানিক অনুরোধ করে তবে তাকে সংকটে পড়তে হতে পারে। কারণ, হাসিনা যদি ভারতে অবস্থান করে অথবা বাংলাদেশ তাকে ফেরত পেতে চায় তখন বন্দি বিনিময় চুক্তি অনুযায়ী তাকে ফেরত দিতে হবে। প্রকৃতপক্ষে তখন ভারতের জন্য এক জটিল সমস্যা বা দোটানার সৃষ্টি হবে।

ভারতের জন্য বাংলাদেশ সম্পর্ক নতুন কূটনৈতিক প্রেক্ষাপটে মূল্যায়নের সময় এসে গেছে। উভয় দেশ সুষ্ঠু সম্পর্ক গড়ে তোলার মাধ্যমে আঞ্চলিক নিরাপত্তা ও অর্থনৈতিক অগ্রগতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। সম্পর্ক উন্নয়নের জন্য ভারতের কিছু কৌশলগত বিষয় বিবেচনা করা উচিত।

অন্তর্দেশীয় হস্তক্ষেপ বন্ধ করা: ভারতকে বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয়গুলোতে হস্তক্ষেপ বন্ধ করতে হবে। বিশেষ করে রাজনৈতিক, নিরাপত্তা, কৌশলগত ও অর্থনৈতিক ক্ষেত্রে। বাংলাদেশ একটি স্বাধীন-সার্বভৌম দেশ এবং তাকে সেইভাবে সম্মান করা দরকার। ভারতের জন্য প্রয়োজন হলো, তারা পূর্বের চিন্তা-ভাবনা থেকে বেরিয়ে এসে বাংলাদেশের প্রতি তাদের দৃষ্টিভঙ্গি বদলানো। ঐতিহাসিকভাবে বাংলাদেশ-ভারত সম্পর্কের ভিত্তি গড়ে উঠেছিল পারস্পরিক সহযোগিতার ওপর, বাংলাদেশে হস্তক্ষেপ করে সেই সম্পর্ক ক্ষুণ্ন করা উচিত নয়। এভাবে স্বাধীনতার প্রতি সম্মান প্রদর্শনই ভারতের স্বার্থে এবং আঞ্চলিক স্থিতিশীলতার জন্য অপরিহার্য।

উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিশন গঠন: বাংলাদেশ ও ভারতের মধ্যে একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন যৌথ মন্ত্রিসভা কমিশন গঠন করা উচিত, যা দ্বিপাক্ষিক সম্পর্কের বিভিন্ন দিক পর্যালোচনা করবে এবং উন্নতির জন্য প্রয়োজনীয় পদক্ষেপের সুপারিশ করবে। এই কমিশন অর্থনৈতিক, রাজনৈতিক, কৌশলগত এবং সামাজিক বিষয়ে যৌথ আলোচনার একটি প্ল্যাটফর্ম হতে পারে। এটি উভয় দেশের সম্পর্ক স্থিতিশীল রাখতে, সমস্যা সমাধানে দীর্ঘমেয়াদী সমাধান তৈরি করতে এবং পারস্পরিক সহযোগিতার সুযোগ সৃষ্টিতে ভূমিকা রাখতে পারে। নিয়মিত বৈঠকের মাধ্যমে এই কমিশন একটি দীর্ঘস্থায়ী কৌশলগত সম্পর্ক তৈরি করতে সহায়ক হবে।

চুক্তির পুনর্মূল্যায়ন: ১৯৭১ এর স্বাধীনতার পর থেকে বাংলাদেশ ও ভারতের মধ্যে স্বাক্ষরিত সকল চুক্তি ও সমঝোতা স্মারক পুনর্মূল্যায়ন করা দরকার। ভারতের জন্য প্রয়োজন, নতুনভাবে সমতা ও ন্যায্যতার ভিত্তিতে চুক্তিগুলি পর্যালোচনা করা, যেনো উভয় দেশের স্বার্থের সুরক্ষা নিশ্চিত হয়। কিছু চুক্তি সময়ের সঙ্গে বৈধতা হারিয়েছে এবং সেগুলোর হালনাগাদ প্রয়োজন। পানিবণ্টন, বাণিজ্য, সীমান্ত নিয়ন্ত্রণসহ বিভিন্ন বিষয়ে সমঝোতা স্মারক ও চুক্তি এখন সময়োপযোগী করার সময় এসেছে। এটি বাংলাদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার পাশাপাশি ভারতের প্রতি বন্ধুত্বের মনোভাবকে জোরদার করবে।

মিথ্যা তথ্যের বিরুদ্ধে পদক্ষেপ: বাংলাদেশ এবং ভারতের মধ্যে পারস্পরিক বিশ্বাস তৈরির পথে অনেক সময় মিডিয়া প্রতিবন্ধকতা সৃষ্টি করে। উভয় দেশের মিডিয়াকে মিথ্যা তথ্য ছড়ানোর ব্যাপারে সতর্ক থাকা উচিত। বিশেষ করে, সংবেদনশীল ধর্মীয় ইস্যুতে। জাতীয় স্বার্থকে অক্ষুণ্ন রাখতে এবং দুই দেশের জনগণের মাঝে বিভ্রান্তি দূর করতে মিথ্যা বা বানোয়াট খবর ছড়ানো থেকে বিরত থাকা জরুরি। এজন্য একটি যৌথ মনিটরিং ব্যবস্থা প্রণয়ন করে মিথ্যা খবর প্রচারকারী সংবাদ মাধ্যম বা সংস্থাকে আইনের আওতায় আনার ব্যবস্থা থাকতে পারে। মিথ্যা খবরের ফলে অনেক সময় সাম্প্রদায়িক সহিংসতা এবং সামাজিক বিভ্রান্তির সৃষ্টি হয়, যা শুধু উভয় দেশের জন্যই ক্ষতিকর নয়, বরং আঞ্চলিক শান্তি বিঘ্নিত করে।

দু'দেশের মধ্যে সম্পর্ক উন্নয়ন: উভয় দেশের উচিত পারস্পরিক সম্মান ও সহযোগিতার ভিত্তিতে সম্পর্ক গড়ে তোলা। ভালো বন্ধু না হলেও অন্তত ভালো প্রতিবেশী হিসেবে সহাবস্থান করার প্রয়াস গ্রহণ করা দরকার। সম্পর্ককে কেবল রাজনৈতিক দৃষ্টিকোণ থেকে না দেখে আঞ্চলিক এবং আন্তর্জাতিক কৌশলগত পরিসরে দেখতে হবে।

নেতিবাচক ধারণা দূরীকরণ: উভয় দেশের নাগরিকদের মধ্যে বিদ্যমান নেতিবাচক ধারণাগুলি দূর করতে বিভিন্ন ইতিবাচক প্রচারণার মাধ্যমে উদ্যোগ গ্রহণ করা দরকার। সংস্কৃতি বিনিময়, শিক্ষা আদান-প্রদান এবং ঐতিহাসিক বন্ধন ও সমঝোতা আলোচনার মাধ্যমে এই ধারণাগুলি দূর করা সম্ভব। নেতিবাচক ধারণা অনেক সময় ঐতিহাসিক ঘটনার ভিত্তিতে তৈরি হয় এবং নতুন প্রজন্মের জন্য এই ধারণাগুলি বদলানো অপরিহার্য। ভারতের মিডিয়া ও সমাজের বিভিন্ন স্তরে বাংলাদেশের প্রতি একটি সম্মানজনক দৃষ্টিভঙ্গি গড়ে তোলা প্রয়োজন এবং একইভাবে বাংলাদেশেও ভারতের প্রতি ইতিবাচক মনোভাব সৃষ্টিতে প্রচারণা চালানো উচিত।

অসাধু কার্যকলাপ বন্ধ করা: ভারতের উচিত বাংলাদেশের জনগণের পক্ষে থাকা এবং পতিত হাসিনা প্রশাসনের প্রতি অতিরিক্ত সমর্থন বন্ধ করা। বাংলাদেশের শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখতে ভারতের উচিত হাসিনা এবং তার সহযোগীদের দেশের অভ্যন্তরীণ বিশৃঙ্খলা সৃষ্টি থেকে বিরত রাখা। সরকারের পরিবর্তনকে কেন্দ্র করে বিদ্যমান রাজনৈতিক সমীকরণ ও ভারসাম্য পরিবর্তন হওয়া উচিত, যাতে উভয় দেশই তাদের অভ্যন্তরীণ বিষয়ে স্বাধীনতা বজায় রাখতে পারে। আঞ্চলিক শান্তি বজায় রাখতে এবং দুই দেশের সম্পর্ক উন্নয়নের জন্য ভারতের উচিত এই ধরনের সকল সহযোগিতা ও প্রশ্রয় বন্ধ করা।

পরিবর্তিত পরিস্থিতিতে বাংলাদেশ-ভারত সম্পর্ক একটি নতুন অধ্যায়ে প্রবেশ করছে, যেখানে উভয় দেশই পারস্পরিক স্বার্থের জন্য কূটনৈতিকভাবে আরও দৃঢ় অবস্থান নিতে পারবে। ভারত যদি বাংলাদেশকে একটি স্বাধীন ও সার্বভৌম দেশ হিসেবে সম্মান করে, তাহলে এই সম্পর্ককে আরও দৃঢ় ও স্থিতিশীল করে তোলা সম্ভব।

লেখক: নিরাপত্তা বিশ্লেষক।

সফলতার ২৮ বছরে বাংলা পত্রিকা
যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে প্রকাশিত ও বহুল প্রচারিত প্রবাসী বাঙালি কমিউনিটির মুখপাত্র সাপ্তাহিক বাংলা পত্রিকা পড়ুন, লেখুন ও আপনার ব্যবসার প্রসারে বিজ্ঞাপন দিন
এ ছাড়াও দেশ ও প্রবাসে সর্বশেষ বস্তুনিষ্ঠ সংবাদ পেতে চোখ রাখুন আমাদের অনলাইন এবং ফেসবুক পেইজে
www.banglapatrikausa.com
Gmail banglapatrikausa@gmail.com

বিশ্বব্যবস্থা নির্ধারণের ভোট আগামীকাল

(প্রথম পৃষ্ঠার পর)

'বিশ্ববাদ নয়, আমেরিকাবাদ' বিশ্বাস নিয়ে আবারো 'মেইক আমেরিকা গ্রেট এগেইন' নিয়ে পথ চলবেন রিপাবলিকান প্রার্থী ডোনাল্ড ট্রাম্প। যুক্তরাষ্ট্রের অর্থনৈতিক ও সামরিক শক্তি এবং অনেক জোটে দেশটির প্রধান ভূমিকার কারণে তারা এখনো বিশ্বমঞ্চে গুরুত্বপূর্ণ। এর ফলে দেশে দেশে গণতন্ত্রের সংকট বাড়বে না কমবে তাও নির্ধারিত হতে পারে যুক্তরাষ্ট্রের নির্বাচনের মাধ্যমে। বিশ্লেষকরা বলছেন, ডেমোক্র্যাট দলীয় প্রার্থী কমলা হ্যারিস জয়লাভ করলে আন্তর্জাতিক রাজনীতি ও কূটনীতিসহ অর্থনৈতিক ক্ষেত্রে হোয়াইট হাউজের বর্তমানে অনুসৃত নীতি ও দৃষ্টিভঙ্গির খুব একটা পরিবর্তন না-ও হতে পারে। তিনি যার রানিংমেট এবং যার শারীরিক অসমর্থতার দরুন আকস্মিক-ভাবেই তিনি প্রেসিডেন্ট প্রার্থী হিসেবে ডেমোক্র্যাটদের সমর্থন পেয়েছেন, সেই জো বাইডেনের নীতির ধারাবাহিকতাই অক্ষুণ্ন রাখবেন কমলা হ্যারিস। তবে পরিস্থিতির আমূল পরিবর্তন হতে পারে, যদি তার বদলে এবার প্রেসিডেন্ট নির্বাচিত হন সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

ভোটগ্রহণ

বেশিরভাগ ভোটার কাল মঙ্গলবার ভোটকেন্দ্রে গিয়েই ভোটাধিকার প্রয়োগ করবেন এবং এরপরে ব্যালট গণনা করা হবে। তবে পোস্টাল ভোটিং সিস্টেম ব্যবহার করে বা আগাম ভোটিংয়ের দিনগুলোতে অনেকে আগেই ভোট দিয়ে ফেলেছেন। ইতিমধ্যে সাত কোটির বেশি ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করেছেন।

ভোট গণনা শুরু হয় কখন?

প্রতিটি অঙ্গরাজ্য নিজদের নিয়ম অনুযায়ী ভোটগ্রহণ শেষ হওয়ার সময় নির্ধারণ করে থাকে। এরপর শুরু হয় ভোট গণনা। তবে সাধারণত স্থানীয় সময় সন্ধ্যা ৭টা থেকে ভোট গণনা শুরু হয়। যুক্তরাষ্ট্রজুড়ে সময়ের ব্যবধানের কারণে এমনও হতে দেখা যায়, পূর্বাঞ্চলীয় অঙ্গরাজ্যে ভোট গণনা শুরু হয়ে যায়, কিন্তু আলাস্কা ও হাওয়াইয়ের মতো অঙ্গরাজ্যের ভোটাররা তখনও ভোট দিতে থাকেন।

ফলাফল কখন পাওয়া যাবে?

নির্বাচনের সম্ভাব্য বিজয়ী কে, তা জানতে হয়তো কয়েকদিন ধরে অপেক্ষায় থাকতে হবে না। যদিও অনেক সময় মাসের পর মাস ফলাফল ঠিকমতো চূড়ান্ত হয় না। তবে চূড়ান্ত ভোট গণনা হওয়ার অনেক আগেই অঙ্গরাজ্য এবং সম্পূর্ণ নির্বাচনের ফলাফলে সাধারণত বলা সম্ভব হয় যে, কোন প্রার্থী প্রেসিডেন্ট হচ্ছেন। যেমন পেনসিলভেনিয়ার ফলাফল নিশ্চিত হয়ে যাওয়ায় ২০২০ সালের ৩ নভেম্বর ভোটগ্রহণের তিনদিন পরেই জো বাইডেনকে বিজয়ী বলা সম্ভব হয়েছিল। এ অঙ্গরাজ্য বাইডেনকে ২০টি ইলেকটোরাল কলেজ ভোট প্রদান করে। এর মধ্য দিয়ে জয়ের জন্য তার প্রয়োজনীয় ২৭০টি ইলেকটোরাল কলেজ ভোট নিশ্চিত হয়ে যায়। ২০১৬ সালে অবশ্য ভোটের পরদিন সকালেই ট্রাম্পকে বিজয়ী হিসেবে স্বীকার করে নেন হিলারি ক্লিনটন। জনমত সমীক্ষা বলছে, ট্রাম্পের সঙ্গে হাড্ডাহাড্ডি লড়াই হতে চলেছে কমলা হ্যারিসের। কিন্তু নির্বাচন বিশ্লেষকদের মতে, ইলেক্টোরাল কলেজের ভোটে এগিয়ে ট্রাম্পই।

হার জিতের নির্ধারক দোদুল্যমান রাজ্য

বেশিরভাগ অঙ্গরাজ্যই প্রতিটা নির্বাচনে ধারাবাহিকভাবে একই দলকে ভোট দিয়ে আসে। রিপাবলিকান দুর্গ বলে পরিচিত রাজ্যগুলো 'রেড স্টেট' এবং ডেমোক্র্যাট প্রধান রাজ্যগুলো 'ব্লু স্টেট' হিসেবে পরিচিত। এসব রাজ্য নিয়ে প্রার্থীদের চিন্তা করতে হয় না। কিন্তু হাতেগোণা কিছু অঙ্গরাজ্য আছে, যে রাজ্যগুলো-র ভোট যে কোনো শিবিরে যেতে পারে। এসব রাজ্যে হাড্ডাহাড্ডি লড়াই হয়। এজন্য এসব রাজ্যকে 'সুইং স্টেট (দোদুল্যমান রাজ্য) বা ব্যাটলগ্রাউন্ড স্টেট' বলা হয়। এগুলোই হল নির্বাচনের যুদ্ধক্ষেত্র। এসব রাজ্যে ভোট কোন পার্টির পক্ষে যাবে, তা নির্দিষ্ট করে বোঝা যায় না। তাই প্রার্থীদের কাছে এসব অঙ্গরাজ্য খুবই গুরুত্বপূর্ণ হয়ে দাঁড়ায়। এসব রাজ্য হচ্ছে-নেভাদা, অ্যারিজোনা, মিনেসোটা, পেনসি-লভেনিয়া, জর্জিয়া, নর্থ ক্যারোলিনা ও উইসক-নসিন।

ইলেক্টোরাল ভোট ও বিতর্ক

কংগ্রেসে ৫৩৫ জন সদস্য রয়েছেন এবং ওয়াশিংটন ডি সি-তে রয়েছেন তিনজন নির্বাচক। অর্থাৎ, আমেরিবান প্রেসিডেন্ট পদের জন্য মোট ৫৩৮টি ইলেক্টোরাল ভোট রয়েছে। নির্বাচনে জয়ী হওয়ার জন্য প্রয়োজন এর অধিকাংশ অন্তত ২৭০টি। আমেরিকান নাগরিকরা যখন প্রেসিডেন্ট নির্বাচনে ভোট দেন, তখন তারা আসলে সেই প্রার্থীর ইলেক্টরদের ভোট দেন। উদাহরণস্বরূপ, ক্যালিফোর্নিয়ায় সংখ্যাগরিষ্ঠ ভোটে কমলা হ্যারিস বিজয়ী হলে তিনি সে রাজ্যের ৫৪টি ইলেক্টোরাল ভোটই পাবেন। মেইন এবং নেব্রাস্কাতে অবশ্য পদ্ধতি ভিন্ন। এই দুই রাজ্যে জনগণের ভোটের হারের ওপর ভিত্তি করে ইলেক্টোরাল ভোটও প্রার্থীদের মধ্যে ভাগ করা হয়। এমন কোনো সাংবিধানিক আইন নেই যেখানে রাজ্যে সংখ্যাগরিষ্ঠ ভোট পাওয়া প্রার্থীকেই ভোট দিতে ইলেক্টোরাল ভোটাররা বাধ্য। তবে রাজ্যের ভোটারদের ইচ্ছার বিরুদ্ধে গিয়ে ইলেক্টোরাল কলেজের ভোট দেওয়া একেবারেই বিরল। ইলেক্টোরাল পদ্ধতিতে ভোট হওয়ার প্রধান অসুবিধা, অনেক সময়ে গোটা দেশের জনমত আর ইলেক্টর সংখ্যায় ফারাক থেকে যায়। যেমন হয়েছিল ২০১৬ সালে। সেবার জনগণের ভোটের নিরিখে হিলারি ক্লিনটন (২৭৭ ইলেক্টেরাল ভোট) বেশি ভোট পেয়েছিলেন। কিন্তু ইলেক্টেরাল ভোট বেশি পেয়ে জয়ী হন ট্রাম্প (৩০৪টি)।

কেউ সংখ্যাগরিষ্ঠতা না পেলে কী হবে?

প্রধান দুই প্রার্থীই ২৬৯টি করে ইলেক্টোরাল কলেজ ভোট পেয়েছেন, এমন ঘটনা ঘটলে কংগ্রেসের নিম্নকক্ষ প্রতিনিধি পরিষদকে বিজয়ী নির্ধারণের দায়িত্ব দেওয়া হয়। প্রতিটি রাজ্য প্রতিনিধি একটি ভোট পায় এবং জয়ের জন্য সংখ্যাগরিষ্ঠ (২৬) ভোট পপ্রয়োজন হয়। আমেরিকার নির্বাচনের ইতিহাসে অবশ্য কখনই ইলেক্টোরাল কলেজের ভোটে দুই প্রার্থীর সমান সমান ভোট পাওয়ার ঘটনা ঘটেনি।

বিজয়ী কখন ঘোষণা করা হয়?

কংগ্রেস ৬ জানুয়ারী ভোট গণনা করে এবং ২০ জানুয়ারী প্রেসিডেন্টের শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়। নির্বাচনের দিন ফলাফল আসার সময়ই সাধারণত বিজয়ী-কে, সেটা স্পষ্ট হয়ে যায়। ফলে ৬ জানুয়ারীর ঘোষণাতে সাধারণত আনুষ্ঠানিকতাতেই পর্যবসিত হয়। তবে ভোট গণনা করতে কিছুক্ষেত্রে বাড়তি সময়ও লাগতে পারে।

আমেরিকানরা আর কোন কোন ভোট দিচ্ছেন

প্রেসিডেন্ট নির্বাচন ছাড়াও আরো বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ নির্বাচন রয়েছে এ বছর। আগামীকাল সিনেট এবং প্রতিনিধি পরিষদের সদস্য নির্বাচনে ভোট হবে। সিনেটে ৩৩টি এবং হাউজে ৪৩৫টি, মোট ৪৬৮টি আসনে লড়াই হবে। অনেক রাজ্যে আরো নানা স্তরের নির্বাচনেও ভোট দিবেন। ভিন্ন ভিন্ন রাজ্যের ওপর নির্ভর করে ইস্যুও আলাদা হবে। নভেম্বর মাসে বেশ কয়েকটি রাজ্যের ব্যালটে সবচেয়ে বড় এবং রাজনৈতিকভাবে বিতর্কিত বিষয়গুলির একটি হিসাবে গর্ভপাতের অধিকারটিও থাকছে।

নির্বাচন ঘিরে আতংক

সাবেক প্রেসিডেন্ট বিল ক্লিনটন নির্বাচনের পর কী হবে তা নিয়ে আশংকা প্রকাশ করেছেন। দেশটির ৪২তম প্রেসিডেন্ট মনে করেন, কমলা হ্যারিস জিতবেন এবং দেশের অর্থনীতিও শক্তিশালী হবে। ইতিমধ্যেই জানা গেছে, ট্রাম্প হেরে গেলে তার সমর্থকরা ২০২০ সালের মতো দাঙ্গা বাধিয়ে দিতে পারে। সেই প্রস্তুতিও নিয়ে রেখেছেন ট্রাম্প সমর্থকরা। ট্রাম্পও বলেছেন, তিনি হেরে গেলে দেশে রক্তপাত হবে। ফলে নির্বাচন পরবর্তী ব্যবস্থা নিয়ে আতংক আমেরিকানদের মধ্যে ছড়িয়ে পড়ছে। -বিবিসি, সিএনএন, রয়টার্স ও দ্য টেলিগ্রাফ

সুইং স্টেটের শক্তি: কে হচ্ছেন

(প্রথম পৃষ্ঠার পর)

পৃথিবী। এই তিনটি রাজ্যের ভোটারদের মনোভাবই নির্ধারণ করতে পারে হোয়াইট হাউসের পরবর্তী বস, যার প্রভাব পড়বে গোটা বিশ্বে।

সুইং স্টেট কী এবং কেন গুরুত্বপূর্ণ?

সুইং স্টেটগুলোতে কোনো নির্দিষ্ট রাজনৈতিক দলের শক্ত অবস্থান থাকে না, যার ফলে এই রাজ্যগুলোর ভোটাররা একাধিক নির্বাচনে ভিন্ন ভিন্ন দলকে সমর্থন করেন। নির্বাচনের শেষ মুহূর্তে এই রাজ্যগুলোতে ভোটের দোলাচল সম্পূর্ণ ফলাফল নির্ধারণে বড় ভূমিকা রাখে। এই তিনটি রাজ্যের ভোটারদের ওপর নির্বাচনী প্রচারণার বিশাল বাজেট ও সময় ব্যয় হয়, কারণ এই রাজ্যগুলোতে জয় নিশ্চিত করতে পারলে প্রার্থীদের হোয়াইট হাউসের পথে অর্ধেক পথ পাড়ি দেওয়া হয়।

জর্জিয়া: পরিবর্তনের রাজ্য

রিপাবলিকানদের শক্তিশালী কেন্দ্র হিসেবে পরিচিত জর্জিয়া ২০২০ সালে প্রথমবার ডেমোক্র্যাটিক প্রার্থীর পক্ষে ভোট দেয়। শহুরে এলাকা এবং নতুন ভোটারদের ভূমিকা এখানে বড় পরিবর্তন এনেছে। প্রার্থীরা জর্জিয়ার এই পরিবর্তিত ভোটার মনোভাবকে নিজেদের পক্ষে টানতে চেষ্টা করছেন বলে দ্যা নিউইয়র্ক টাইমস'র খবরে জানা যায়।

মিশিগান: রুস্ট বেল্টের ভোটের শক্তি

মিশিগান ঐতিহ্যগতভাবে ডেমোক্র্যাটিক ঘাঁটি হিসেবে পরিচিত হলেও ২০১৬ সালে এটি রিপাবলিকানদের হাতে যায়। এখানে কর্মসংস্থান, শিল্পখাত ও অর্থনৈতিক ইস্যু প্রার্থীদের প্রতি ভোটারদের আস্থা নির্ধারণে প্রধান ভূমিকা পালন করে বলে ওয়াশিংটন পোস্টের খবরে জানা যায়।

পেনসিলভানিয়া : প্রতিদ্বন্দ্বিতার কেন্দ্রবিন্দু

পেনসিলভানিয়া রুস্ট বেল্ট অঞ্চলের অন্যতম রাজ্য, যেখানে গ্রামীণ ও শহুরে জনগোষ্ঠীর মধ্যে বিভাজন রয়েছে। এটি এমন একটি রাজ্য যেখানে মধ্যবয়সী শ্রমজীবী এবং তরুণ ভোটাররা ভিন্ন ভিন্ন দৃষ্টিভঙ্গি নিয়ে ভোট প্রদান করেন, যা নির্বাচনের ফলাফলে সরাসরি প্রভাব ফেলে বলে জানায় বিবিসি।

নির্বাচনে সুইং স্টেটগুলোর শক্তি : বিশেষ বিশ্লেষণ

এই তিনটি রাজ্য বাদে ফ্লোরিডা, উইসকনসিন ও নর্থ ক্যারোলিনার মতো রাজ্যও সুইং স্টেট হিসেবে বিবেচিত। তবে জর্জিয়া, মিশিগান ও পেনসিলভানিয়ার অনিশ্চিত ভোটাররা নির্বাচনের ফলাফলে বড় ভূমিকা রাখতে পারে। প্রার্থীরা এই রাজ্যগুলোর ভোটারদের চাহিদা অনুযায়ী বিভিন্ন প্রতিশ্রুতি দিয়ে প্রচারণা চালাচ্ছেন।

বাংলাদেশসহ বিশ্ব রাজনীতিতে সুইং স্টেটের প্রভাব

এই রাজ্যগুলোতে নির্বাচনের ফলাফল পূর্বানুমান করা কঠিন এবং রাজনৈতিক প্রতিদ্বন্দ্বিতা সমান থাকে। এই রাজ্যগুলোর ভোটারদের পরিবর্তনশীল মনোভাব মার্কিন প্রশাসনের বৈদেশিক নীতিতে গুরুত্বপূর্ণ প্রভাব ফেলতে পারে।

যদি একটি ডেমোক্র্যাটিক সরকার গঠিত হয়, তাহলে বাংলাদেশে মানবাধিকার এবং গণতান্ত্রিক প্রতিষ্ঠানের উন্নয়ন বেশি গুরুত্ব পাবে। অন্যদিকে, রিপাবলিকান সরকার হলে বাণিজ্যিক স্বার্থ এবং অর্থনৈতিক চুক্তির দিকে বেশি মনোযোগ দেওয়া হতে পারে। বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতি এবং রাজনৈতিক স্বাধীনতা সুইং স্টেটের নির্বাচনী ফলাফলের দ্বারা প্রভাবিত হতে পারে, যা আন্তর্জাতিক চাপ সৃষ্টি করতে পারে। অতএব, সুইং স্টেটের নির্বাচন কেবল আমেরিকান রাজনীতিতে নয়, বরং বাংলাদেশের আন্তর্জাতিক সম্পর্ক ও বাণিজ্যের ক্ষেত্রেও একটি গুরুত্বপূর্ণ দিক।

নির্বাচনের রাতে যুক্তরাষ্ট্রে

(প্রথম পৃষ্ঠার পর)

বিভ্রান্তিমূলক তথ্য ছড়ানোর শঙ্কা আছে।

ফলাফলে বিলম্বের সম্ভাবনা

২০২০ সালে মেইল-ইন ভোটের কারণে কিছু গুরুত্বপূর্ণ রাজ্যের ফলাফল পেতে সময় লেগেছিল, যা এবারও ঘটতে পারে। বিশেষ করে পেনসিলভানিয়া, মিশিগান ও উইসকনি-সনের মতো রাজ্যগুলোতে ব্যাপক মেইল-ইন ভোটের কারণে ভোট গণনা শেষ হতে অতিরিক্ত সময় লাগতে পারে বলে ধারণা করা হচ্ছে। ওয়াশিংটন পোস্টের এক প্রতিবেদনে বলা হয়, নির্বাচনী কর্মকর্তারা সময়মতো গণনা নিশ্চিত করতে অতিরিক্ত কর্মী নিয়োগ করেছেন।

সুইং স্টেটের অপ্রত্যাশিত পরিবর্তন

সুইং স্টেটগুলো অতীতে একাধিকবার নির্বাচনকে চমকপ্রদ মোড় দিয়েছে। ২০১৬ সালে রিপাবলিকান প্রার্থী ডোনাল্ড ট্রাম্পের জয় এবং ২০২০ সালে ডেমোক্র্যাট জো বাইডেনের জয় প্রমাণ করে, এই রাজ্যগুলোতে ভোটাররা সহজেই দল পরিবর্তন করতে পারেন। নিউইয়র্ক টাইমসের এক বিশ্লেষণে বলা হয়েছে, এবারও এ রাজ্যগুলোতে অপ্রত্যাশিত ফলাফল দেখা যেতে পারে।

আইনি চ্যালেঞ্জের আশঙ্কা

২০১৬ ও ২০২০ সালের নির্বাচনে ঘনিষ্ঠ ফলাফল আসায় আদালতের হস্তক্ষেপ প্রয়োজন হয়েছিল। যদি এবারের নির্বাচনে কোনো প্রার্থীর বিজয়ের ব্যবধান কম হয়, তবে ফলাফল নিয়ে আইনি চ্যালেঞ্জ দেখা দিতে পারে। বিশেষজ্ঞরা বলছেন, যদি সুইং স্টেটগুলোতে ভোটের ব্যবধান খুব কম হয়, তবে চূড়ান্ত ফলাফল পেতে বেশ সময় লাগতে পারে।

নিরাপত্তা ব্যবস্থা ও সহিংসতার শঙ্কা

নির্বাচনী রাতে বিক্ষোভ এবং সহিংসতার আশঙ্কায় দেশের বিভিন্ন নির্বাচনী কেন্দ্রের নিরাপত্তা বাড়ানো হয়েছে। ২০২০ সালের নির্বাচনের মতো এবারও নির্বাচনী কেন্দ্রে বিক্ষোভকারীদের উপস্থিতির শঙ্কা রয়েছে। বিবিসির রিপোর্টে উল্লেখ করা হয়েছে, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী নির্বাচনকেন্দ্রগুলোতে কঠোর নিরাপত্তা বজায় রাখার পরিকল্পনা করেছে।

সামাজিক যোগাযোগ মাধ্যমে বিভ্রান্তি

২০১৬ এবং ২০২০ সালে সামাজিক যোগাযোগ মাধ্যমে ভুয়া খবর ও বিভ্রান্তিকর তথ্য ছড়ানো হয়েছিল, যা নির্বাচনী পরিবেশকে প্রভাবিত করেছিল। এবারও ভোট গণনা ও ফলাফলের ওপর বিভ্রান্তিমূলক তথ্য ছড়ানোর সম্ভাবনা রয়েছে। রয়টার্স জানিয়েছে, সামাজিক মাধ্যম কোম্পানিগুলো এ ধরনের বিভ্রান্তি প্রতিরোধে বিশেষ সতর্কতা অবলম্বন করছে।

নির্বাচনের ফলাফলের গুরুত্ব

এবারের আমেরিকান নির্বাচন শুধু যুক্তরাষ্ট্রের জন্যই নয়, বরং গোটা বিশ্বের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। নির্বাচনী ফলাফল আমেরিকান বৈদেশিক নীতিতে প্রভাব ফেলবে, যা আন্তর্জাতিক সম্পর্কেও বড় ধরনের প্রভাব ফেলতে পারে।

২১ এপ্রিল বিচারের

(শেষ পৃষ্ঠার পর)

আদালত কক্ষ ত্যাগ করার সময় আদালতের বাইরে অপেক্ষমান সাংবাদিকদের এড়িয়ে গেলেও রাস্তা জুড়ে জড়ো হওয়া তার কয়েকজন সমর্থকের সাথে সংক্ষিপ্তভাবে কথা বলেন।

মামলায় অভিযোগগুলোর মধ্যে রয়েছে মেয়র এরিক অ্যাডামস ২০২১ সালে একটি তুর্কি কনস্যুলেট ভবনের অনুমোদন দ্রুত করার বিনিময়ে তুর্কি নাগরিকদের কাছ থেকে বিলাসবহুল ভ্রমণ সুবিধা এবং অবৈধ বিদেশী প্রচারাভিযানের অনুদান গ্রহণ করেছেন।

আদালতে মেয়র অ্যাডামসের প্রধান অ্যাটর্নি অ্যালেক্স স্পিরো বিচার কার্যটি এপ্রিলের প্রথম দিকে শেষ না হয় এবং প্রাইমারিতে পুনর্নির্বাচ-নের জন্য মেয়রের প্রচারে হস্তক্ষেপ না করে সে বিষয়ে আদালতের দৃষ্টি আকর্ষণ করেন। স্পিরো যুক্তি দেন যে মেয়র যত বেশি সময় অভিযোগের অধীনে থাকবেন, এটি তহবিল সংগ্রহ এবং প্রচারণা করতে সক্ষম হওয়া সহ পুনঃনির্বাচনের জন্য প্রতিদ্বন্দ্বিতা করার ক্ষমতাকে তত বেশি নেতিবাচকভাবে প্রভাবিত করবে।

আ. লীগ মাফিয়া লীগে

(প্রথম পৃষ্ঠার পর)

মাঠে ফিরে আসতে পারে। তবে, আপাতত এ ধরনের কোনো সম্ভাবনা দেখা যাচ্ছে না।

জাতির পিতা প্রশ্নে শারমিন আহমদ বলেন, জাতির পিতা বলার আগে অবশ্যই মুক্তিযুদ্ধে কার কী ভূমিকা ছিল, সেটা বিবেচনায় নিতে হবে। এটা জনগণই নির্ধারণ করবে। মুক্তিযুদ্ধের আসল ঘটনা জাতির সামনে খুলে দেয়া হলে জনগণই সেটা বিবেচনা করবে, কার কী ভূমিকা ছিল। জনগণ যদি দেখে মুক্তিযুদ্ধে শেখ মুজিবের গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল, তাহলে তারাই সেটা ঠিক করবে। আর জনগণ যদি জনগণ মনে করে, তার সেই ধরনের ভূমিকা ছিল না, তাহলে সেটা হবে না।

১৯৭৫ সালের ১৫ আগস্টের ঘটনার পর শারমিন আহমদের মা জোহরা তাজউদ্দীন আওয়ামী লীগের হাল ধরে বিলুপ্তির হাত থেকে দলটিকে রক্ষা করেন। এ ঘটনার প্রতি ইঙ্গিত করে শারমিন আহমদ বলেন, 'আমার মা (১৯৭৫ সালের ১৫ আগস্টের পর) দলের হাল ধরেছিলেন। কিন্তু পররবর্তী সময়ে সে দলটি হাইজ্যাক হয়ে গেল এবং একটি পরিবারের হাতে বন্দি হয়ে গেল। এবারের প্রেক্ষাপটটি কিন্তু আরো ভিন্ন। কারণ, গণঅভ্যুত্থানের সময় এবার এ দলটির হাতে এত এত তরুণের মৃত্যু, জনগণের মৃত্যু, মানুষের দেহে এখনো বুলেট। কাজেই আমরা কেন আওয়ামী লীগে যাব? এ আওয়ামী লীগতো একটি মাফিয়া লীগ। এমন আওয়ামী লীগ আমরা কেন করব, যাদের মধ্যে কোনো অনুশোচনা নেই?'

শারমিন আহমদ বলেন, আওয়ামী লীগের ভালো লোকগুলোকে একত্র করে, জনতার পাশে দাঁড়িয়ে মাফিয়া লীগের নেতৃত্বে যারা ছিল তাদের বহিষ্কারের দাবি জানাতে হবে। শেখ হাসিনা ও তার পরিবারের কারোরই আর দেশের রাজনীতিতে ফিরে আসার সম্ভাবনা নেই। আমি মনে করি, শেখ হাসিনা বা শেখ পরিবারের কারোরই আর রাজনীতিতে ফিরে আসার সম্ভাবনা নেই।

নিউইয়র্কে বন্দুক হামলা বৃদ্ধিতে উৎকণ্ঠা

(প্রথম পৃষ্ঠার পর)

সন্ধ্যায় ব্রুকলিনে একটি অ্যাপার্টম্যান্ট থেকে আযাম ডাওকিন্সকে (২৯) নামে এক যুবককে গলা এবং পেটে গুলিবিদ্ধ অবস্থায় উদ্ধার করে। নিউ লটে ২০৬০ পিটকিন অ্যাভিনিউপড অবস্থিত গ্রেস টাওয়ারস অ্যাপার্টমেন্ট ভবন থেকে তাঁকে উদ্ধার করে ব্রুকডেল হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানেই চিকিৎসারত অবস্থায় ডাওকিন্স মারা যান। এ ঘটনায় জড়িত সন্দেহভাজনকে শনাক্ত ও আটকে কাজ করছে পুলিশ।

সোমবার ২৮ অক্টোবর সন্ধ্যা ৭টার দিকে ব্রঙ্কসের লংউড রেভ জেমস এ এভিনিউয়েতে ১৮ বছরের এক কিশোরকে গুলি করে হত্যা করা হয়। জশুয়া স্প্যারো নামের ওই যুবকের মাথা গুলি করে দুর্বিত্তরা।

এর আগে গত ২৪ অক্টোবর বৃহস্পতিবার হারলেমে ১৬ বছর বয়সী ক্লারেন্স জোনসকে গুলি করে হত্যা করা হয়। এর পরের দিন শুক্রবার রাতে ব্রুকলিনে ১৫ বছরের এক কিশোরকে, শনিবার গ্রিন ফোর্ট হাউজিংয়ে ১৬ বছর এবং রোববার ক্রাউন হাউটসে ১৫ বছরের আরো ৩ কিশোরকে গুলি করে হত্যা করা হয়। এ প্রতিবেদন লেখা পর্যন্ত হত্যার ঘটনায় এখনো কাউকে গ্রেফতার করা হয়নি।

এ দিকে নিউ ইয়র্কে ব্রুকলিনে হ্যালোইনের দিনে গুলাগুলির ঘটনায় দুইজন ও শনিবার ব্রঙ্কসে আরেকটি গুলাগুলির ঘটনায় আরো একজন আহত হয়েছেন।

৭৫তম প্রিসেন্ট পুলিশ সূত্র অনুসারে, ব্রুকলিনে হ্যালোইনের দিনে প্রকাশ্যে গুলাগুলি ও সহিংস হামলার ঘটনা ঘটেছে। এতে দুই জন পুরুষ আহত হোন। খবর পেয়ে ৭৫তম প্রিসেন্ট এবং পুলিস সার্ভিস এলাকা ২ এর অফিসাররা ঘটনাস্থলে যান। আহতদের ব্রুকডেল ইউনিভা-র্সিটি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। তবে তারা আশঙ্কামুক্ত বলে জানায় পুলিশ। এ ঘটনায় হামলাকারী পরিকল্পিতভাবে এ ঘটনাটি ঘটান। পুলিশ ঘটনাস্থলে যাওয়ার আগেই দূর্বৃত্ত হামলাকারীরা পালিয়ে যায়।

এদিকে শনিবার ভোরে মেলরোসের কর্টল্যান্ড এভিনিউ এবং ইস্ট ১৫২তম স্ট্রীটের মোড়ে গুলাগুলির ঘটনা ঘটে। এতে একজন পুরুষ ডান পায়ে গুলিবদ্ধ হোন। আহত ব্যক্তি নিজস্বভাবে হাসপাতালে গিয়ে ভর্তি হোন। তার অবস্থা স্থিতিশীল। এ ঘটনায় জড়িতদের শনাক্ত ও আটক করতে কাজ করছে পুলিশ।

বাংলাদেশ সোসাইটির নির্বাচনে

(প্রথম পৃষ্ঠার পর)

কমিশনার জামাল আহমেদ জনির সাথে যোগাযোগ করা হলে তিনি নির্বাচনী ব্যয় প্রসঙ্গে বলেন, আমরা অতীতের অভিজ্ঞতার আলোকে এবছর চেষ্টা করেছি সম্ভব স্বল্প খরচের মধ্য দিয়ে নির্বাচন অনুষ্ঠান সম্পন্ন করা। তিনি জানান এবারের নির্বাচনী সকল ব্যয় হিসাব-নি-কাশ করা হয়নি তবে প্রাথমিক হিসেবে কমিশনের দুই লক্ষাধিক ডলার খরচ হতে পারে বলেই আমার ধারণা। তবে এই হিসাব একেবারেই প্রথমিক। তিনি জানান, নির্বাচনী ব্যয়ের মোটা অর্থ খবর হয়েছে ভোটের দিন।

প্রসঙ্গত জামাল আহমেদ জনি জানান, আগামী ৬ অক্টোবর বুধবার বিকেল ৫টায় সোসাইটি অফিসে নির্বাচন কমিশনের পক্ষ থেকে চুড়ান্ত ফলাফল প্রকাশ করা হবে। এসময় সোসাইটির কর্মকর্তা, প্রার্থী ও সাংবাদিকদের উপস্থিত থাকার অনুরোধ জানানো হবে।

অপরদিকে বিজয়ী 'সেলিম-আলী' প্যানে-লের নির্বাচনে প্রাথমিক হিসেবে ব্যয় হয়েছে চার লক্ষাধিক ডলার। এরমধ্যে ভোটার সদস্য/নবায়নে মোটা অর্থ ব্যয় হয়েছে। এর বাইরে নির্বাচনী প্রচার, সভা-সমাবেশ, পোষ্টার, অ্যাপায়ন এবং ভোটের দিন অন্যান্য জরুরী বিষয়ে অর্থ ব্যয় হয়েছে। এই প্যানেলের ব্যয়ের মোটা অর্থ এসেছে, সভাপতি আতাউর রহমান সেলিম, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী এবং নির্বাচন পরিচারণা কমিটির আহ্বায়ক, বিশিষ্ট ব্যবসায়ী ও সাপ্তাহিক আজকাল সম্পাদক লায়ণ শাহ নেওয়াজের ডোনেশন থেকে। এর বাইরে প্রার্থী, শুভাকাঙ্খী ও অন্যান্য মহল থেকেও অর্থের যোগান এসেছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

বিজিত 'রুহুল-জাহিদ' প্যানেলের নির্বাচনী প্রাথমিক ব্যয় হচ্ছে তিন লক্ষাধিক ডলার। এরমধ্যে ভোটার সদস্য/নবায়নে মোটা অর্থ ব্যয় হয়েছে। এর বাইরে নির্বাচনী প্রচার, সভা-সমাবেশ, পোষ্টার, অ্যাপায়ন এবং ভোটের দিন অন্যান্য জরুরী বিষয়ে অর্থ ব্যয় হয়েছে। এই প্যানেলের ব্যয়ের মোটা অর্থ এসেছে, সভাপতি পদপ্রার্থী রুহুল আমীন সিদ্দিকী ও সাধারণ সম্পাদক পদপ্রার্থী জাহিদ মিন্টুর ডোনেশন থেকে। এর বাইরে প্রার্থী, শুভাকাঙ্খী ও অন্যান্য মহল থেকেও অর্থের যোগান এসেছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। 'রুহুল-জাহিদ' প্যানেলের নির্বাচনী ব্যয়ের মোটা অর্থের যোগান দিয়েছেন সাধারণ সম্পাদক পদপ্রার্থী জাহিদ মিন্টু।

আমাদের পুলিশ

আজিজুর রহমান (৪র্থ পর্ব)



গুণী পুলিশ অফিসারদের জীবন বৃত্তান্ত লেখা আমার উদ্দেশ্য নয়। আমার উদ্দেশ্য সমাজের সবার সামনে পুলিশ অফিসার বা পুলিশ বাহিনীর অতীত ও বর্তমান অবস্থা সম্পর্কে যৎ সামান্য ধারণা তুলে ধরে। তাই খ্যাতিমান পুলিশ অফিসারদের কিছু মহৎকর্মের বিবরণ এ আলোচনার বিষয়। মরহুম ই এ চৌধুরীর সময়কালীন সিলেট অঞ্চলের আরো একজন যোগ্যতম উর্ধতন পুলিশ অফিসার ছিলেন ডিআইজি এম আবদুল হক। যিনি ডিআইজি হক সাহেব হিসাবে পরিচিত ছিলেন। তিনি তার যোগ্যতা বলেই দেশের সমাজের বিশেষ করে সিলেটের মানুষের কাছে এভাবেই পরিচিত ছিলেন।

উর্ধ্বতন এইসব পুলিশ অফিসারদের কাউকেই সরকারের চাটুকার বা অন্ধ লাঠিয়াল হতে দেখা যায়নি। এটাই ছিলো আজকের পুলিশ বাহিনীর অবস্থান থেকে তাদের ভিন্নতা বা আদর্শিকতার গুণ।

এভাবেই অতীতের পুলিশ বাহিনীর উর্ধতন বা সর্বোচ্চ পর্যায়ের অফিসার চরিত্র মানুষ বা রাষ্ট্রের কাছে সমাদৃত হয়েছে।

আজকের এ লেখাটুকু এখন গতদিনের আলোকে নিয়ে যেতে হয়। কারণ, আরো কিছু গুণী পুলিশ অফিসারের জীবন বৃত্তান্ত উল্লেখ না করলে পুলিশ বাহিনীর অতীত সততার সফল ইতিহাস বর্ণিত হবেনা। তাই আমাদের দেশের সমাজের সেই গুণীজনদের জীবন বোধ সংক্ষিপ্তকারে তুলে ধরছি। উল্লেখ আবশ্যক যাদের জীবন ও সংক্ষিপ্ত কর্ম এখানে উল্লেখ হয়েছে তারা ছাড়াও আরো অনেক গুণী পুলিশ অফিসার ছিলেন নিজে না জানার কারণে তাঁদেরে এসব লেখায় স্মরণ করতে পারিনি বলে দু:খিত। এ অবস্থায় আর যাদেরে বা যাদের সংক্ষিপ্ত জীবন চরিত্র আপনাদের সামনে তুলে ধরার ইচ্ছে তারা হলেন- মরহুম এসপি মোজাম্মীল আলী চৌধুরী, এসপি মোস্তানশিরুর রহমান চৌধুরী বা এম আর চৌধুরী, এসপি শাহ আলম ফারুকী, এসপি দেওয়ান হাফিজ উদ্দিন, এসডিপিও ফয়েজ আহমদ, এ এসপি রফিকুল হক মজুমদার, ওসি রফিকুল আলম চৌধুরী, ওসি মোহাম্মদ উল্লাহ, ওসি রুস্তম আলম, ওসি শফিকুল ইসলাম, ওসি মোয়াজ্জেম হোসেন ও দারোগা আবদুল বারী সাহেবের কর্মজীবন।

এবার মরহুম মোজাম্মীল আলী চৌধুরীকে নিয়ে আলোচনা শুরু করা যাক। মোজাম্মেল আলী চৌধুরী ছিলেন সিলেটের এক অদম্য সাহসী যোগ্য পুলিশ অফিসার ও সিলেটের সু সন্তান। সিলেট মহানগরীর ছড়ার পারে রয়েছে তার বাসস্থান। সেখানে তার সুযোগ্য সন্তানেরা এখন বসবাস করেন। তার সুযোগ্য ছেলে ব্যাংকার ও একসময়ের ক্রীড়া ভাষ্যকার আলী আশরাফ চৌধুরী খালেদের সাথে ছিলো আমার অন্তরঙ্গ সম্পর্ক। এরই সুবাদে খালেদ সাহেব উনার পিতার কর্মময় জীবন নিয়ে তার নিজ হাতে লেখা একটা বই আমাকে উপহার দেন। বইটি যেনো একটি জীবন্ত ইতিহাস। মরহুম মোজাম্মেল আলী চৌধুরী কর্মজীবনে যে দুঃসাহসী ভুমিকা রেখেছেন তা তার লেখা বইটি পড়লেই বুঝা যায়। দ্বিতীয় বিশ্বযুদ্ধ কালীন সময়ে আসাম মনিপুর ইম্পল বার্মার পাহাড় জঙ্গল ঘেরা এলাকায় কি হিম্মৎ এর সাথে তিনি বা তার সহযোগীরা রাষ্ট্রের দায়িত্ব আঞ্জাম দিয়েছেন। বইখানা পড়লে গা শিউরে উঠে। জনাব চৌধুরী কর্মজীবনে সিলেট জেলায় ও দায়িত্ব পালন করেছেন। যা তার লেখায় ফুটে উঠেছে। সিলেটে দায়িত্ব পালন কালীন সময়ে সালুটিকর এলাকার একটি হত্যা মামলা তদন্তের বিবরণ ও তার স্মৃতি গ্রন্থে উল্লেখ রয়েছে। যা পাঠে তৎকালীন অত্র এলাকার চিত্র ও তার দক্ষতা বিজ্ঞতার পরিচয় পাওয়া যায়। সত্যিকার অর্থে এরাই ছিলেন দায়িত্ববান সৎ ও নিরলস রাষ্ট্র নিয়োজিত পুলিশ অফিসার।

জনাব মোজাম্মীল আলী চৌধুরীর পরিবার ছিলো সিলেট তথা আসাম বা ভারতের একটি খ্যাতিমান পরিবার। তার চাচাতো ভাই আবেদ চৌধুরী ছিলেন বৃহত্তর ভারতের একজন খ্যাতিমান স্থপতি। ডাউকি ব্রীজ নির্মাণের মাধ্যমে তার খ্যাতি ভারতময় ছড়িয়ে পড়ে। পাহাড়ের মধ্যে দিয়ে প্রবাহিত নদীতে ব্রীজ নির্মাণ তখনকার সময়ে ছিলো দুঃসাধ্য ও অকল্পনীয়। মি. চৌধুরী এ অসাধ্য সাধনের মাধ্যমে বৃহৎ ভারতে স্মরণীয় ও বরণীয় হয়ে আছেন এবং থাকবেন। মি. আবেদ চৌধুরীর সুযোগ্য পুত্র ও মোজাম্মীল আলী চৌধুরীর ভাতিজা হচ্ছেন দেশের খ্যাতিমান স্থপতি জামিলুর রেজা চৌধুরী। দেশের স্থাপত্য শিল্প ও পুরকৌশলে তার অবদান জাতি শ্রদ্ধার সাথে স্মরণ করবে। দেশের শ্রেষ্ঠ স্থাপনা পদ্মাসেতু তৈরীতে মি. জামিলুর রেজা চৌধুরীর অবদান অপরিসীম।

এ অবস্থায় ফিরে আসি আবার মুল প্রসঙ্গে। এবার শ্রদ্ধার সাথে স্মরণ করতে হয় আরেক গুণী ও সর্বজন শ্রদ্ধেয় পুলিশ অফিসারকে। সিলেট অঞ্চলের গোলাপগঞ্জ উপজেলার প্রসিদ্ধ ফুলবাড়ী গ্রামের কৃতি সন্তান জনাব মোস্তনসিরুর রহমান চৌধুরী হচ্ছেন এই মহৎ পুলিশ অফিসার।

দীর্ঘ পেশা জীবনে তিনিও ছিলেন একজন দক্ষ সৎ ও সফল পুলিশ অফিসার। এই গুণী অফিসার পুলিশ বাহিনীর এসপি হিসাবে দায়িত্ব পালন শেষে অবসর জীবনে ফিরে আসেন। বৃটিশ আমলে পেশা জীবন শুরু করে পাকিস্তান আমল এবং পরবর্তীতে বাংলাদেশ আমলে এসে তিনি স্বাভাবিক নিয়মে এ চাকুরী থেকে অবসর গ্রহণ করেন। রাষ্ট্রীয় আইনে পুলিশের তৎপরতা সফল ও স্বার্থকে রয়েছে তার জ্ঞানগর্ভ লেখালেখি। যা দেশের সারদা একাডেমি সহ পাশ্চাত্যের উন্নত দেশে ও পুলিশ বাহিনীর জন্য শিক্ষণীয়।

গোলাপগঞ্জের এই কৃতিসন্তান অবসর জীবনে সিলেট মহানগরীর পীর মহল্লায় বসবাস করতেন। পরহেজগার স্পষ্টভাষী এই গুণী পুলিশ অফিসারের সুযোগ্য ছেলে মাহবুবল আলম চৌধুরী মুন্না হচ্ছে আমার খুবই প্রিয় বন্ধু। সুখ দুঃখের সাথী মাহবুবুল আলমের মাধ্যমেই তাদের বাড়িতে যাওয়া আসা এবং তার গুণী পিতার সান্নিধ্য লাভ।

সরাসরি দেখার ও জানার কারণে জনাব মোস্তান-সিরুর রহমান চৌধুরীর ব্যাপারে আমার লেখাটি দীর্ঘ হয়ে যাবে। আর এর কারণ হবে তার আদর্শিক জীবন ও ব্যক্তি সততা প্রকাশের লক্ষ্য। দীর্ঘ চাকুরী জীবনে সরকার বা পুলিশ বিভাগের নির্ধারিত দায়িত্ব পালন ছাড়া কোনো মোসাহেবি বা লাঠিয়ালীতে এই বিজ্ঞ পুলিশ অফিসারের সংস্রব ছিলো বলে কোনো প্রমাণই খুঁজে পাওয়া মুশকিল।

অবসর জীবনে শুধু মাত্র পেনশন সুবিধা নিয়ে ঘরে ফেরার পালা। আর এভাবে এদিয়েই কাটিয়েছেন বাকী জীবন। কোন ভোগ লোভ মোহ তার মধ্যে কখনো পরিলক্ষিত হয়নি। তার সুযোগ্য সন্তানেরা সবাই ছিলেন উচ্চ শিক্ষিত ও আদর্শবাদী। বর্তমানে কেউ কেউ আমেরিকায় ও বসবাস করছেন।

তারা সবাই ছিলেন ধর্মানুরাগী মিতব্যয়ী ও মিষ্টি ভাষী। স্বাভাবিক নিয়মেই একজন আদর্শবাদী পিতার সন্তান এমনই হয়।

এমনই অবস্থা বিবেচনায় নিয়ে আজকের পুলিশ চরিত্র দেখলে সত্যিই মনে ঘৃণা জাগে। আজকের আইজিপি বেনজির, শহীদুল, আব্দুল্লাহিল বাকী, ডিআইজি মনিরুল ও হারুনরা শুধু ঘৃণারই নয়, দেশে-বিদেশে আজ তারা জাতির জন্য কলঙ্কের।

(চলমান)

আগামীকাল অনুষ্ঠিতব্য সাধারণ নির্বাচনের বিজ্ঞপ্তি

মঙ্গলবার, ৫ নভেম্বর, ২০২৪

ভোট-কেন্দ্রগুলো সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত খোলা থাকবে

আপনি ভোট দিতে পারবেন কি না জানতে, প্রার্থীদের তালিকা দেখতে,
ভোট-কেন্দ্র খুঁজতে, অথবা একটি নমুনা ব্যালটের জন্য, দেখুন:

VOTE.NYC

অথবা, কল করুন টোল - ফ্রি: **(866) 868-3692** • টিটিওয়াই: **(212) 487-5496**
নির্বাচন কর্মী হিসাবে কাজ করতে চাইলে PollWorker.VOTE.NYC দেখুন

দ্যা বোর্ড অব ইলেকশনস
ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক
কার্যনির্বাহী অফিস, 32 Broadway, 7th Floor
New York York, NY 10004

কমিশনারস অব ইলেকশনস
Rodney L. Pepe-Souvenir — প্রেসিডেন্ট
Frederic M. Umane — সেক্রেটারি

Jose Miguel Araujo
Michael J. Coppotelli
Carol R. Edmead
Gino A. Marmorato
Jodi Morales
Simon Shamoun
Michele A. Sileo
Keith Sullivan





আতাউর রহমান সেলিম
সভাপতি
Athaur Rahman Salim, President

মোহাম্মদ আলী
সাধারণ সম্পাদক
Mohammad Ali, General Secretary



মো: মহিউদ্দীন দেওয়ান
সিনিয়র সহ-সভাপতি
Md. Mohiuddin Dewan, Sr. Vice President



কামরুজ্জামান কামরুল
সহ-সভাপতি
Md. Kamruz Zaman Vice President



আবুল কালাম ভূঁইয়া
সহ-সাধারণ সম্পাদক
Md. Abul Kalam Bhuiyan, Vice General Secretary



মফিজুল ইসলাম ভূইয়া (রুমি)
কোষাধ্যক্ষ
Mafijul Islam Bhuiyan (Roman), Treasurer



ডিউক খান
সাংগঠনিক সম্পাদক
Md. Zahirul Islam Khan, Organizing Secretary



অনিক রাজ
সাংস্কৃতিক সম্পাদক
Mostofa Anik Raj, Cultural Secretary



রিজু মোহাম্মদ
গ্রন্থ সম্পাদক ও প্রচার সম্পাদক
Riaz Mohammad, Publication & Publicity Secretary



জামিল আনসারী
সমাজকল্যাণ সম্পাদক
Md. Jamil Ansary, Social Welfare Secretary



মো: আখতার বাবুল
সাহিত্য সম্পাদক
Md. Akhter Babul, Literary Secretary



আশ্রাব আলী লিটন
ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক
Md. Ashrab Ali Liton, Sports & Entertainment Secretary



মোহাম্মদ হাসান (জিলানী)
তথ্য ও শিক্ষা সম্পাদক
Mohammad Hasan, Information & Education Secretary



মোঃ সিদ্দিকুর পাটওয়ারী
কার্যকরী সদস্য
Md. A. Siddiqure, Executive Member



হারুন চেয়ারম্যান
কার্যকরী সদস্য
Harun Chairman, Executive Member



আবুল কাশেম চৌধুরী
কার্যকরী সদস্য
Abul Kashem Chowdhury, Executive Member



জাহাঙ্গীর শহীদ লেহরাওয়ালী
কার্যকরী সদস্য
Jahangir Shahid Lehrawalay, Executive Member



মুনসুর আহমেদ
কার্যকরী সদস্য
Monsur Ahammed, Executive Member



হাসান খান
কার্যকরী সদস্য
Hasan Khan, Executive Member

বাংলাদেশ সোসাইটির নবনির্বাচিত কার্যকরী পরিষদকে
জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার ইনক-এর
শুভেচ্ছা ও প্রাণঢালা অভিনন্দন



বদরুল খান
সভাপতি



রোকন হাকিম
সাধারণ সম্পাদক (ভারপ্রাপ্ত)

JALALABAD ASSOCIATION OF AMERICA, INC
জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইন্‌ক

কবিতা সামাজিক পরিবর্তনের নিয়ামক



প্রবাহ'র সাহিত্য সভায় কবি তমিজ উদ্দীন লোদি

নিউইয়র্ক: প্রবাহ সাহিত্য সাংস্কৃতিক পরিষদ, যুক্তরাষ্ট্র'র আয়োজন করে চতুর্থ সাহিত্য সভা। গত ২৬ অক্টোবর নিউইয়কের জ্যাকসন হাইটসসে এই সভা অনুষ্ঠিত হয়। ড. আবুল কাশেম এর সভাপতিত্বে ও আবদুল হামিদ সোহেল এর সঞ্চালনায় এতে প্রধান অতিথি ছিলেন প্রবাসের বিশিষ্ট কবি এবং বাংলা পত্রিকার সাহিত্য সম্পাদক তমিজ উদ্দীন লোদী। সভায় অক্টোবর মাসে মৃত্যুকরণকারী কবি ফররুখ আহমদ, কবি জীবনানন্দ দাশ, কবি দিলওয়ার ও কবি আসাদ চৌধুরীকে বিশেষভাবে স্মরণ করা হয়।

সভায় কবি তমিজ উদ্দীন লোদী বলেন, কবিতা সামাজিক পরিবর্তনের নিয়ামক। কবিতার চর্চা হাজার বছর ধরে হচ্ছে- কবিতা হারিয়ে যাবে না। সাহিত্য আমাদের মনের সুকুমার বৃত্তিগুলোকে জাগিয়ে তোলে- এ যেন প্রবাহমান নদীর স্রোত। সুর থেকে কবিতাকে বিচ্ছিন্ন করা যায় না। তিনি বলেন, কবিতা স্বৈরশাসকের বিরুদ্ধেও কথা বলে। কবি লোদি তাঁর আলোচনায় "গণ মানুষের কবি" দিলওয়ার এর স্মৃতিচারণ করেন এবং তাঁর লেখা পড়ার জন্য সকলকে উদ্বুদ্ধ করেন।

সভায় মুক্ত চিন্তার লেখক ইমাম চৌধুরী বাস্তবমুখী আমেরিকায় যাপিত জীবন চিত্র নিয়ে স্বরচিত গদ্য পাঠ করেন। নাসিমা আকতার কবি হুমায়ুন আজাদ এর 'ভালো থেকো' এবং কবি রবীন্দ্রনাথ ঠাকুর এর 'অনন্ত প্রেম' তাঁর সুললিত কণ্ঠে আবৃত্তি করেন। আবদুল হামিদ সোহেল আবৃত্তি করেন কবি ফররুখ আহমদ এর 'সাত সাগরের মাঝি' এবং তাঁর স্বরচিত ছড়া "ছত্রিশ জুলাইয়ে"।

সভায় ড. আবুল কাশেম তাঁর স্বরচিত কবিতা "স্মৃতি চঞ্চল" পাঠ করেন। মুহাম্মদ ছোলাইমান কবি আল মাহমুদের 'স্মৃতির মেঘলা ভোরে' পাঠ করেন। তোফাজ্জল হোসেন নিজস্ব স্মৃতি ভান্ডার থেকে নাটকের অংশবিশেষ উপস্থাপন করেন।

এছাড়াও শুভেচ্ছা বক্তব্য রাখেন আই ডাটা কোর এর পরিচালক আহমেদ সোহেল, মুহাম্মদ মোখতার হোসেন ও আহসানুর রহমান খান।

সভায় প্রবাহ'র উদ্যোগে ৩/৫ দিনের 'ছন্দ বিষয়ক' কর্মশালার ঘোষণা করা হয় এবং এ ব্যাপারে ৬৪৬-৫২৭-০৭০৪ নাম্বারে যোগাযোগের অনুরোধ করা হয়। কর্মশালায় প্রশিক্ষক হিসেবে থাকবেন কবি কাজী জহিরুল ইসলাম। -প্রেস বিজ্ঞপ্তি।



ভলান্টিয়ার্স কমিটি করে বাফেলোতে 'ভ্রাম্যমান কনসুলেট সেবা' আয়োজনের দাবী

নিউইয়র্ক: ভলান্টিয়ার্স কমিটি করে বাফেলোতে 'ভ্রাম্যমান কনসুলেট সেবা' আয়োজনের দাবী জানিয়ের বাফেলো প্রবাসী বাংলাদেশীরা। গত ১৮ অক্টবর, শুক্রবার সন্ধ্যায় বাফেলো শহরস্থ বাংলাদেশ প্লাজার বাফেলো বাংলা অফিসে সচেতন প্রবাসী বাংলাদেশী আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এই দাবী জানানো হয়। কমিউনিটির বিভিন্ন সেক্টর থেকে নেতৃবৃন্দ এই সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন। শেখ হাসিনা সরকারের পতনের দাবীতে সাম্প্রতিক জুলাই-আগস্টের ছাত্র-জনতার বিক্ষোভে অংশ নেয়া কোমলমতি শিক্ষার্থী সহ জনতার উপরে বাফেলো বাংলাদেশ সোসাইটির কর্ণধার ও আওয়ামী নেতৃবৃন্দের প্রকাশ্য হামলার কারণে যেই বিতর্কের শুরু হয়েছিল, সেই বিতর্ক যেন কমিউনিটির কোথাও প্রভাব ফেলতে না পারে সেই জন্য কোন সংগঠনের ব্যানারে নয় বরং একটি 'সার্বজনীন ভলান্টিয়ার্স কমিটির' মাধ্যমে এই সেবা দেয়া হলে সকলের কাছে বেশী গ্রহণযোগ্য হবে বলে সাংবাদিক সম্মেলনে জানানো হয়।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন পিবিসি টুয়েন্টিফোর টেলিভিশনের প্রধান সম্পাদক মতিউর রহমান লিটু, কুমিল্লা সোসাইটি অফ বাফেলো'র সভাপতি হাবিবুর রহমান (হাবিব), যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক প্রচার সম্পাদক নাজমুল আলাম, নিউইয়র্ক মহানগর বিএনপি দক্ষিণের সাবেক সদস্য তরিকুল ইসলাম প্রিন্স মৃধা, নিউইয়র্ক মহানগর বিএনপি উত্তরের সাবেক সদস্য আবু জাফর ফরাজী, বাফেলো সিটি হলে কর্মরত ও কমিউনিটি অ্যাটিভিস্ট মোস্তাফা জাবেদ, বরিশাল বিভাগীয় সোসাইটি অফ বাফেলোর সভাপতি সৈয়দ ঝিলু, বরিশাল বিভাগীয় সোসাইটির সাধারণ সম্পাদক মাসুম বিল্লাহ, কমিউনিটি অ্যাক্টিভিস্ট মোহাম্মদ জিন্নাহ, বাফেলো বিএনপি নেতা মোহাম্মদ জাইদ বিশ্বাস, সালমান সরকার, মনির আহসান ও তোফাজ্জল হোসেন এবং ঢাকা কলেজের সাবেক ছাত্রদল নেতা আকবর হোসেন, সানজিদ, আল মুনছুর সহ আরো অনেকে।

সংবাদ সম্মেলনে বলা হয়, বাংলাদেশ সোসাইটির ব্যানারে প্রতিবছর ভ্রাম্যমান কনসুলেট সেবা দেয়ার কারণে বাফেলোবাসী ব্যাপক সুফল পেয়ে আসছিলেন এতে কোন সন্দেহ নেই। কিন্তু বাংলাদেশ সোসাইটির নেতৃবৃন্দ যারা মূলত: বাফেলো আওয়ামী লীগের নেতা, গত জুলাই-আগস্ট মাসের ছাত্র-জনতার আন্দোলনে ৩০ জুলাই বেইলি এভিউনিউর বিক্ষোভস্থলে প্রকাশ্যে ছাত্র-জনতার উপর হামলা করেছিলেন এবং পুলিশি হস্তক্ষেপে সেটা নিরসন হয়েছিল। এই হামলা ছিল কমিউনিটির জন্য একটি কলংকজনক অধ্যায়। এই হামলার কোন প্রভাব যেন ভ্রাম্যমান কনসুলেট সার্ভিসকে কলংকিত করতে না পারে সেজন্য সকল আঞ্চলিক সংগঠনের নেতৃবৃন্দকে নিয়ে একটি 'ভলান্টিয়ার কমিটি' গঠনের মাধ্যমে সেবা দেয়া এবং কোনো ষড়যন্ত্র যেন এই সার্ভিস বন্ধ করতে না পারে সেজন্য ছাত্র-জনতার আন্দোলনে মুখ্য ভূমিকা পালনকারী তরুণ সমাজকে এগিয়ে আসার আহবান জানানো হয়।

সংবাদ সম্মেলনে বলা হয়, তরুণ সমাজ যে কোনভাবেই হোক সমন্বয় করে নতুন একটি ভলান্টিয়ার্স কমিটি গঠন করবে এবং সেই কমিটির মাধ্যমে সেবা দেয়ার পাশাপাশি কোন প্রকার সময় ক্ষেপন না করারও আহবান জানানো হয়েছে।

উল্লেখ্য, কয়েকদিন আগে বাংলাদেশ সোসাইটি এক সাংবাদিক সম্মেলনে কয়েকজন কমিউনিটি নেতাকে দায়ী করে বিবৃতি দিয়েছিলেন যে তারা নাকি ই-মেইল করে ভ্রাম্যমান কনসুলেট সেবা বন্ধ করার ষড়যন্ত্র করছে, সংশ্লিষ্ট সেই সকল নেতৃবৃন্দ কনসুলেট অফিসে তাদের পাঠানো ইমেইলের কপি নিয়ে এসে সাংবাদিকদের মাঝে বিতরণ করেন এবং মিথ্যা প্রোপাগান্ডার যথাউপযুক্ত জবাব দেন। -প্রেস বিজ্ঞপ্তি।

ব্রঙ্কসে হিন্দু সম্প্রদায়ের শ্যামা পূজা অনুষ্ঠিত

নিউইয়র্ক: নিউইয়র্কের ব্রঙ্কসে হিন্দু সম্প্রদায়ের ধর্মীয় উৎসব শ্রী শ্রী শ্যামা পূজা অনুষ্ঠিত হয়েছে। কার্তিক মাসের অমাবস্যা তিথিতে সাধারণত শ্যামা পূজা বা কালী পূজা অনুষ্ঠিত হয়ে থাকে। হিন্দু পুরাণ মতে- কালী দেবী দুর্গারই একটি শক্তি। সংস্কৃত ভাষার 'কাল' শব্দ থেকে কালী নামের উৎপত্তি। কালী পূজা হচ্ছে- শক্তির পূজা।

জগতের সকল অশুভ শক্তিকে পরাজিত করে শুভশক্তির বিজয়। কালী দেবী তার ভক্তদের কাছে শ্যামা, আদ্য মা, তারা মা, চামুন্ডি, ভদ্রকালী, দেবী মহামায়াসহ বিভিন্ন নামে পরিচিত। কালী পূজার দিন হিন্দু সম্প্রদায় প্রদীপ প্রজ্জ্বলন করে স্বর্গীয় পিতা-মাতা ও আত্মীয়-স্বজনদের স্মরণ করেন। এটিকে বলা হয় দীপাবলী। দুর্গাপূজার মতো কালীপূজাতেও গৃহে বা মন্ডপে মৃন্ময়ী প্রতিমা নির্মাণ করে পূজা করা হয়। মন্দিরে বা গৃহে প্রতিষ্ঠিত প্রস্তরময়ী বা ধাতুপ্রতিমাতেও কালীপূজা করা হয়। মধ্যরাত্রে তান্ত্রিক পদ্ধতিতে মন্ত্রোচ্চারণের মাধ্যমে পূজা অনুষ্ঠিত হয়। তবে গৃহস্থ বাড়িতে সাধারণত অতান্ত্রিক ব্রাহ্মণ্যমতে আদ্যাশক্তি কালীর রূপে কালীর পূজা অনুষ্ঠিত হয়। গত ৩১শে অক্টোবর বৃহস্পতিবার ব্রঙ্কসের পৃথক দুটি পূজা মন্ডপ ব্রঙ্কস পুজা কমিটি ইনক ও রাধা কৃষ্ণ সেবক সংঘ ইউএসএ ইনক শ্যামা পুজার আয়োজন করে। এতে বিপুল সংখ্যক সনাতন ধর্মের মানুষের ঢল নামে।নারী পুরুষ উভয়ে মিলে জড়ো হন দ্বিতীয় ধর্মীয় উৎসবে।সবশেষে প্রষাদ বিতরনের মাধ্যমে পুজার আনুষ্ঠানিকতা শেষ হয়।



যুক্তরাষ্ট্র প্রবাসী বদিউল আলমের ইন্তেকাল

যুক্তরাষ্ট্র প্রবাসী আলহাজ বদিউল আলম ৩ নভেম্বর মধ্যরাতে কুইন্স হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহে --- রাজেউন)। নোয়াখালী জেলা শহরের ঐতিহ্যবাহী খাদেম স্টোরের স্বত্বাধিকারী এবং জেলা বণিক সমিতির ২৮ বারের নির্বাচিত সভাপতি ছিলেন তিনি বদিউল আলম ৭২ বছর বয়সে ইন্তেকালকালে স্ত্রী, ৬ কন্যা, ১ পুত্র, নাতি-নাতনী, আত্মীয়স্বজনসহ অসংখ্য বন্ধুবান্ধব ও গুণগ্রাহী রেখে গেছেন। অত্যন্ত বন্ধুবৎসল, পরোপকারী, সদালাপী ও প্রতিষ্ঠিত ঠিকাদার বদিউল আলম জেলা পর্যায়ের সকলের অত্যন্ত পরিচিত ব্যক্তিত্ব ছিলেন। দুরারোগ্য ক্যান্সারে আক্রান্ত হওয়ার পর প্রায় ২ মাস আগ থেকে তিনি ম্যানহাটান মাউন্ট সিনাই হাসপাতাল থেকে চিকিৎসা গ্রহণ করছিলেন। প্রায় সপ্তাহ খানেক আগে অসুস্থ হয়ে পড়ায় অ্যাম্বুলেন্সযোগে তাকে কুইন্স হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় তিনি যান। ৪ নভেম্বর সোমবার বাদ আসর জ্যামাইকা মুসলিম সেন্টারে জনাব আলমের নামাযে জানাযা অনুষ্ঠিত হবে এবং রাতে বিমানযোগে মরদেহ বাংলাদেশে প্রেরণ করা হবে।

প্রথম বাংলাদেশী মহিলা এলি পালের ম্যারাথনে অংশ নেন



প্রথম বাংলাদেশী-আমেরিকান মহিলা এলি পাল (ডাঃ কণিকা পাল বোস) রবিবার ৩রা নভেম্বর ২০২৪ নিউইয়র্ক ম্যারাথনে অংশগ্রহণ করেন। ২৬.২ মাইলের এ ম্যারাথন শুরু হয় সকাল ৯টায় স্টাটেন আইল্যান্ডে এবং শেষ হয় বিকাল ৪টা ৩০মিনিটে সেন্ট্রাল পার্কে (টেভার্ন অন দি গ্রীন রেস্তোরাঁর পাশে)। এজন্যে এলি গত এক বছর ধরে প্রস্তুতি ও প্রশিক্ষণ নিয়েছেন। প্রথম বাংলাদেশী মহিলা হিসাবে তিনি সাফল্যের সাথে তা শেষ করেন।এলি তিন সন্তানের জননী এবং একজন সফল গ্যাস্ট্রো এন্টারোলোজিস্ট। ইতিপূর্বে ২০২২-র অক্টবরে এলি 'হাফ ম্যারাথন' অর্থাৎ ১৩.১মাইল দৌড়ে সফলভাবে অংশ নিয়েছেন। এলি তার প্রয়াত দাদা ডাঃ কনিষ্ক পাল'র স্মরণে এ কঠিন ম্যারাথনে অংশ নেন। এলি পাল বাংলাদেশ পূজা সমিতির উপদেষ্টা ডাঃ প্রদীপ পালের কন্যা।

★ Vote for ইয়াটিন চু ★

YIATIN CHU

for State Senate 11

ভোট দিন

পরিবর্তনের জন্য



- Restore Public Safety
- Fix Bail Reform
- Secure the Borders
- Oppose Creedmoor Migrant Shelter
- Defund Debit Cards to Migrants
- Keep SHSAT + Expand G&T
- Build More Excellent Schools in Queens

EARLY VOTING
OCT 26-NOV 3
VOTE
NOV 5

IT'S TIME FOR CHANGE

PAID FOR YIATIN CHU FOR NEW YORK

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন
রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DIFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1093789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন – আপনাকে সেবা করার সুযোগ দিন

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

হোমিও চিকিৎসা

এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist
আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন।
আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।
*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *প্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।
শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)
আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence *পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা
আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।
স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।
Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

GLOBAL MULTI SERVICES, INC

তারেক হাসান খান, সিইও
অভিজ্ঞ ট্যাক্স প্রিপারেটরের মাধ্যমে
ট্যাক্স এনালাইসিস ও ফাইলিং করা হয়
- INCOME TAX
- IMMIGRATION
- ACCOUNTING
- TAX AUDIT
- BUSINESS SETUP
- TRAVELS



37-18, 74th Street, Suite#202, Jackson Heights, NY 11372
Ph: (718) 205-2360, Fax: (718) 799-5864, Email: globalmsinc@yahoo.com

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়



নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং



আমরা বাংলায় কথা বলি

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ **(347) 851-2688**

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনাদের সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

SEEMA GULIANI, ESQ / ATTORNY AT LAW

LAW OFFICE OF SEEMA GULIANI

BY APPOINTMENT ONLY

☎ 212-691-4343

Em@il *seemagulianiesq@gmail.com*

198-42 FOOTHILL AVE. HOLLIS NY. 11423

WE SPECIALIZE IN

- VAWA
- ASYLUM
- NVC PROCESS
- NATURALIZATION
- TOURIST VISAS (B1/B2)
- RELIGIOUS WORKER
- UNCONTESTED DIVORCES
- FAMILY BASED PETITIONS
- FIANCE/MARRAIGE VISAS
- LEGAL PERMANENT RESIDENCY
- EMPLOYMENT BASED VISAS

(H-1B. PERM, I-140. EB1, EB2, EB3

বাংলাদেশ নিয়ে ডোনাল্ড ট্রাম্পের টুইট কী শুধু কৌশল?



বাংলা পত্রিকা ডেস্কঃ যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ও বর্তমান রিপাবলিকান দলের প্রেসিডেন্ট প্রার্থী ডোনাল্ড ট্রাম্প বাংলাদেশের হিন্দুসহ সংখ্যালঘুদের ওপর নির্যাতনের নিন্দা জানিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যম এক্সে (পূর্বের টুইটার) একটি টুইট করেছেন।

গত ৩১শে অক্টোবর টুইটটিতে সংখ্যালঘুদের ওপর নির্যাতনের নিন্দা ও বাংলাদেশে বিশৃঙ্খল পরিস্থিতি চলছে বলে উল্লেখ করে বার্তা দিয়েছেন।

বাংলাদেশের রাজনৈতিক অঙ্গনে গত কয়েক মাস ধরেই এক ধরনের অস্থিরতা বিরাজ করছে। বিশেষ করে, গত পাঁচই অগাস্ট আওয়ামী লীগ সরকারের পতনের পর বাংলাদেশ ও বিশ্বের সবচেয়ে বড় হিন্দু অধ্যুষিত রাষ্ট্র ভারতের সম্পর্কে ভাটা দেখা দিয়েছে।

এখন, এই পরিবর্তিত পরিস্থিতিতে যুক্তরাষ্ট্রের আসন্ন প্রেসিডেন্ট নির্বাচনে রিপাবলিকার পার্টির প্রেসিডেন্ট প্রার্থী ডোনাল্ড ট্রাম্পের টুইট বাংলাদেশকে আসলে কী বার্তা দিচ্ছে?

এটি কি স্রেফ নির্বাচনি প্রচারণা নাকি ইউনূস সরকারকে চাপে ফেলতে ভারত বা মোদী সরকারের কোনও কৌশল? এমন নানা সমীকরণ মেলানো হচ্ছে ডোনাল্ড ট্রাম্পের ওই টুইটটি ঘিরে।

ট্রাম্প কেন এসব কথা বললেন?

ডোনাল্ড ট্রাম্প তার টুইট শুরুই করেছেন এভাবে বাংলাদেশে হিন্দু, খ্রিষ্টান ও অন্যান্য সংখ্যালঘুদের ওপর 'বর্বর' সহিংসতা চালানো হচ্ছে এবং তারা হামলা ও লুটপাটের শিকার হচ্ছেন।

এসবের নিন্দা জানিয়ে তিনি বলেছেন যে বাংলাদেশ একটি সম্পূর্ণ "বিশৃঙ্খল" অবস্থার মাঝে রয়েছে।

যদিও তার এই শুরুর বক্তব্যের সাথে একমত নন বাংলাদেশসহ বিশ্বের অন্য দেশের অনেক বিশ্লেষক। তবে ক্ষমতার পালাবদলের পর বাংলাদেশে যে এমন কিছু ঘটনা ঘটেছে সেটিও অস্বীকার করছেন না তারা।

ইন্টারন্যাশনাল ক্রাইসিস গ্রুপের বাংলাদেশ ও মিয়ানমার বিষয়ক সিনিয়র কনসালট্যান্ট টম কিন ডোনাল্ড ট্রাম্পের টুইটের প্রসঙ্গে বিবিসি বাংলাকে বলেন, "বাংলাদেশে সংখ্যালঘুদের ওপর আক্রমণের ঘটনা ঘটেছে, তবে এগুলো মূলত রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত ছিল।"

মি. ট্রাম্প বাংলাদেশের সামগ্রিক পরিস্থিতি নিয়ে কতটা অবগত, তা নিয়ে সন্দেহ প্রকাশ করে তিনি আরও বলেন, "ভারতের কিছু ডানপন্থী মিডিয়া ও রাজনীতিবিদ এই ঘটনাগুলোকে অতিরঞ্জিতভাবে উপস্থাপন করেছে। তাই এটি রাজনৈতিক চাল হতে পারে। অথবা, তিনি ভুল তথ্য পেয়েছেন ও তা বিশ্বাস করেছেন।"

মার্কিন যুক্তরাষ্ট্রে বাংলাদেশের সাবেক রাষ্ট্রদূত এম. হুমায়ুন কবিরও মনে করেন, ডোনাল্ড ট্রাম্পকে "ফিড করা হয়েছে"। অর্থাৎ, তাকে এটি বোঝানো হয়েছে। "নয়তো, তার এই ধরনের কথা বলার কথা না। কিন্তু বাংলাদেশের বিষয়ে যে সমস্ত শব্দ ব্যবহার করেছেন, এইগুলো খুবই শক্ত শব্দ।"

দিল্লির কাছে ওপি জিন্দাল গে াবাল ইউনিভার্সিটিতে আন্তর্জাতিক সম্পর্কের অধ্যাপক শ্রীরাধা দত্ত বাংলাদেশ-ভারত সম্পর্ক নিয়ে গবেষণা করছেন বহু বছর ধরে। তিনিও এই কথা স্বীকার করেন যে ভারতীয় গণমাধ্যমে এই ঘটনাগুলো অতিরঞ্জিতভাবে প্রচার হয়েছে। তবে বাংলাদেশে হিন্দুদের ওপর আক্রমণের ঘটনা যে ঘটেছিল সেটিও মনে করিয়ে দেন তিনি।

শেখ হাসিনা সরকারের পতনের পর থেকেই বাংলাদেশের অভ্যন্তরীণ রাজনীতির ব্যাপারে ভারতের গণমাধ্যমের ভূমিকা প্রশ্নের মুখে পড়েছে।

যুক্তরাষ্ট্রের ইলিনয় স্টেট ইউনিভার্সিটির সরকার ও রাজনীতির অধ্যাপক ড. আলী রীয়াজের সঙ্গেও এ বিষয়টি নিয়ে কথা হয় বিবিসি বাংলা'র। তিনি বলেন, অন্তর্বর্তীকালীন সরকার ক্ষমতা গ্রহণের পর ভারতীয় গণমাধ্যম "ছোট ঘটনাকে বড় করে" বলে আসছে যে বাংলাদেশে সংখ্যালঘুদের ওপর নির্যাতন হচ্ছে।

চলতি সপ্তাহে অনুষ্ঠিত হতে যাওয়া যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনকে ইঙ্গিত করে তিনি বলেন, "রাজনৈতিক সুবিধা পাওয়ার জন্য ধর্মকে কীভাবে ব্যবহার করা হয়, ট্রাম্পের টুইট তার সুস্পষ্ট প্রমাণ।"

"হিন্দু ধর্মাবলম্বী, প্রধানত ভারতীয়দের ভোট নিশ্চিত করা ডোনাল্ড ট্রাম্পের মূল লক্ষ্য," বলেন তিনি।

ড. রীয়াজ বর্তমানে বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের সংবিধান সংস্কার কমিশনের চেয়ারম্যানও।

কেবল আলী রীয়াজ-ই নন, অন্যান্য বিশ্লেষকরাও একমত যে ট্রাম্পের এই টুইটের মূল লক্ষ্য আসন্ন নির্বাচন।

সূত্র বিবিসি বাংলা

নিউইয়র্কে নির্বাচনের ব্যালটে

(প্রথম পৃষ্ঠার পর)

থাকছে বলে জানিয়েছে দেশটির নির্বাচন কমিশন। এক বিবৃতিতে তারা জানিয়েছে, এ অঙ্গরাজ্যের ব্যালট পেপারে ইংরেজি ছাড়াও চারটি ভাষা থাকবে। এর মধ্যে একটি হলো বাংলা।

সোমবার (৪ নভেম্বর) দেশটির নির্বাচন পরিচালনাকারী সংস্থা বোর্ড অব ইলেকশন্সের নিউইয়র্ক শাখার নির্বাহী পরিচালক মাইকেল জে রায়ান এক প্রেস ব্রিফিংয়ে জানান, ইংরেজি ছাড়াও আরও চারটি ভাষায় সেবা দেওয়া হবে। এশীয় ভাষা হিসাবে চীনা, কোরিয়ান এবং বাংলা থাকবে। এছাড়া আরেকটি ভাষা থাকবে, তা হলো স্প্যানিশ।

জানা গেছে, ব্যালট পেপারে বাংলা ভাষার অন্তর্ভুক্তি শুধু সৌজন্যের জন্য নয়। এটি আইনি বাধ্যবাধকতাও বটে। আইন অনুযায়ী, নিউইয়র্ক সিটি নির্দিষ্ট কিছু ভোটকেন্দ্রে বাংলায় ভোটগ্রহণ সামগ্রী সরবরাহ করতে বাধ্য। বাংলাভাষী ভোটারদের জন্য ভোটদান সহজ করতে এটি করা হয়।

মাইকেল জে রায়ান বলেন, আমি নিজে ইংরেজি ভাষায় দক্ষ। তবে এখানে আমাদের কমিউনিটিতে এমন অনেক মানুষ আছেন, যারা বাংলা ভাষার ব্যালট পেপার দেখলে স্বস্তি বোধ করবেন। ভোটকেন্দ্রে এটি তাদের জন্য সহায়ক হবে।

যুক্তরাষ্ট্রের নির্বাচন মঙ্গলবার কেন হয়

(প্রথম পৃষ্ঠার পর)

আসছে। কিন্তু এই ভোট গ্রহণ কেন নভেম্বর মাসে, আর কেনইবা প্রথম সোমবারের পরদিন মঙ্গলবার অনুষ্ঠিত হয়! এর পেছনে রয়েছে ভিন্ন ইতিহাস।

যে কারণে নভেম্বরে ভোট

১৮৪০ সালের আগে যুক্তরাষ্ট্রে ভোটের জন্য কোনো আলাদা দিন নির্ধারিত ছিল না। এ সময় নির্বাচনের তারিখ অঙ্গরাজ্যগুলো ঠিক করত। এতে একেক অঙ্গরাজ্যে একেক দিন ভোট হতো। তবে বেশির ভাগ অঙ্গরাজ্যই ভোট গ্রহণের জন্য নভেম্বর মাসকে বেছে নিত। এতে নানা ধরনের সংকটের সৃষ্টি হতো। এসব সংকট কাটাতে ১৮৪৫ সালে দেশে একটি নির্দিষ্ট দিনে নির্বাচন অনুষ্ঠানে আইন পাস হয়। শুরুর দিকে শুধু প্রেসিডেন্ট নির্বাচনের জন্য নির্দিষ্ট তারিখ মেনে চললেও পরে সব ধরনের নির্বাচনেই এই আইনের প্রয়োগ শুরু হয়।

নভেম্বরে ভোট দেওয়ার কারণ বেশ সহজ। শুরুতে ফেডারেল আইনের অধীনে ইলেকটোরাল কলেজের নির্বাচকদের ডিসেম্বরের প্রথম বুধবার পৃথক রাজ্যে মিলিত হওয়ার রীতি ছিল। ১৭৯২ সালের ফেডারেল আইন অনুসারে, রাজ্যগুলোর নির্বাচন (যাঁরা আনুষ্ঠানিকভাবে প্রেসিডেন্ট ও ভাইস প্রেসিডেন্ট নির্বাচন করেন, এমন নির্বাচকদের ভোট) সেই দিনের আগে ৩৪ দিনের মধ্যে অনুষ্ঠিত হওয়ার নিয়ম চালু হয়।

এনসাইক্লোপিডিয়া ব্রিটানিকার তথ্য অনুযায়ী, ১৮৪৫ সালে যখন নতুন এ আইন পাস হয়, তখন যুক্তরাষ্ট্রে কৃষিভিত্তিক সমাজ ছিল। এ কারণে দেশটির শ্রমশক্তির সবচেয়ে বড় অংশ কৃষকদের অর্থনৈতিক কর্মকাণ্ড ভোট গ্রহণের দিন নির্ধারণে বড় ভূমিকা রেখেছে। বছরের অধিকাংশ সময় কৃষকেরা কৃষিকাজে ব্যস্ত থাকেন। কিন্তু নভেম্বরের শুরুতে কৃষকের ঘরে ফসল উঠে যায়। সময়টা কৃষকদের জন্য অবসর থাকে। আর আবহাওয়াও বেশ অনুকূল থাকে। এ কারণে কৃষকের বিষয়টি বিবেচনায় নিয়ে প্রেসিডেন্ট নির্বাচনের জন্য নভেম্বরকে বেছে নেওয়া হয়।

নতুন এই আইনের আগে রাজ্যে বিভিন্ন দিনে নির্বাচন অনুষ্ঠিত হতো। তখন যোগাযোগব্যবস্থা এত উন্নত ছিল না। নির্বাচনের ফলাফলের জন্য কয়েক দিন বা সপ্তাহ অপেক্ষা করতে হতো। নিউ জার্সিতে ভোটদানকারী লোকেরা মেইন বা জর্জিয়ার ভোটে কে জিতেছেন, তা জেনে প্রভাবিত হতে পারতেন না। কিন্তু ১৮৪০ সালের দিকে সবকিছু বদলে যেতে লাগল। রেলপথ নির্মাণের কারণে ডাক ও সংবাদপত্র পরিবহন অনেক দ্রুততর হয়ে ওঠে। কিন্তু সত্যিকার অর্থে যেটা সমাজকে বদলে দিয়েছে, তা হলো টেলিগ্রাফ। কয়েক মিনিটের মধ্যে শহরের যেকোনো খবর পাওয়া সম্ভব হয়ে উঠল। এর ফলে একটি রাজ্যের নির্বাচনের ফল অন্য রাজ্যের ভোটকে প্রভাবিত করতে শুরু করল। এতে একটা সমস্যার সৃষ্টি হয়। ভোটাররা রাজ্য থেকে রাজ্যে ভ্রমণ করে একাধিক নির্বাচনে অংশ নিতে শুরু করেন। নির্বাচনে কারচুপির আশঙ্কা বেড়ে যায়। তাই ১৮৪০ দশকের শুরুর দিকে কংগ্রেস সারা দেশে নভেম্বরে প্রেসিডেন্ট নির্বাচনের জন্য একটি একক দিন নির্ধারণ করে।

কেন প্রথম সোমবারের পরের মঙ্গলবার?

১৮৪৫ সালে কংগ্রেস আইন পাস করে যে প্রেসিডেন্ট নির্বাচন প্রতি চার বছর পর নভেম্বরের প্রথম সোমবারের পর প্রথম মঙ্গলবার অনুষ্ঠিত হবে।

প্রথম সোমবারের পর প্রথম মঙ্গলবার নির্বাচন অনুষ্ঠিত হওয়া মানে ভোট কখনোই ১ নভেম্বরে অনুষ্ঠিত হবে না। কারণ, ১ নভেম্বর খ্রিষ্টধর্মাবলম্বীরা 'অল সেইন্টস ডে' পালন করে। এটি ক্যাথলিক অনুসারীদের একটি পবিত্র দিন। এ ছাড়া ওই দিন ব্যবসায়ীরা আগের মাসের হিসাব মেলানোর কাজ করেন। দিনটি ব্যবসায়ীদের জন্য অনেক কর্মচঞ্চল ও গুরুত্বপূর্ণ। এই দিনে ভোট গ্রহণ হলে ব্যবসার ক্ষতি হবে ভেবে তা বাদ দেওয়া হয়। নতুন এই আইনে যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট নির্বাচনের প্রথম ভোট অনুষ্ঠিত হয়েছিল ১৮৪৮ সালের ৭ নভেম্বর।

মঙ্গলবার যে কারণে

এনসাইক্লোপিডিয়া ব্রিটানিকার তথ্য বলছে, প্রেসিডেন্ট নির্বাচনের জন্য দুই দিন বরাদ্দ রাখার প্রস্তাব করা হয়েছিল। কিন্তু শুরুতেই তা বাতিল করা হয়। কারণ, অধিকাংশ আমেরিকানই রোববারকে উপাসনার দিন হিসেবে আলাদা করে রাখেন। অনেক স্থানে বুধবার ছিল বাজারের দিন। এদিন কৃষকেরা তাঁদের ফসল নিয়ে শহরে বিক্রি করতে যান। এ ছাড়া গ্রামীণ এলাকায় নিকটতম ভোটকেন্দ্র কয়েক মাইল দূরে থাকত। সেখানে পৌঁছাতে অনেক সময় লেগে যেত। তাই, ভ্রমণের জন্য রোববার ও বুধবার এড়িয়ে সোমবার করা হয়। যাতে তাঁরা নির্বিঘ্নে মঙ্গলবারে ভোট দিতে পারেন।

এর পর থেকেই চার বছর পরপর নভেম্বরের প্রথম সোমবারের পর মঙ্গলবার প্রেসিডেন্ট নির্বাচনে জন্য ভোট দেওয়ার দিনের ঐতিহ্য ১৮৪৮ সাল থেকে নিরবচ্ছিন্নভাবে অব্যাহত রয়েছে।

এনসাইক্লোপিডিয়া ব্রিটানিকা, থট কো, হিস্টোরি ডটকম ও সিএনবিসি অবলম্বনে সুজন সুপান্থ

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী
Moin Choudhury, Esq.
Hon. Democratic District Leader at Large, Queens, NY
মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।
সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইনক.
917-282-9256
Email: moinlaw@gmail.com
Moin Choudhury, Esq
Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(ফোন অফিস ফি নেয়া হয় না)
Immigration
(To Schedule Appointment Only)
Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com



Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076
Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

যুক্তরাষ্ট্র বাংলাদেশ অর্থনৈতিক সম্পর্ক

দ্বিতীয় পৃষ্ঠার পর)

যুক্তরাষ্ট্রেই সবচেয়ে বেশি রফতানি করেছে বাংলাদেশ। দেশটিতে প্রধানত তৈরি পোশাক, মৎস্য, হোম টেক্সটাইল, কাঁচা পাট, চামড়া ও চামড়াজাত পণ্য ও হস্তশিল্পজাত পণ্য রফতানি করে বাংলাদেশ।

আর যুক্তরাষ্ট্র সরকারের পরিসংখ্যান অনুযায়ী, জানুয়ারি থেকে আগস্ট পর্যন্ত চলতি বছরের প্রথম আট মাসে বাংলাদেশ থেকে মোট ৫৩৭ কোটি ৮২ লাখ ডলারের পণ্য আমদানি করেছে যুক্তরাষ্ট্র। একই সময়ে দেশটি বাংলাদেশে পণ্য রফতানি করেছে ১৩৭ কোটি ৮৫ লাখ ডলারের। এর আগে ২০২৩ সালে দেশটি বাংলাদেশ থেকে পণ্য আমদানি করেছে ৮৩০ কোটি ডলারের। রফতানি করেছে ২৩০ কোটি ডলারের।

এখনো বাংলাদেশে বিদেশী বিনিয়োগের শীর্ষ উৎস যুক্তরাষ্ট্র। বর্তমানে দেশে পুঞ্জীভূত মোট বিদেশী বিনিয়োগের প্রায় এক-পঞ্চমাংশই এসেছে দেশটি থেকে। বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী, ২০২৩ পঞ্জিকাবর্ষ শেষে দেশে নিট পুঞ্জীভূত এফডিআই বা নিট এফডিআই স্টক ছিল প্রায় ২ হাজার ৫৪ কোটি ৯১ লাখ ডলারের। এর মধ্যে যুক্তরাষ্ট্র থেকে আসা এফডিআই স্টক ছিল প্রায় ৩৯৩ কোটি ৫৪ লাখ ডলার।

এছাড়া সাম্প্রতিক সময়ে বাংলাদেশে রেমিট্যান্সের অন্যতম শীর্ষ উৎস হয়ে উঠেছে যুক্তরাষ্ট্র। বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী, চলতি ২০২৪-২৫ অর্থবছরের প্রথম চার মাসে (জুলাই-অক্টোবর) বাংলাদেশে মোট রেমিট্যান্স এসেছে ৮৯৩ কোটি ৭১ লাখ ডলারের। এর মধ্যে যুক্তরাষ্ট্র থেকে এসেছে ১৪১ কোটি ৮২ লাখ ডলারের, যা এ সময় মোট রেমিট্যান্স প্রবাহের প্রায় ১৬ শতাংশ।

সর্বশেষ অভ্যুত্থানে হাসিনা সরকারের পতনের পর বর্তমান অন্তর্বর্তী সরকারকে দেশের সংস্কার ও পুনর্গঠন কার্যক্রমে অংশীদার হওয়ার প্রতিশ্রুতি দেয় যুক্তরাষ্ট্র। সর্বশেষ গত সেপ্টেম্বরের মাঝামাঝি বাংলাদেশকে ২০ কোটি ডলার উন্নয়ন সহযোগিতা দেয়ার জন্য অন্তর্বর্তী সরকারের সঙ্গে একটি চুক্তি করেছে মার্কিন উন্নয়ন সংস্থা ইউনাইটেড স্টেটস এজেন্সি ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট (ইউএসএআইডি)।

অভিবাসন ও রেমিট্যান্স ছাড়া বাংলাদেশে দ্বিপক্ষীয় অর্থনৈতিক সম্পর্কের অন্য কোনো ক্ষেত্রে যুক্তরাষ্ট্রের এবারের নির্বাচনের ফলাফলের প্রভাব পড়ার সম্ভাবনা খুবই কম বলে মনে করছেন বিশেষজ্ঞরা। তাদের ভাষ্যমতে, রিপাবলিকান প্রার্থী ডোনাল্ড ট্রাম্প বাণিজ্য খাতে যুক্তরাষ্ট্রের ঘাটতি কমানোর জন্য পদক্ষেপ নেবেন বলে ঘোষণা দিয়েছেন। তবে সেগুলোর প্রভাব মূলত যুক্তরাষ্ট্রে বৃহদায়তনে রফতানি করা দেশের ওপরই পড়বে। দেশটির মোট আমদানিতে বাংলাদেশের অবদান খুবই যৎসামান্য। সে হিসেবে তার বাণিজ্যসংক্রান্ত পদক্ষেপগুলোয় বাংলাদেশের ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা কম। তবে যুক্তরাষ্ট্র প্রশাসন দেশটি থেকে অন্য দেশে অর্থ পাঠানোর ওপর কর আরোপ করলে বাংলাদেশের রেমিট্যান্স প্রবাহে এর প্রভাব পড়তে পারে।

এ প্রসঙ্গে সাবেক রাষ্ট্রদূত এম হুমায়ুন কবির বলেন, 'যুক্তরাষ্ট্রের বার্ষিক আমদানি ৩ ট্রিলিয়ন ডলারের ওপর। সে হিসেবে আমাদের আমদানি-রফতানি খুব একটা হিসাবের মধ্যে আসে না। ফলে ডোনাল্ড ট্রাম্প বা কমলা হ্যারিস যে-ই জিতুক না কেন, আমাদের বাণিজ্যে কোনো প্রভাব পড়বে বলে আমি বিশ্বাস করি না। ডোনাল্ড ট্রাম্প জয়লাভের পর ট্যারিফ আরোপ করলে এর প্রভাব পড়বে ভারত, চীন ও দক্ষিণ আফ্রিকার মতো বড় দেশগুলোয়। তারাই ক্ষতিগ্রস্ত হবে, আমরা নই। তবে ট্রাম্প যা বলেছেন, সেগুলো বাস্তবায়ন করলে আমাদের অভিবাসনে প্রভাব পড়বে। কারণ বাংলাদেশের অনেকেই সেখানে আনডকুমেন্টেড অবস্থায় অবস্থান করছেন। তাদের বিপদে পড়ে যাওয়ার আশঙ্কা রয়েছে। একই সঙ্গে সব দেশের ওপর রেমিট্যান্সে ট্যাক্স আরোপ করলে আমাদের ওপরও প্রভাব পড়বে। প্রায় ২ বিলিয়ন ডলার রেমিট্যান্স যুক্তরাষ্ট্র থেকে আমাদের এখানে আসে। বাংলাদেশের রেমিট্যান্স আহরণের উৎসের তালিকায় দেশটির অবস্থান এখন শীর্ষে।'

সাম্প্রতিক মাসগুলোয় যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্পর্কের উষ্ণতা বৃদ্ধির কিছুটা লক্ষণ দেখা দিলেও নতুন করে আশঙ্কা তৈরি করে প্রেসিডেন্ট নির্বাচনে পদপ্রার্থী ডোনাল্ড ট্রাম্পের সাম্প্রতিক বক্তব্য। সম্প্রতি এক টুইট বার্তায় তিনি বলেন, 'আমি বাংলাদেশে হিন্দু, খ্রিস্টান ও অন্যান্য সংখ্যালঘুর ওপর বর্বরোচিত সহিংসতার তীব্র নিন্দা জানাচ্ছি। দেশটিতে দলবদ্ধভাবে তাদের ওপর হামলা ও লুটপাট চালানো হচ্ছে। বাংলাদেশ এখন পুরোপুরিভাবে একটি বিশৃঙ্খল অবস্থার মধ্যে রয়েছে।'

ডোনাল্ড ট্রাম্পের এমন বক্তব্যে বিগত সরকার-সংশ্লিষ্টদের মধ্যে এক ধরনের উৎসাহ তৈরি হয়েছে। নির্বাচনে ডোনাল্ড ট্রাম্পের বিজয় বাংলাদেশ নিয়ে দেশটির অবস্থানে আবারো পরিবর্তন আসবে বলেও মনে করতে থাকেন অনেকে। যদিও অনেকে এ বক্তব্যকে স্রেফ রাজনৈতিক মন্তব্য হিসেবেই দেখছেন। বাংলাদেশ-যুক্তরাষ্ট্রের অর্থনৈতিক সম্পর্কে নির্বাচনের ফলাফলের প্রভাব খুবই সামান্য হবে বলে মনে করছেন বিগত সরকারের প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা ড. মশিউর রহমানও।

প্রবীণ এ অর্থনীতিবিদ তার ফেসবুক পেজে গতকাল লিখেছেন, 'বাংলাদেশ সরকারের ওপর মার্কিন নির্বাচনের প্রভাব নিয়ে নানা জল্পনাকল্পনা চলছে। কোনো সন্দেহ নেই ড. মুহাম্মদ ইউনূস বিশ্বব্যাপী পরিচিত একজন ব্যক্তিত্ব এবং যুক্তরাষ্ট্র প্রশাসনের সঙ্গে তার ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে। নির্বাচনে যে পক্ষই জয়লাভ করুক, যুক্তরাষ্ট্র এর নীতিতে মৌলিক কোনো পরিবর্তন আসার সম্ভাবনা কম। কোনো সরকারপ্রধানের সঙ্গে সেলফি বা আলিঙ্গনাবদ্ধ অবস্থার ছবি থেকে মৌলিক পররাষ্ট্রনীতি হিসেবে দেখার বিষয়টি একেবারেই শিশুসুলভ। এসব নীতি সাধারণত মোটাদাগে স্বাধীন একটি আমলাতন্ত্রের মাধ্যমে নির্ধারণ হয়। বৃহদায়তনে নীতিগত কিছু পরিবর্তন দেখা দিলেও তা নির্দিষ্ট কিছু মানদণ্ডের ভিত্তিতেই নির্ধারিত হয়। আর বিচক্ষণ যেকোনো নীতিকৌশলেই বাংলাদেশ হলো এশিয়ার মধ্যকার একটি দেশ এবং দক্ষিণ-পূর্ব এশিয়ার অংশ। যুক্তরাষ্ট্রের সঙ্গে চীনের বিরোধ রয়েছে। আর ভারতের গুরুত্ব শুধু চীনের পাল্টা ভারসাম্য হিসেবে। তবে আমি মনে করি, উভয় পক্ষই সংঘাত এড়িয়ে চলার চেষ্টা করে। যে পক্ষই জিতুক মূল ইস্যু হবে রাশিয়া-ইউক্রেন যুদ্ধ, ন্যাটোকে শক্তিশালী করা এবং ইসরায়েল-ফিলিস্তিন সংঘাতকে নিয়ন্ত্রণের বাইরে চলে যাওয়া থেকে বিরত রাখা। বৈশ্বিক অর্থনীতি, বিশেষ করে ট্রান্স-আটলান্টিক অর্থনীতি বিচক্ষণ যেকোনো মার্কিন প্রশাসনের জন্যই গুরুত্বপূর্ণ একটি প্রভাবক হিসেবে কাজ করবে।'

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পুপলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে রুজভেল্ট এভিনিউর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)

আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

■ Road Lesson Local & H.Way
■ Road Test Appointment
■ Car for Road Test
■ 5 Hours Class Certificate (Zoom Class)
Operate by JH office)
■ 6 Hours DDC Class
■ Good For TLC, Insurance & Point Redaction.
(Operate by JH office)
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
২টি লেসন একত্রে
OPEN 7 DAYS
Please
Scan & Visit us!
৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।
প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান
বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩
যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈয্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান
আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই
Website. www.populardrivingschoolny.com
POPULAR DRIVING SCHOOL INC.
Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453
Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Drew St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.

আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)
❑ আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
❑ আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
❑ পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
❑ পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
❑ আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।
ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
❑ সিটিজেনশীপ ❑ ফ্যামিলি পিটিশন ❑ NVC Case প্রসেসিং
❑ স্ট্যাটাস এডজাস্টমেন্ট ❑ এফিডেভিট অব সাপোর্ট
❑ এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
❑ Advanced Parole / Reentry Permit ইত্যাদি
37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
Low Income, No Problem
MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS CORP.

Direct Lender
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি
★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট
646-920-4799
আপনাদের সেবাই আমাদের লক্ষ্য
● ব্যক্তিগত পরামর্শ ● ইন্টারেষ্ট রেট কম ● ইনভেষ্টমেন্ট
● ফ্রি এপ্রোভাল ● ফাষ্ট ক্লোজিং ● দ্রুত এবং বিশ্বস্ত

139-27 Queens Blvd, Jamaica, NY 11435
Akib Hussain


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QAI Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

মঙ্গল প্রদীপ জ্বালিয়ে নিউইয়র্কে আন্তর্জাতিক লালন উৎসব

বিশেষ প্রতিনিধি: নিউইয়র্কে দ্বিতীয়বারের মতো অনুষ্ঠিত হলো আন্তর্জাতিক লালন ও লোকজ উৎসব। গত ২৬ অক্টোবর শনিবার নিউইয়র্কের জ্যামাইকার ম্যারি লুইস একাডেমিতে এই উৎসবের আয়োজন করে লালন পরিষদ ইউএসএ। বেলা ২টা থেকে শুরু হয়ে অনুষ্ঠান চলে রাত ১১টা পর্যন্ত। উৎসবে বাংলাদেশ, ভারত, লন্ডন, কানাডা ও আমেরিকার বিভিন্ন স্টেট থেকে প্রায় ২০০ শিল্পী ও কলাকুশলী অংশ নেন বলে আয়োজকরা দাবী করেন।

উৎসবের শুরুতে মঙ্গল প্রদীপ জ্বালিয়ে উৎসবের উদ্বোধন করেন কিংবদন্তী সঙ্গীত শিল্পী নীনা হামিদ। এসময় তার পাশে ছিলেন একুশে পদকপ্রাপ্ত একাত্তরের কণ্ঠযোদ্ধা রথীন্দ্রনাথ রায়, বীর মুক্তিযোদ্ধা ড. নূরন নবী, ড. সিদ্দিকুর রহমান. মিনহাজ আহমেদ জাবেদ, কমরেড জাকির হোসেন, উৎসবের প্রধান উপদেষ্টা নুরল আমিন বাবু, লালন উৎসবের আহবায়ক আব্দুল হামিদ, গোপাল সান্যাল, স্বীকৃতি বড়ুয়া, মিডিয়া সমন্বয়ক পিনাকী তালুকদারসহ আয়োজকরা।

উদ্বোধনী বক্তব্যে প্রবীণ শিল্পী নীনা হামিদ বলেন, প্রবাসে বাংলা সংস্কৃতির এই নান্দনিক বিকাশ দেখে ভীষণ ভালো লাগছে। আয়োজকদের প্রতি গভীর কৃতজ্ঞতা জানিয়ে তিনি বলেন, নতুন প্রজন্মকে আরো বেশি করে আমাদের বাংলা সংস্কৃতির সঙ্গে সম্পৃক্ত করতে হবে। এবারের উৎসবমুখর ও নান্দনিক এই অনুষ্ঠানে নতুন প্রজন্মের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো।





উৎসবে অংশ নিতে বাংলাদেশ থেকে অংশ নেন লোকগানের শিল্পী লায়লা। অনুষ্ঠানে দেশের জনপ্রিয় সঙ্গীতশিল্পী দিনাত জাহান মুন্নী, প্রবাসের জনপ্রিয় শিল্পী শাহ মাহবুব, আলভিন, মাইশা জেসিন এবং চিত্রনায়িকা ও নৃত্যশিল্পী মন্দিরা চক্রবর্তীর পরিবেশনা আমন্ত্রিত দর্শকদের মুগ্ধ করে।

উৎসবের অন্যতম আকর্ষণ ছিল মহিতোষ তালুকদার তাপস ও তার দলের বিশেষ পরিবেশনা। নিউজার্সীর চন্দ্রা ব্যানার্জির তত্ত্বাবধানে দলীয় নৃত্য পরিবেশনা উৎসবটিকে এক উচ্চমাত্রায় নিয়ে যায়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সাদিয়া খন্দকার, স্বাধীন মজুমদার ও সেঁজুতি তালুকদার।

উৎসবের আগত অতিথিরা বলেন, লালন কোনো জাতিভেদ মানতেন না। তাই তিনি গেয়েছেন, 'সব লোকে কয় লালন কি জাত সংসারে/লালন কয় জাতির কি রূপ দেখলাম না এ নজরে'। এরূপ সাম্প্রদায়িক ভেদবুদ্ধিমুক্ত এক সর্বজনীন ভাবরসে সিক্ত বলে লালনের গান বাংলার হিন্দু-মুসলিম সবার কাছে সমান জনপ্রিয়। লালনের গান একসময় এতই জনপ্রিয় ছিল যে তা সাধারণ মানুষ ও নৌকার মাঝিমাল্লাদের মুখে মুখে শোনা যেত। এমনকি বর্তমানেও সকল মহলে এ গানের কদর বাড়ছে। তারা আরও বলেন, লালন ছিলেন বহুমুখী প্রতিভার অধিকারী একজন বাঙালী। যিনি ফকির লালন, লালন সাঁই, লালন শাহ, মহাত্মা লালন ইত্যাদি নামে পরিচিত। তিনি একাধারে একজন আধ্যাত্মিক ফকির সাধক, মানবতাবাদী, সমাজ সংস্কারক এবং দার্শনিক। লালনকে বাউল গানের অগ্রদূতদের অন্যতম একজন হিসেবেও বিবেচনা করা হয় এবং তার গান উনিশ শতকে বেশ জনপ্রিয়তা অর্জন করে।

নিউইয়র্কের ব্রিংহামটনে আইন-ট্যাক্স-ফিন্যান্স সেমিনার



নিউইয়র্ক স্টেটের অন্যতম শহর ব্রিংহামটনে আইন,ট্যাক্স,ফ্রিনান্স বিষয়ের উপর মানুষের মধ্যে ধারনা দেওয়ার জন্য সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

গত ২ নভেম্বর শনিবার ব্রিংহামটনের ইন্ডিকট ৯ ওয়াশিংটন এভিনিউর বাংলাদেশী স্বাদ রেস্টুরেন্টে অনুষ্ঠিত হয়।

TLC/Motor Vehicle Exam,
মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT	8 Weeks Course 4 Hours Each Class Total 32 Classes (4 days/week) Total Cost : $2000.00 Time : 2 pm to 6 pm	Get **25%** Discount sign up by 4th July
SHSAT	8 Weeks Course 5 days/week Total Cost : $2000.00 Time : 2 pm to 6 pm	
COMMON CORE MATH & ENGLISH	1st Grade to 6th Grade 8 weeks course 3 Hrs./day, 4 days/week Cost : 600.00	

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : **347-657-0530, 917-561-1090**

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : **718-507-2113, 917-561-1090**

Congratulations to all our Students who made into Specialized High School

Highland Medical Care, PLLC



Nazmul H. Khan, MD, FACP
Board Certified in Internal Medicine

Address
87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:	JAMAICA OFFICE:
30-04, 36th Avenue LIC, NY 11106 Tel: 718-383-4500	170-12 Highland Avenue Jamaica Estates, NY- 11432 www.drmrahman.com

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

Akash Medical Care
আকাশ মেডিক্যাল কেয়ার



Akash Ferdaus MD
Akash Medical Care
Internal & Geriatric Medicine

হার্টের ডাক্তার
Sudesh Srivastava MD
Cardiologist

পায়ের ডাক্তার
Dr. Nayeem Haque
Podiatic Surgeon

FOR APPOINTMENT
718-431-0009
Hours:
Mon-Sat 10 AM to 8 PM

79 Church Avenue, Brooklyn, NY 11218

NIGAR SULTANA
LICENSED REALESTATE AGENT
929-561-9226
TEXT NSL TO 85377 FOR DIGITAL BUSINESS CARD



এ কেমন

(শেষ পৃষ্ঠার পর)

আপত্তিকর পোষ্ট দেওয়া। উপস্থিতদের কেউকেউ বলছেন বিক্ষোভকারীরা সেই লোককে হল থেকে বের করে দিতে বলছিলো, নাটক বন্ধ করতে না। ডিজি মহোদয় তাদের সাথে কথা বলে শান্ত করার চেষ্টা করেন। বাইরের খবর ভেতরে গেলে কিছুক্ষনের জন্য মঞ্চায়ন বন্ধও রাখা হয়েছিল। পরে শুরু হলে এক পর্যায়ে ডিজি মঞ্চে উঠে প্রদর্শনী পুরোপুরি বন্ধ ঘোষনা করেন।

দেশে এখন চলছে মব ট্রায়ালের কালচার। কয়েকজন মিলে রাস্তায় দাঁড়িয়ে কিছু বক্তৃতা ভাষণ দিলেই তা দাবী হয়ে যায়। এই মবের সাথে কোন একজন সমন্বয়ক থাকলে কথাই নেই। তা জাতীয় দাবী হয়ে যাচ্ছে। এমন অবস্থায় মবের দাবীতে শিল্পকলায় নাটক বন্ধ হয়ে যাওয়ার খবর আলোচনায় আসারই কথা। হয়েছেও তাই। পরশু চট্টগ্রামে এক অভিনেত্রী নাকি প্রতিরোধের মুখে কোন এক দোকানের শো-রুম উদ্বোধন করতে পারেননি। ফলে স্বভাবতই শিল্পকলার ঘটনাটা আসলে কি বোঝার চেষ্টা করি। যতটুকু মনে হলো বিক্ষোভকারীদের মধ্যে কোন সমন্বয়ক ছিল না। বা এরা কারা ছিল তাও স্পষ্ট না। যাকে টার্গেট করেছিল, পরে জানলাম সে একজন চিহ্নিত আওয়ামী অ্যাক্টিভিস্ট। এমন অনেকেই আছেন। শুধু এ কারনে একটা নাটকের প্রদর্শনী বন্ধ করে দেওয়ার কথা না। নেপথ্যের কারনটা যখন খুঁজছি, এলো সংযুক্ত এই পোষ্টারটা। ফেসবুকে দিয়েছে এহসানুল আজিজ বাবু নামে এক নাট্যনেতা। তারই গ্রুপের নাটক চলছিলো তখন। এবং সে ভেতরেও ছিল। তার বিরুদ্ধেই চলছিলো বিক্ষোভ। ওই পোস্টা রের বিষয়বস্তু তে যারা সংক্ষুব্ধ তারা বি ক্ষোভ করতেই পা রে।

মত প্রকাশের স্বাধীনতা সবারই থাকবে। বর্তমান সরকার এখন পর্যন্ত নাগরিকদের সে অধিকার বলবৎ রেখেছে। কিন্তু এ কেমন অধিকারচর্চা! প্রধান উপদেষ্টা আর পাঁচ সমন্বয়কের মাথায় জিন্নাহ টুপী বসিয়ে লিখতে হবে 'এরা বাংলাদেশ বিরোধী এরা স্বাধীনতাবিরোধী, রাজাকারদের রুখে দাঁড়ান!'ভাবুন তো শেখ হাসিনার আমলে যদি তাকে নিয়ে এমন কেউ লিখতো এতক্ষণে তার হাড়গোর খুঁজে পাওয়া যেতো কিনা! নাটক শিল্পকলা বা সাহিত্য সংস্কৃতি অঙ্গনের অনেকেই পতিত স্বৈরাচারের দোসর ছিল। অবস্থার প্রেক্ষিতে তারা হালে চুপ। এই বাবু সাহেবের দাসচেতনা এই সময়ে উছলে উঠলো কেন বোঝা গেল না! যদি ওই পোষ্টারের কারনে বিক্ষোভকারিরা প্রতিবাদ জানিয়ে থাকেন খুব একটা দোষের হয়েছে বলে আমি মনে করি না। এ নিয়ে আহা উহু করা বা নাটক থিয়েটার ধ্বংশ হয়ে গেল বলে মাতমেরও কিছু নেই। শিল্পকলার কর্তৃপক্ষকেও বলবো পনের বছর লাকির পা চেটে যারা সংস্কৃতির অঙ্গনটাকে কলুষিত করেছে, লুটেপুটে খেয়েছে তাদেরকে চিহ্নিত করে এড়িয়ে চলাই ভাল হবে।

ব্রঙ্কসে কিশোরদের সংঘবদ্ধ হামলায়

(শেষ পৃষ্ঠার পর)

ওই কিশোররা তাদের সাথে থাকা ক্রিকেট ব্যাট দিয়ে আঘাত করে জখম করে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছালে ওই কিশোররা নিজেদেরকে অপ্রাপ্তবয়স্ক দাবি করে সেখান থেকে সঁটকে পড়ে। এদিকে আরমানের পরিবারের সদস্যরা খবর পেয়ে আরমানকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যান।

আরমানের দাদা, বিশিষ্ট ব্যবসায়ী ও রাজনীতিক আলহাজ সোলায়মান ভুঁইয়া জানান, আরমান তার ছোট ছেলের পুত্র। ওই কিশোররা দীর্ঘদিন ধরে তার নাতিকে উৎপাত করে আসছিলো। এদের বেশ কয়েকজন বাংলাদেশী বংশোদ্ভুত। শুক্রবার আরমান বাসায় ফেরার পথে মসজিদ থেকে জুতা চুরির অপবাদ দিয়ে বেধড়ক মারধর করে। এ সময় ওই কিশোরদের একজন মারধরের ভিডিও তুলে সেটি সামাজিক যোগাযোগ মাধ্যমে পোস্ট করে তারা নিজেদের শক্তির জানান দেয়। পরে আবার সেটি ডিলেট করে দেয়।

আলহাজ সোলায়মান ভুঁইয়া আরো বলেন, হামলার বিষয়টি নিয়ে পুলিশের কাছে যাই। তারা আমাদেরকে জানায় ওই কিশোররা অপ্রাপ্ত বয়স্ক। তাই তাদের বিরুদ্ধে পুলিশ আইনগত ব্যবস্থা নিতে পারবে না। তিনি বলেন, স্থানীয় এলাকায় প্রতিনিয়ত বেশ কয়েকটি কিশোর গ্যাংয়ের উৎপাত বৃদ্ধি পেয়েছে।

১১ নভেম্বর তিব্বত কমিউনিটি

(শেষ পৃষ্ঠার পর)

আহ্বায়ক লায়ন শাহ নেওয়াজ, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির প্রধান উপদেষ্টা এবিএম ওসমান গনি, সোসাইটির নব নির্বাচিত সভাপতি আতাউর রহমান সেলিম, সহ সভাপতি কামরুজ্জামান কামরুল ও সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী এবং জ্যামাই-কার নির্বাচন পরিচালনা কমিটির সদস্য সচিব ও কমিউনিটি বোর্ড মেম্বার আহসান হাবিব, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট ড. দিলীপ নাথ প্রমুখ। এসময় কমিউনিটির উল্লেখযোগ্য ব্যক্তিবর্গের মধ্যে কাজি আজাহারুল হক মিলন, আলী ইমাম মজুমদার, কাজী আজম, নওশেদ হোসেন, 'সেলিম-আলী' প্যানেলের নির্বাচন পরিচালনা কমিটির সদস্য সচিব কাজি তোফায়েল ইসলাম, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট কামরুল ইসলাম সানি, এনায়েত মুন্সী, সামাদ মিয়া প্রমুখ উপস্থিত ছিলেন। 'সেলিম-আলী' প্যানেলের নির্বাচিত কর্মকর্তাদের মধ্যে মফিজুল ইসলাম রুমি, অনিক রাজ, আখতার বাবুল, হাসান জিলানী, জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী প্রমুখ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে 'সেলিম-আলী' প্যানেল-কে বিজয়ী করায় প্যানেলের পক্ষ থেকে জ্যামাইকাবাসী বাংলাদেশী সহ সোসাইটির সকল ভোটারদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করা হয়।

এদিকে বাংলাদেশ সোসাইটির নির্বাচনে 'সেলিম-আলী' প্যানেল বিপুল ভোটে নির্বাচিত হওয়ায় নির্বাচন পরিচালনা কমিটির আয়োজনে আগামী ১১ নভেম্বর সোমবার সন্ধ্যা ৬টায় উডসাইডের তিব্বত কমিউনিটি সেন্টারে 'বিজয় উৎসব' আয়োজন করা হয়েছে। 'সেলিম-আলী' প্যানেলের নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যান আজমল হোসেন কুনু, আহবায়ক শাহ নেওয়াজ, প্রধান সমন্বয়কারী কাজী আজহারুল হক মিলন, কো-কনভেনর কাজী আজম, সদস্য সচিব কাজী তোফায়েল ইসলাম, নব নির্বাচিত সভাপতি আতাউর রহমান সেলিম এবং সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী বিজয় উৎসব অনুষ্ঠানে যোগদানের জন্য প্রবাসী বাংলাদেশীদের আমন্ত্রন জানিয়েছেন।

অপরদিকে 'সেলিম-আলী' প্যানেল বিপুল ভোটে নির্বাচিত হওয়ায় নিউইয়র্ক সিটির সাউথ জ্যামাইকা বাংলাদেশী কমিউনিটির আয়োজনে আগামী ৫ নভেম্বর মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ৬টায় জ্যামাইকার ইকরা পার্টি সেন্টারে 'বিজয় উৎসব' আয়োজন করা হয়েছে বলে জানা গেছে।

Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration



*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ

Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ আছেন। আপনাদের মঙ্গলকর জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যেকোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

ইউএস সিটিজেনশীপ লাভের যোগ্যতা:

একজন পার্মানেন্ট প্রেসিডেন্ট হিসেবে কেউ যদি ইউএসএ বসবাস করেন। তবে তিনি ন্যাচারালাইজেশনের জন্য (এন ৪০০) আবেদন করে ইউএস সিটিজেন হওয়ার প্রক্রিয়া শুরু করতে পারেন। ইউএস ইমিগ্রেশন আইনে সিটিজেন হবার জন্য অবশ্যই নিচের শর্তগুলো পূরণ করতে হবে।

শর্তগুলো হচ্ছে:

বয়স: আপনার বয়স অবশ্যই ১৮ হতে হবে, যখন আপনি আবেদন জানাবেন।

রেসিডেন্সি: বৈধভাবে ৫ বছরের পার্মানেন্ট রেসিডেন্ট হতে হবে।

যদি আপনার স্পাউস (স্বামী/স্ত্রী) ইউএসএ-এ'র সিটিজেন হয়ে থাকেন এবং তার সাথে বসবাস করেন। সেক্ষেত্রে বসবাসের যোগ্যতা তিন বছরের হতে হবে (সশরীরে ইউএসএ উপস্থিতি আইনের চাহিদা) এবং স্থায়ীভাবে ইউএসএ থাকতে হবে।

সিটিজেনশীপের পরীক্ষা:

ইংরেজি পড়তে লিখতে এবং ব্যাসিক ইংরেজি বলা জানতে হবে। ইউএসএএ'র ইতিহাস এবং সরকার সম্পর্কে জ্ঞান ও বোঝার দক্ষতা প্রমাণ করতে হবে।

আইন অনুযায়ী অবশ্যই সৎ চরিত্রের অধিকারী হতে হবে এবং ইউএসএ'র প্রতি আনুগত্য গ্রহণে শপথ নিতে সম্মত থাকতে হবে।

ইংরেজী ভাষার পরীক্ষা মওকুফ হতে পারে, তবে সিভিকস পরীক্ষা দিতে হবে যদি নিম্নের শর্তগুলো বর্তমান থাকে।

শর্তগুলো হচ্ছে

সিটিজেনশীপের আবেদন জানানোর সময় বয়স ৫০ বছর অথবা অধিক এবং পার্মানেন্ট রেসিডেন্ট (গ্রীনকার্ডধারী) হিসেবে ইউএসএ ২০ বছর বসবাস করতে হবে- যা '৫৫/২০' বলে পরিচিত। অথবা ৫৫ বছর বা ততোধিক বয়সীদের সিটিজেনশীপের আবেদন জানানোর সময় এবং ইউএসএ পার্মানেন্ট রেসিডেন্ট হিসেবে পনেরো বছর বসবাস (যাকে সাধারণভাবে বলা হয় '৫৫/১৫' ব্যতিক্রম)।

* '৫০/২০' বা '৫৫/১৫' বিবেচনায় ইংরেজি ভাষার পরীক্ষা থেকে রেহাই পেলেও সিভিক টেস্ট অবশ্যই দিতে হবে।



* নিজের ভাষায় সিভিল টেস্ট দেয়ার অনুমতি পাওয়া যাবে আর বয়স যদি ৬৫ বা তার বেশি হয় এবং পার্মানেন্ট রেসিডেন্ট হিসেবে ইউএসএ ২০ বছর বসবাস হয়, সে ক্ষেত্রেও ২০টি প্রশ্নের সহজ পরীক্ষা দেয়া যাবে। অফিসার আপনাদের ২০টি প্রশ্ন থেকে ১০টি প্রশ্ন করবেন- তার মধ্যে থেকে অবশ্যই ছয়টি প্রশ্নের সঠিক উত্তর দিতে হবে (শারীরিক অক্ষমতার ভিত্তিতে ব্যতিক্রম)।

শারীরিক, মানসিক বা গঠনগত কোন অক্ষমতা বা অসুস্থতা থাকলে তখন ইংরেজি এবং সিভিল টেস্ট থেকে রেহাই পেতে পারেন। এক্ষেত্রে ফরম এন ৬৪৮ পূরণ করতে পারেন। আনুষ্ঠানিকভাবে এটিকে মেডিকেল সার্টিফিকেসন বলা হয়। এই ফর্মটি পূরণ করতে হবে মেডিকেল ডাক্তারকে দিয়ে।

উপসংহার:

কারো ক্যাটাগরি যদি হয় '৬৫/২০' ক্যাটাগরি- এর অর্থ হচ্ছে তিনি ইংরেজি টেস্ট থেকে মুক্তি পাবেন। তবে ইউএসএ'র ইতিহাস ও গভর্নমেন্ট সম্পর্কে সহজ প্রশ্নের উত্তর দিতে হবে। এই টেস্টে ইংরেজি প্রশ্নের উত্তর তার নিজের ভাষা বাংলায় দিতে পারবেন।

প্রশ্ন: শর্তসাপেক্ষে গ্রীন কার্ড পাবার পর ডিভোর্স হলে কি হবে?

উত্তর: বিয়ের শর্ত সাপেক্ষে গ্রীন কার্ড পাওয়ার পর ডিভোর্স হলে সমস্যার সৃষ্টি হতে পারে। শর্ত সাপেক্ষে সময়ের মধ্যে ডিভোর্স হলে শর্ত মওকুফের জন্য যৌথ আবেদন জরুরী। এক্ষেত্রে আবেদনকারীকে আবেদনের ডিভোর্সের রায় তার কারণ এবং যুক্তি দেখাতে হবে। এক্ষেত্রে যত বেশি যুক্তি উপস্থাপন করা সম্ভব তা সংযুক্ত করে দিতে হবে। এক্ষেত্রে আবেদনের সাথে যুক্তিসঙ্গত এবং বিশ্বাসযোগ্য প্রমাণ উপস্থাপন করতে হবে। প্রয়োজনবোধে এ ব্যাপারে একজন ইমিগ্রেশন এটর্নির সাথে আলোচনা করে পদক্ষেপ নেয়া যেতে পারে।

নভেম্বর ২০২৪ এর ভিসা বুলেটিন:

ইউএস ডিপার্টমেন্ট অব স্টেট (ডিওএস) নভেম্বর ২০২৪ এর ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে ২০২৪ নভেম্বর এর পরিবার ভিত্তিক ভিসার প্রাপ্যতা উল্লেখ করা হলো। উল্লেখ্য যে, 'ফাইনাল এ্যাকশন ডেট' বলতে সেই তারিখকে বোঝায় যখন ইউএসসিআই-এস/ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। আপনাদের প্রায়োরিটি তারিখ হবে অবশ্যই এই তারিখের পূর্বে।

নভেম্বর ২০২৪ এর ভিসা বুলেটিনের সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরি খুব সামান্য অগ্রগতি হয়েছে।

পরিবার ভিত্তিক ভিসার প্রাপ্যতা:

প্রথম: (এফ ১) ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র কন্যা : অক্টোবর ২২, ২০১৫।

দ্বিতীয়: পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্রকন্যা।

এ. (এফ ২এ): পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং ২১ নিম্ন বয়সী সন্তান: জানুয়ারী ০১, ২০২২।

বি (এফ টু বি): পার্মানেন্ট রেসিডেন্টদের ২১ নিম্ন বয়সী এবং ২১ ঊর্ধ্ব বয়সী অবিবাহিত পুত্র কন্যা: মে ০১, ২০১৬।

তৃতীয়: (এফ ৩): ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র কন্যা: এপ্রিল ১৫, ২০১০।

চতুর্থ: (এফ ৪): প্রাপ্তবয়স্ক ইউএস সিটিজেনদের ভাইবোনেরা: আগস্ট ০১, ২০০৭।

এ ব্যাপারে পারিবারিক এবং চাকুরির ভিত্তিক ভিসার প্রাপ্যতা সম্পর্কে জানতে ইউএস ডিপার্টমেন্ট অব স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

ইমিগ্রেশন বিষয়ে আমাদের পরামর্শ হচ্ছে যেকোনো চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ এটর্নির সাথে পরামর্শ করা ভালো।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪ ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০ ই-মেইল:

kazmiandreeves@gmail.com

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases * Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**


এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।



কাজী ফৌজিয়ার 'নিউইয়র্কের চিঠি' গ্রন্থের প্রকশনা উৎসব অনুষ্ঠিত

বিশেষ প্রতিনিধি: নিউইয়র্কে বাংলাদেশী কমিউনিটির পরিচিত মুখ, বিশিষ্ট মানবাধিকারকর্মী কাজী ফৌজিয়ার লেখা 'নিউইয়র্কের চিঠি' গ্রন্থের প্রকশনা উৎসব অনুষ্ঠিত হয়েছে। এ উপলক্ষ্যে গত ২২ সেপ্টেম্বর রোববার সন্ধ্যায় জ্যাকসন হাইটসের জুইশ সেন্টারে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসেবে বইটির উপর আলোচনা করেন, সিনিয়র সাংবাদিক ও অনুবাদক আনোয়ার হোসেইন মঞ্জু, বাংলা পত্রিকা'র সম্পাদক ও টাইম টেলিভিশনের সিইও আবু তাহের, অধ্যাপক দীনা সিদ্দিকী ও কবি কাজী জহিরুল ইসলাম। অনুষ্ঠান উপলক্ষে ঢাকা থেকে একটি শুভেচ্ছা বাণী পাঠান লেখক ও চিন্তক ফরহাদ মজহার, যেটি পাঠ করেন সঞ্চালক দীপু। এছাড়াও শুভেচ্ছা বক্তব্য রাখেন নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি মনোয়ারুল ইসলাম, ঢাকা রিপোর্টার্স ইউনিটির সাবেক সভাপতি নজরুল ইসলাম মিঠু, সাপ্তাহিক দেশ সম্পাদক মিজানুর রহমান, কমিউনিটি অ্যাক্টিভিস্ট রওশন হক প্রমুখ।

অনুষ্ঠানের শুররুতে লেখকের জীবনী পড়ে শোনান জাতিসংঘে কর্মরত মানবসম্পদ বিশেষজ্ঞ এবং ঊনবাঙাল-এর সভাপতি মুক্তি জহির। দীপুর সঞ্চালনায় গ্রন্থ থেকে অংশবিশেষ পাঠ করেন আবৃত্তিশিল্পী আহসান হাবীব।

অনুষ্ঠানে 'নিউইয়র্কের চিঠি'র বিভিন্ন অংশের গুরুত্বপূর্ণ বেশ কিছু বিষয় তুলে ধরে কাজী জহিরুল ইসলাম বলেন, এ বইয়ের মূলশক্তি হলো এতে কোনো ধার করা বিষয় নেই, নিজের জীবনের সংগ্রাম ও যুদ্ধের কথা লেখক কাজী ফৌজিয়া অকপটে প্রকাশ করেছেন, কাঠামো হিসেবে বেছে নিয়েছেন বন্ধুকে লেখা চিঠির ফর্ম। এটি যে একটি রোমান্টিক গ্রন্থও এই কথাটিও তিনি উল্লেখ করেন।

অন্যান্য আলোচকরা বলেন, কাজী ফৌজিয়া 'নিউইয়র্কের চিঠি' গ্রন্থে তিনি লিখেছেন তার প্রত্যক্ষ অভিজ্ঞতার কথা। যা পড়ে পাঠকদের সাহসে বুক বাঁধতে শেখাবে। বাঙালীরা হারতে জানে না, কাজী ফৌজিয়ার গ্রন্থ থেকে সেই মর্মবাণী উঠে এসেছে।

উল্লেখ্য, কাজী ফৌজিয়া ১৯৬৮ সালের ৮ ডিসেম্বর গাজীপুর জেলায় জন্মগ্রহণ করেন। পাঁচ ভাইবোনের মধ্য কাজী ফৌজিয়া সবার বড়। ফৌজিয়ার পিতা হারিছ আলী কাজী ছিলেন মজলুম জননেতা মওলানা আব্দুল হামিদ খান ভাসানীর একনিষ্ঠ অনুসারী। শিশুকাল থেকেই ফৌজিয়া পিতার সান্নিধ্যে থেকে নিজেও ভাসানীর অনুসারী হয়ে ওঠেন। কাজী ফৌজিয়া এক সময় পাড়ি জমান যুক্তরাষ্ট্রে। বর্তমানে তিনি দক্ষিণ এশিয়ার ইমিগ্যান্টদের নিয়ে কাজ করা সংগঠন ড্রাম'র কর্মসূচি পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন। মানুষের অধিকার আদায়ে আজন্ম সংগ্রামী মানুষটির জীবন নিয়ে পিএইচডি'র গবেষণাও হয়েছে।

সংবিধান সংশোধনে

দ্বিতীয় পৃষ্ঠার পর)

যাবে। সঠিক পথে রাখা যবে।

সুপ্রিম কোর্ট বারের সভাপতি ব্যারিস্টার এ এম মাহবুব উদ্দিন খোকন বলেছেন, সংবিধান সংশোধন হবে না পুনরায় লেখা হবেআমার কাছে মনে হচ্ছে এই বিতর্ক একটা সংকটের দিকে নিয়ে যাচ্ছে জাতিকে। রাজনৈতিক কর্মী হিসেবে আমি সামনে অনেক মেঘ দেখছি আকাশে। সেটি নির্বাচন পর্যন্ত। অনেক ষড়যন্ত্র হচ্ছে। অস্থিরতা সৃষ্টি হতে পারে, নির্বাচন ব্যবস্থা বন্ধ হতে পারে। অনেকে মনে করছেন নতুন সংবিধান লিখবেন। এখন যদি সংবিধান সংশোধন বা পুনরায় লেখা হয় এটি অনুমোদন দেবে কে? ভবিষ্যৎ সংসদ? যদি না করে? তাহলে কি নির্বাচনের সময় ওদেরকে জেতাবেন? যারা এটি অনুমোদন দেবে? তাহলে তো ১৬ বছরের কষ্ট কষ্টই রয়ে গেল। ব্যারিস্টার খোকন বলেন, এই সুপ্রিম কোর্ট কখনো বলেছে মার্শাল ল' অবৈধ? চলে যাওয়ার পর বলেছে অন্যায় করেছে। গত ১৬ বছরে যা হওয়ার হয়েছে। এখন এগুলোর বিচার হচ্ছে। সুপ্রিম কোর্টের সাহস থাকে না কেন? সুপ্রিম কোর্ট যদি সাহসী হতো তাহলে আজকে আমরা এই দুর্ভোগে পড়তাম না।

বিচারপতি নিয়োগে আইন না করায় ক্ষোভ প্রকাশ করে তিনি বলেন, নিম্ন আদালতে বিচারক নিয়োগের সময় তৃতীয় শ্রেণি হলে আবেদন করতে পারবে না। মেধাবী দরকার। তারা জেলা জজ হওয়ার পর সুপ্রিম কোর্টে আসে বিচারপতি হয়ে। আর এখানে অনেকে জজ কোর্টে সনদ নিয়ে সৌদি আরবে শ্রমিক হিসেবে কাজ করে বা লন্ডনে চলে যায়। তারপর ফিরে এসে হাইকোর্টে তালিকাভুক্ত হয়। তারপর হাইকোর্টের বিচারপতি হয়। কারণ আইন নেই। নিম্ন আদালতে তৃতীয় বিভাগ নিয়ে আবেদন করতে পারে না। আর এখানে দল করলেই হয়। সংবিধানে স্বাধীন বিচার ব্যবস্থার কথা বলা আছে। কেন তারা পরাধীন থাকে? যে সরকার আসে সে সরকারকে তারা সহযোগিতা করে।

তিনি আরও বলেন, ১৬ বছর বিনা ভোটে বাংলাদেশ চলেছে। এখন সংস্কার করতে চায়। কি সংস্কার করবেন আপনারা? যারা ডিসি ছিল, ইউএনও ছিল, ভোট চুরি করতে সাহায্য করেছে। তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছেন আপনারা?



যুক্তরাষ্ট্র জাপা'র উপজেলা দিবস পালন

নিউইয়র্ক: জাতীয় পার্টি যুক্তরাষ্ট্র শাখা উপজেলা দিবস পালন করেছে। এ উপলক্ষ্যে গত ২৭ অক্টোবর রোববার সন্ধ্যায় এষ্টোরিয়া বৈশাখী রেস্টুরেন্ট মিলানায়তনে এক সভার আয়োজন করা হয়। শাখার সভাপতি মুক্তিযোদ্ধা হাজী আব্দুর রহমানের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক আবু তালেব চৌধুরী চান্দুর পরিচালনায় সভার শুরুতে বাংলাদেশের জাতীয় সংগীত পরিবেশন এবং উপজেলার প্রতিষ্ঠাতা হুসেইন মুহম্মদ এরশাদের রুহের মাগফিরাত কামনা করে এক মিনিট নীরবতা পালন করা হয়।

সভায় বক্তব্য রাখেন জাপা'র উপদেষ্টা মুক্তিযোদ্ধা গিয়াস মজুমদার, সাবেক কমিশনার মোহাম্মদ আলী, জাপা'র উপদেষ্টা জসিম চৌধুরী, সিনিয়র সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা অ্যাডভোকেট হারিস উদ্দিন আহমেদ, সহ সভাপতি ডা. মোহাম্মদ সেলিম ও শফিউল আলম, যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ আব্দুল করিম, যুগ্ম সাংগঠনিক সম্পাদক মীর জাকির, মহিলা বিষয়ক সম্পাদিকা জেসমিন আক্তার চৌধুরী, যুব বিষয়ক সম্পাদক আব্দুল মোতালেব, যুগ্ম প্রচার সম্পাদক ওয়াহিদ ফেরদৌস, সদস্য মোঃ মুসলিম ও মহসিন আলী, জাপা মহিলা শাখার সভানেত্রী ডা. নারগিস আহমেদ, ছাত্র বিষয়ক সম্পাদক মুজিবুর রহমান প্রমুখ।

সভায় বক্তারা বলেন, মরহুম রাষ্ট্রপতি এরশাদ উপজেলা পরিষদ গঠন করে মানুষের দোরগোড়ায় প্রশাসনকে নিয়ে গিয়েছিলেন। বক্তারা এরশাদের মানবতার কথা উল্লেখ করে বলেন, তিনি ঔপনিবেশিক ব্যবস্থা ভেঙে সাধারণ মানুষের শাসন প্রতিষ্ঠা করতেই উপজেলা ব্যবস্থা প্রবর্তন করেছিলেন। উপজেলা পর্যায়ে ১৮টি দপ্তরে বিসিএস কর্মকর্তা নিয়োগ করে মানুষের চিকিৎসা, শিক্ষা, কৃষি, পশুপালন, মৎস্য চাষের বৈপ্লবিক উন্নতি সাধন করেছিলেন। শহরের সেবা গ্রামীণ মানুষের দুয়ারে পৌঁছে দিয়েছিলেন পল্লীবন্ধু। উপজেলা পর্যায়ে বিভাগীয় পর্যায়ে হাইকোর্ট বেঞ্চ স্থাপন করে আইনি সেবা মানুষের দোড়গোড়ায় পৌঁছে দিতে কাজ করেছেন পল্লী বন্ধু এরশাদ। পল্লীবন্ধু এরশাদ উপজেলা পরিষদ প্রতিষ্ঠা করে জনগণের কাছে জবাবদিহিতামূলক একটি শাসন সৃষ্টি করেছিলেন।

বক্তারা বলেন, মরহুম রাষ্ট্রপতি এরশাদের প্রশাসন বিকেন্দ্রীকরণের অনন্য সৃষ্টি উপজেলা ব্যবস্থা প্রবর্তন। তারা বলেন, উপজেলা দিবস আজ বাংলার ১৮ কোটি মানুষের সেই স্বপ্নের উপজেলা। সেই দিনের উপজেলা আদালত ছিল মানুষ ঘর থেকে ভাত খাইয়ে পায়ে হেঁটে উপজেলা আদালতে বিচারের জন্য যেতেন। এখন শুধু উপজেলা একজন নির্বাহী অফিসার মাত্র দেখাশোনা করেন। ফলে উপজেলা থেকে মানুষ কোন সুবিধা পাচ্ছে না।

সভায় সংগঠনের উপদেষ্টা সাবেক ছাত্রনেতা জসিম চৌধুরীর মায়ের ইন্তেকালে গভীর শোক প্রকাশ এবং মরহুমার রুহের মাগফিরাত কামনা করেন। -প্রেস বিজ্ঞপ্তি।

FREE CONSULTATION!!!
I am a tax specialist directly licensed by the IRS

ENROLLED AGENT
Authorized IRS e-file Provider
IRS To Represent Before the Internal Revenue Service
MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY
TAX - ACCOUNTING - NOTARY PUBLIC
IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO
ট্যাক্স–একাউন্টিং–নোটারী
Tax Preparation, Tax Planning
& Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.

Moon
Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com



MURSHEDA ZAMAN
Lic. Real Estate Sales Person
171-21 Jamaica Ave., Jamaica 11432
844-464-3262
E-mail: murshedazaman@gmail.com
বাড়ি-ক্রয়-বিক্রয়ের বিশ্বস্ত ও নির্ভরযোগ্য রিয়েলটর

MLS
যোগাযোগ
Cell: 917-502-6445

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনের

(শেষ পৃষ্ঠার পর)

ধ্যে কড়া প্রতিদ্বন্দ্বিতার আভাস রয়েছে।

২০২০ সালের প্রেসিডেন্ট নির্বাচন হয়েছিল ৩ নভেম্বর। সাতটি মূল রাজ্যের ফল পেতে নির্বাচন-পরবর্তী দিন সকালে অপেক্ষা করতে হয়। পরে মিশিগান ও উইসকনসিনে জো বাইডেনের জয়ের সম্ভাবনা দেখায় অ্যাসোসিয়েটেড প্রেস। কিন্তু ডাকযোগে ভোট গণনার জন্য আরও তিন দিন লাগে। চারদিন পর, ৭ নভেম্বর শনিবার পেনসিলভানিয়ার জয় নিশ্চিত হয়ে যায় বাইডেনের জন্য। ফলে তিনিই প্রেসিডেন্ট হিসেবে ঘোষণা পান। নেভাদা, জর্জিয়া, অ্যারিজোনা, এবং উত্তর ক্যারোলিনার ফল এর কিছু পরে প্রকাশিত হয়।

ফলাফল কখন জানা যাবে?

২০২৪ সালের প্রেসিডেন্ট নির্বাচনের চূড়ান্ত ফল কখন জানা যাবে তা নির্ভর করছে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় এবং প্রতিদ্বন্দ্বিতার তীব্রতার ওপর। যদিও নির্বাচনের দিন রাতেই কিছু রাজ্যের ফল জানা যেতে পারে, তবে অনেক রাজ্যের ফল গণনা শেষ হতে একাধিক দিন বা সপ্তাহও লাগতে পারে।

১. প্রাথমিক ফল ঘোষণার সম্ভাবনা

নির্বাচনের দিন, ৫ নভেম্বর, স্থানীয় সময় সন্ধ্যা ৭টা থেকে রাত ১০টার মধ্যে যুক্তরাষ্ট্রের বিভিন্ন রাজ্যে ভোটগ্রহণ শেষ হবে। সাধারণত, যেসব রাজ্যের ভোট দ্রুত গণনা হয়, সেসব রাজ্যের ফল রাতেই পাওয়া যেতে পারে। যেমন:

জর্জিয়া: সন্ধ্যা ৭টার পর

উত্তর ক্যারোলিনা: সন্ধ্যা সাড়ে ৭টার পর

এগুলোর পরপরই মিশিগান, পেনসিলভানিয়া এবং উইসকনসিনের মতো রাজ্যের ফল আসতে শুরু করবে।

২. সুইং রাজ্যগুলোর গুরুত্বপূর্ণ ভূমিকা

প্রেসিডেন্ট নির্বাচনে 'সুইং স্টেট' বা 'ব্যাটলগ্রাউন্ড স্টেট' বলা হয় এমন কিছু রাজ্যকে যেখানে উভয় দলের জয়-পরাজয়ের সম্ভাবনা থাকে। সুইং রাজ্যগুলোর ফল চূড়ান্ত না হলে, নির্বাচনের চূড়ান্ত ফলাফল জানার জন্য অপেক্ষা করতে হতে পারে। মূল সুইং রাজ্যগুলো: অ্যারিজোনা, জর্জিয়া, মিশিগান, নেভাদা, পেনসিলভানিয়া, উইসকনসিন।

যদি এসব রাজ্যে ভোটের ব্যবধান খুব কম থাকে, তবে ফল ঘোষণা কিছুটা বিলম্বিত হতে পারে। তবে যদি কোনো প্রার্থী এসব রাজ্যে বিশাল ব্যবধানে এগিয়ে থাকেন, তাহলে নির্বাচনের চূড়ান্ড় ফল দ্রুত জানা সম্ভব হবে।

৩. ডাকযোগে এবং আগাম ভোটের গণনা

২০২০ সালের নির্বাচনের মতো এবারও আগাম ভোট ও ডাকযোগে ভোটের কারণে ফল ঘোষণায় বিলম্ব হতে পারে। ডাকযোগে দেওয়া ভোটের গণনা কয়েকদিন ধরে চলে এবং অনেক রাজ্যে আইন অনুযায়ী ভোট গ্রহণ শেষের পরে পৌঁছানো ডাকভোটও গণনা করা হয়।

পেনসিলভানিয়া এবং মিশিগান এর মতো গুরুত্বপূর্ণ রাজ্যে ডাকযোগে ভোট গণনা সম্পূর্ণ হতে বাড়তি সময় প্রয়োজন হতে পারে।

অনেক রাজ্যই প্রথমে ভোটকেন্দ্রের সরাসরি ভোটের ফল প্রকাশ করে, তারপর ডাকযোগে পাওয়া ভোট গণনা করা হয়। এতে শেষের দিকে প্রার্থীদের ফলাফলে পরিবর্তন দেখা যেতে পারে।

৪. সম্ভাব্য জটিলতা ও আইনি চ্যালেঞ্জ

যদি ভোটের ব্যবধান খুব কম হয় বা কোনো প্রার্থী নির্বাচনী জালিয়াতির অভিযোগ করেন, তবে ফল ঘোষণায় আরও বেশি সময় লাগতে পারে। ২০২০ সালের নির্বাচনে ডোনাল্ড ট্রাম্প নির্বাচনী জালিয়াতির অভিযোগ তোলার কারণে কিছু রাজ্যের ফল চূড়ান্ত হতে সময় লেগেছিল এবং বেশ কিছু আইনি প্রক্রিয়া অনুসরণ করতে হয়েছিল। ট্রাম্প ও তার সমর্থকরা এই নির্বাচনেও এমন অভিযোগ তুলতে পারেন, যা ফল ঘোষণায় বিলম্বের কারণ হতে পারে।

৫. সম্ভাব্য চূড়ান্ত ফল ঘোষণার সময়

যদি কোনও প্রার্থী সুইং রাজ্যগুলোতে স্পষ্ট ব্যবধানে এগিয়ে যান, তাহলে নির্বাচনের দিন বা পরের দিনই চূড়ান্ত ফল জানা যেতে পারে। তবে অনেক রাজ্যে ডাকযোগে ভোট এবং আইনি প্রক্রিয়ার কারণে নির্বাচনের চূড়ান্ত ফল পেতে কয়েকদিন অপেক্ষা করতে হতে পারে, বিশেষ করে যদি নির্বাচনের ফলাফল তীব্র প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ হয়।

২০২০ সালের নির্বাচনের চূড়ান্ত ফল জানতে চারদিন সময় লেগেছিল, এবং এবারের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার তীব্রতার কারণে ২০২০ সালের মতোই বিলম্বিত ফলাফলের সম্ভাবনা রয়েছে।

সুতরাং, ২০২৪ সালের আমেরিকান প্রেসিডেন্ট নির্বাচনের ফল ঠিক কখন জানা যাবে তা নির্ভর করছে প্রতিদ্বন্দ্বিতার তীব্রতা, ডাকযোগে ভোটের সংখ্যা, এবং নির্বাচনী আইনি চ্যালেঞ্জের ওপর। সূত্র: বিবিসি, নিউইয়র্ক টাইমস

এক স্লিপ

(শেষ পৃষ্ঠার পর)

এমনি এক আলোচনায় প্রবাসী বাংলাদেশীদের মতামত একজন 'আমেরিকান প্রেসিডেন্ট' হিসেবে তাঁর চাল-চলন, কথা-বার্তা, বডি ল্যাঙ্গুয়েজ বিষয়গুলোও গুরুত্বপূর্ণ। যার কোনটিই ডোনাল্ড ট্রাম্পের মধ্যে নেই। ইতিপূর্বে তার চার বছরের প্রেসিডেন্টশীপ সহ পরবর্তী সময়ে আমরা তাকে দেখছি। কথা-বার্তা থেকে শুরু করে ব্যবসায়ী ট্রাম্পের সব কিছুই অনুন্নত দেশের রাজনীতিকদের আচরণের মতো। যা আমেরিকান প্রেসিডেন্টদের সাথে মানায় না। অপরদিকে কমালা হ্যারিস একজন পলিটিশিয়ান। ক্যালিফোর্নিয়ার এটর্নী জেনারেল থেকে শুরু করে নানা পথ পেরিয়ে আজ তিনি যুক্তরাষ্ট্রের ভাইস প্রেসিডেন্ট এবং ব্যক্তিত্ব সম্পন্ন নারী। আলোচনায় উঠে আসে বর্তমান প্রেসিডেন্ট জো বাইডেন সহ সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামা, বিল ক্লিনটন, জর্জ ডব্লিউ বুশ (সিনিয়র ও জুনিয়র) প্রমুখ প্রেসিডেন্টদের ব্যক্তিত্বের কথা। কমালা নাকি ট্রাম্প- মঙ্গলবার ভোট দেওয়ার আগে বিষয়গুলো অবশ্যই ভেবে দেখার দরকার বলে অনেকেই অভিমত প্রকাশ করলেন।

০৩ নভেম্বর ২০২৪

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী

● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ল্যান্ডলর্ড-টেনেন্ট
● ব্যাংক্রাপসি ● ডিভোর্স সহ বিভিন্ন
সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।
মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, e-mail: azizbbn@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

ARMAN CHOWDHURY, CPA
সঠিক ও নির্ভুলভাবে ইনকাম ট্যাক্স ফাইল করা হয়
● INDIVIDUAL INCOME TAX RETURN
● BUSINESS TAX RETURN
● NON-PROFIT TAX RETURN
● ACCOUNTING & BOOKKEEPING
● RETIREMENT AND INVESTMENT PLANNING
● TAX RESOLUTION SPECIALIST
● ISLAMIC HOME FINANCING
7 DAYS OPEN
AUTHORIZED e-file PROVIDER
718-475-5686
87-54 168TH STREET, SUITE 201, JAMAICA, NY 11432
Email: armancpa@gmail.com | www.armancpa.com


এবার জ্যাকসন হাইটে
আমাদের নতুন অফিসে
আপনাকে স্বাগতম

হাসপাতাল ও নার্সিং হোমে
যে কোন ডাক্তারের
রোগী ভর্তি করে থাকি
Barnali Hasan MD
Internal Medicine
ডা. বর্ণালী হাসান
ইন্টারনাল মেডিসিন
Mahfujul Hasan DDS
Implants & Invisalign
ডা. মাহফুজুল হাসান
ডি.ডি.এস
We provide medical services for IMMIGRATION
আমরা ইমিগ্রেশন সেবা প্রদান করি
WE ADMIT ANY PATIENTS at
HOSPITALS & NURSING HOMES
Northwell Health
LONG ISLAND JEWISH MEDICAL CENTER
Forest Hills & New Hyde Park
> Primary Care > Annual Exam > Physical Checkup > TLC Test > Diabetes > Immigration > Cholesterol > EKG > > Spiro > PAP Smear > Pregnancy Test > Allergies > TB Test > Vaccinations > Telemedicine & all kind of Medical Services.
Diagnostic & preventive dentistry, General dentistry, Cosmetic dentistry, Teeth whitening, Fillings, Prosthodontics, Caps/crowns, metal-free bridges, full dentures and partial dentures, digital scanning, Endodontics, Rot canal, Orthodontics, Invisalign, Dental implants, Periodontics, Gum disease and most kinds of Dental Services
We accept most Insurances & Medicaid
CALL 917 930 1170
EFFICIENT MEDICAL CARE PC
DHAKA DENTAL PC
3716 73rd St, Suite 202, Jackson Heights, NY 11372 | Phone: 929 799 8100
4014 Greenpoint Ave, Sunnyside, NY 11104 | Phone: 718 392 2858
17009 Hillside Ave, Jamaica, NY 11432 | Phone: 718 291 2710

একসিডেন্ট ও ইনজুরি কেইসেস
অভিজ্ঞ আমেরিকান ট্রায়াল আইনজীবি দ্বারা পরিচালিত
আইনী প্রতিষ্ঠান
LAW OFFICES OF SURDEZ & PEREZ, P.C.


SURDEZ & PEREZ, P.C.
We Specialize in Personal Injury and Negligence Cases
Call us:
718-482-7766, 917-562-1368
প্রয়োজনে আমরাই পৌঁছে যাব আপনার কাছে
পরামর্শের জন্য ফি লাগে না

Free Consultation

কেবলমাত্র কেইসে সাফল্য লাভের পরই আমরা ফি গ্রহণ করে থাকি
আমাদের কার্যক্রম ও পরামর্শের ক্ষেত্রসমূহ:
• গাড়ী দূর্ঘটনা
• বাস,ট্রেন অথবা মোটর সাইকেল
• ব্রেইন ইনজুরি
• এলিভেটর একসিডেন্ট
• স্লুল লায়াবিলিটি
• খেলার মাঠে দূর্ঘটনা
• বার্থ ইনজুরি
• নির্মাণ কাজে দূর্ঘটনা
• পিছলে পড়ে গেলে
• লেড পয়জনিং
• কুকুর কামড়ালে
• ডাক্তারের ভুল চিকিৎসা
আমাদের বৈশিষ্ট্যসমূহ:
অভিজ্ঞতা সম্পন্ন ট্রায়াল এটর্ণী দ্বারা পরিচালিত একটি আইনী প্রতিষ্ঠান। সততা ও নিষ্ঠা। ক্লায়েন্টের পক্ষে রায়ের জন্য দক্ষতার সাথে সর্বাত্মক চেষ্টা। দ্রুত কেস সেটেলমেন্টের নিশ্চয়তা
32-72 Steinway Street, Suite# 401
Astoria, NY 11103
যে কোন পরামর্শের জন্য যোগাযোগ করুন

Mohammed Ali
718-482-7766
917-562-1368
alimd@surdezlaw.com
alimd1040@yahoo.com
www.surdezperezlaw.com

Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং
বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



Call Today:

Dr. Md. Mohaimen
718-457-0813
Fax: 631-282-8386
718-457-0814

Giash Ahmed
Chairman/CEO
917-744-7308

Nusrat Ahmed
President
718-406-5549

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

Corporate Office	Jamaica Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl	87-54 168th Street, 2nd Fl	1 Blacksmith Lane	2148 Starling Ave.	175 B Forbell Street	859 Fillmore Ave
Jackson Heights, NY 11372	Jamaica, NY 11432	Dix Hill, NY 11731	Bronx, NY 10462	Brooklyn, NY 11208	Buffalo, NY 14212
917-744-7308, 718-457-0813	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549

বাংলাদেশ সোসাইটি ইন্‌ক

সম্মানিত ভোটার, সমর্থক, শুভাকাঙ্ক্ষী ভাই ও বোনেরা

আসসালামু আলাইকুম ও রাহমাতুল্লাহ

বাংলাদেশ সোসাইটি ইনক এর সম্প্রতি অনুষ্ঠিত নির্বাচনে আমাকে "সমাজকল্যাণ সম্পাদক" পদে নির্বাচিত করায় এবং "সেলিম-আলী" পূর্ণ প্যানেলকে বিপুল ভোটের ব্যবধানে বিজয়ী করায় আপনাদের সকলের প্রতি

পরম কৃতজ্ঞতা ও আন্তরিক শুভেচ্ছা।

বিশেষ করে কৃতজ্ঞতা জানাচ্ছি তাঁদের, এ নিরঙ্কুশ বিজয়ে যাদের অক্লান্ত পরিশ্রম রয়েছে। পাশাপাশি ফাউন্ডেশন অফ গ্রেটার জৈন্তা নিউইয়র্ক'র সকল সদস্যবৃন্দ, নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সকল সদস্যবৃন্দ, নির্বাচন পরিচালনা কমিটির বিভিন্ন পর্যায়ের দায়িত্বশীলবৃন্দ, আমাদের নির্বাচনের মূল চালিকা শক্তি প্রিয় কর্মীবৃন্দ ও

প্রানপ্রিয় ব্রঙ্কসবাসী আপনাদের সকলের প্রতি আমি আন্তরিকভাবে কৃতজ্ঞতা জানাচ্ছি।

আসুন, আমরা এ বিজয়কে ধারণ করে সকলে কাঁধে কাঁধ মিলিয়ে বাংলাদেশ সোসাইটি তথা বাংলাদেশী কমিউনিটির কল্যাণে ঐক্যবদ্ধ ভাবে কাজ করি। মহান আল্লাহ তা'আলা আমাদের সকলের সহায় হোন, আমীন।



জামিল আনসারী

নব-নির্বাচিত সমাজ কল্যাণ সম্পাদক

বাংলাদেশ সোসাইটি ইন্‌ক



সফলতার ২৮ বছরে
The Weekly Bangla Patrika
বাংলা পত্রিকা

বর্ষ ২৯ : সংখ্যা ০৬ : সোমবার, কার্তিক ১২ ১৪৩১ / রবিউস সানি ২৪, ১৪৪৬
Vol. 29 Issue 06, October 28, 2024 USA.
Free in NY, Other State $1.



সাঈদ তারেকের কলাম



সুরতহাল

এ কেমন অধিকারচর্চা!

নিজে নাটকের লোক। নাটক বিষয়ে কেউ খোঁজখবর দিলে আগ্রহ নিয়ে শুনি। কাল (শুক্রবার) শিল্পকলায় নাকি মাঝপথে একটা নাটকের প্রদর্শনী বন্ধ করে দেওয়া হয়েছে। এমন ঘটনা সাধারনত: ঘটে না। তাও বন্ধ করে দিয়েছেন প্রতিষ্ঠানের ডি জি স্বয়ং। এর জন্য তিনি দু:খ প্রকাশ করেছেন, লজ্জিত হয়েছেন। রী তিমত চাঞ্চল্য সৃস্টিকারী ব্যাপার! খোঁজখবর করে যা জানা গেল- নাটক চলাকালীন সময়ে ২০/২৫ জনের একটি দল বাইরে কোন এক নাট্যজনের বিরুদ্ধে বিক্ষোভ দেখাচ্ছিল। ওই লোক সে সময় ভেতরে ছিল। সে নাকি মঞ্চায়নকারী দলের সাথে যুক্ত বা কোন পর্যায়ের কর্মকর্তা। তার বিরুদ্ধে অভিযোগ- প্রধান উপদেষ্টা এবং সমন্বয়কদের বিরুদ্ধে

বাকি অংশ ২৬ পৃষ্ঠায়

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনের ফল কখন জানা যাবে?



বাংলা পত্রিকা ডেস্ক: ২০১৬ সালের প্রেসিডেন্ট নির্বাচনের পরদিন বিশ্ব জানতে পারে যে ডোনাল্ড ট্রাম্প বিজয়ী হয়েছেন। তবে ২০২০ সালের নির্বাচনে জোসেফ আর. বাইডেন জুনিয়রের জয় নিশ্চিত হতে আরও চার দিন লেগেছিল। ২০২৪ সালের নির্বাচনের ফল কবে জানা যাবে, তা নির্ভর করছে প্রতিদ্বন্দ্বিতা কতটা তীব্র হয় তার ওপর। যদি ভোটের ব্যবধান কয়েক হাজারে নেমে আসে, তাহলে ২০২০ সালের মতোই পরিস্থিতি হতে পারে, তবে কোনো প্রার্থী যদি ব্যাপক ব্যবধানে এগিয়ে থাকেন, তাহলে ফল দ্রুত পরিষ্কার হয়ে যেতে পারে। এবারের নির্বাচনে দুই প্রার্থী রিপাবলিকান দলীয় ডোনাল্ড ট্রাম্প ও ডেমোক্র্যাট প্রার্থী কমালা হ্যারিসের ম

বাকি অংশ ২৯ পৃষ্ঠায়

নিউইয়র্কে প্রথমবারের মতো স্কুল ছুটির আমেজে দীপাবলী উদযাপন

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক শহরের প্রথমবারের মতো দীপাবলি উদযাপনের জন্য এনওয়াইসি পাবলিক স্কুলগুলো বন্ধ রাখা হয়। এটা দক্ষিণ এশিয়ার সম্প্রদায়ের জন্য বিশেষ করে সনাতন ধর্মলাম্বিদের জন্য এক ঐতিহাসিক মাইলফলক। গত ১ নভেম্বর সনাতন ধর্মলাম্বিদের দীপাবলি উৎসব উপলক্ষে নিউইয়র্ক শহরের স্কুল গুলো ছুটি ঘোষণা করেন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।
নিউইয়র্কবাসী উৎসবের উদযাপন করতে টাইমস স্কোয়ারে জড়ো হয়েছিল। মেয়র এরিক অ্যাডামস, জেনিফার রাজকুমার এবং অন্যান্য নির্বাচিত কর্মকর্তারা অনুষ্ঠানে গিয়ে দিপাবলীর প্রদীপ প্রজ্জ্বালন করেন এবং উৎসবের আমেজে দিপাবলী উদযাপন করেন।
নিউইয়র্ক'র বৈচিত্র্যময় জনসংখ্যার সাংস্কৃতির বিকাশে এটা একটি যুগান্তকারি উদ্যোগ। দীপাবলিতে স্কুল ছুটির বিধান পাসে যার প্রচেষ্টা ছিলো তিনি হলেন নিউইয়র্ক স্টেটের রিপ্রেজেন্টেটিভ জেনিফার রাজকুমার।
এই বার্ষিক উৎসবে হিন্দু নববর্ষ চিহ্নিত করে এবং তারিখটি প্রতি বছর চন্দ্র পঞ্জিকা অনুযায়ী পরিবর্তিত হয় যা সাধারণত অক্টোবর বা নভেম্বর মাসে পড়ে।

বাকি অংশ ০০ পৃষ্ঠায় দেখুন

১১ নভেম্বর তিব্বত কমিউনিটি সেন্টারে 'বিজয় উৎসব'

জামাইকাবাসীদের প্রতি 'সেলিম আলী' প্যানেলের কৃতজ্ঞতা প্রকাশ

বাংলা পত্রিকা রিপোর্ট: বাংলাদেশ সোসাইটির নির্বাচনে বিজয়ী 'সেলিম-আলী' প্যানেলের বিজয় উৎসব এবং কৃতজ্ঞতা প্রকাশ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। নিউইয়র্ক সিটির জামাইকায় বসবাকারী প্রবাসী বাংলাদেশীদের উদ্যোগে শনিবার (২ নভেম্বর) সন্ধ্যায় এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই আয়োজনে সার্বিক সহযোগিতায় ছিলো প্যানেলটির জ্যামাইকার নির্বাচন পরিচালনা কমিটি ও হিলসাইড এভিনিউবাসী।
'সেলিম-আলী' প্যানেলের বিজয় উৎসব এবং কৃতজ্ঞতা প্রকাশ উপলক্ষ্যে জ্যামাইকার হিলসাইড এভিনিউস্থ ফাতেমা গ্রোসারীর সামনে আয়োজিত এই অনুষ্ঠানের বিশেষ আকর্ষণ ছিলো নৈশভোজ। এতে ৮ শতাধিক প্রবাসী বাংলাদেশী অংশ নেন বলে আয়োজদের দাবী। শীতের মধ্যে দীর্ঘ লাইনে দাঁড়িয়ে শতশত মানুষ খাবার সংগ্রহ করেন। পরবর্তীতে মান্নান বেকারী ও রেষ্টুরেন্টে বসেও অনেককে অ্যাপায়িত হতে দেখা যায়। খবর ইউএনএ'র।
অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন 'সেলিম-আলী' প্যানেলের নির্বাচন পরিচালনা কমিটির প্রধান সমন্বয়কারী ফকরুল ইসলাম দেলোয়ার। এছাড়াও অন্যানের মধ্যে শুভেচ্ছা বক্তব্য রাখেন প্যানেলটির নির্বাচন পরিচালনা কমিটির

বাকি অংশ ২৬ পৃষ্ঠায়

২১ এপ্রিল বিচারের মুখোমুখী হচ্ছেন মেয়র অ্যাডামস

ফেডারেল দূর্নীতি

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্ক সিটি মেয়র এরিক অ্যাডামস তার ফেডারেল দুর্নীতির মামলায় আগামী বছরের ২১ এপ্রিল বিচারের মুখোমুখী হবেন। ফেডারেল বিচারক হো শুক্রবার (১ অক্টোবর) মালার পরবর্তী রায় দিয়েছেন। মেয়র এমন সময়ে তার মামলার মুখোমুখী হতে যাচ্ছেন যখন ২০২৫ সালের ডেমোক্র্যাটিক মেয়র প্রাইমারী নির্বাচনের সময় এবং তিনি নিজেও পুনরায় মেয়র প্রার্থী। মামলায় সিটি মেয়রের বিরুদ্ধে অবৈধ বিদেশী অনুদান গ্রহণ করা এবং প্রচার তহবিলে লক্ষ লক্ষ ডলার প্রতারণার অভিযোগ উঠেছে।
বিচারক হো'র ধারনা যে বিচারটি প্রায় ছয় সপ্তাহ স্থায়ী হবে। ফলে মামলাটি ২৪ জুন ডেমোক্রেটিক প্রাইমারির কয়েক সপ্তাহ আগে পর্যন্ত চলবে। বিচারকের মামলার তারিখ ঘোষনার সময় মেয়র আদালত কক্ষেই ছিলেন এবং সামনের সারিতে বসে বিচারকের দিকে মুখ করে চুপচাপ বসে ছিলেন। পরবর্তীতে মেয়র

বাকি অংশ ৫ পৃষ্ঠায়



যে প্রক্রিয়ায় বাড়ী বিক্রেতা প্রতারিত করতে পারেন

এম কামাল



এমনও হতে পারে বাড়ি বিক্রেতার দৃষ্টিতে সবচেয়ে বাজে রিয়েল এস্টেট এজেন্ট বিক্রয় এজেন্ট হিসেবে সবচেয়ে দক্ষ হতে পারেন- তারা জানেন, আপনার জন্য কিভাবে কাজ করলে সহজেই আপনার বাড়িটি বিক্রি হয়ে যাবে। এ ধরনের রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেয়া সত্যিই স্মার্ট কাজ। কিন্তু সত্যিকার বাজে এজেন্ট তারাই যারা বাড়ি বিক্রেতাকে অনেক বড় বড় কথা বলবেন, কিন্তু কাজের সময় তারা তাদের কথাকে কাজে (শেষ পাতার পর) পরিণত করতে পারে না। এই ধরনের রিয়েল এস্টেট এজেন্ট সাধারণত সাধারণত যোগাযোগ কম, আশ্বাস প্রদান, বাড়ি এরপর দেখুন পৃষ্ঠা ॥ ০০

এক স্লিপ



সালাহউদ্দিন আহমেদ: মঙ্গলবার, ৫ নভেম্বর যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচন। এই নির্বাচন হচ্ছে যুক্তরাষ্ট্রের ৬০তম প্রেসিডেন্ট নির্বাচন। এই নির্বাচনের প্রধান দুই প্রতিদ্বন্দ্বি ক্ষমতাসীন ডেমোক্র্যাট দলের বর্তমান ভাইস প্রেসিডেন্ট কমালা হ্যারিস এবং রিপাবলিকান দলের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। নানা কারণেই এবারের নির্বাচন খুবই আলোচিত এবং গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। আমেরিকান নির্বাচন নিয়ে নিউইয়র্ক সহ যুক্তরাষ্ট্রের বাংলাদেশী কমিউনি-টিতে নানা আলোচনা হচ্ছে। তবে অধিকাংশ বাংলাদেশী-আমেরিকান রেজিষ্টার্ড ডেমোক্র্যাট হওয়ায় তারা কমালা হ্যারিসকেই সমর্থন করছেন এবং তাকে ভোট দেবেন। প্রেসিডেন্ট নির্বাচন ঘিরে নিউইয়র্কের বাংলাদেশী কমিউনিটিতে এখন চায়ের টেবিলে নানা ঝড় উঠছে।

বাকি অংশ ২৯ পৃষ্ঠায়

নিউইয়র্কজুড়ে খরা পর্যবেক্ষণ জারি, পানি সংরক্ষণের আহ্বান মেয়র অ্যাডামসের

বাংলা পত্রিকা রিপোর্ট: সম্প্রতি বৃষ্টিপাতের অভাবে নিউইয়র্ক সিটিজুড়ে খরার আশঙ্কা দেখা দিয়েছে। শনিবার এক বিবৃতিতে খরা পর্যবেক্ষণ জারি করেছে মেয়র এরিক অ্যাডামস এবং পরিবেশ সুরক্ষা বিভাগ। সিটি নাগরিক এবং বিভিন্ন সংস্থাগু-লাকে যথাসম্ভব খাওয়া এবং ব্যবহারের পানি সংরক্ষনের আহ্বান জানানো হয়। অ্যাডামস বলেন, নিউইয়র্ক সাম্প্রতিক সময়ের সবচেয়ে শুষ্কতম দিন পার করছে। গুরুতর পানি ঘাটতি কমাতে যতটা সম্ভব পানি সংরক্ষণ করা রাখা উচিত। আবহাওয়া বিভাগের তথ্য অনুসারে নিউইয়র্কে বর্তমানে টানা ২৯দিন বৃষ্টি ছাড়া পার করেছে। যা সিটির ২য় দীর্ঘতম সময়। সিটির ডিইপি কমিশনার রোহিত আগারওয়ালা বলেন, অক্টোবর মাস রেকর্ড সর্বোচ্চ শুষ্কতম মাসগুলোর একটি ছিলো। যার ফলে পানি সংরক্ষনে খুব কম প্রবাহ ছিলো। পানি সংরক্ষণের জন্য এনওয়াইসি ডিইপি'র ওয়েবসাইটের নির্দেশনার অনুসরনের আহ্বান করেন মেয়র।

ব্রঙ্কসে কিশোরদের সংঘবদ্ধ হামলায় বাংলাদেশী বংশোদ্ভুত কিশোর আহত

বাংলা পত্রিকা রিপোর্ট: ব্রঙ্কসে কিশোরদের সংঘবদ্ধ হামলায় আরমান ভুঁইয়া নামে বাংলাদেশী বংশোদ্ভুত ১৬ বছর বয়সী এক কিশোর গুরুতর আহত হয়েছেন। শুক্রবার (১ নভেম্বর) দুপুরের দিকে নর্থ ব্রঙ্কসের ২০৫ ব্যান ব্রিজ এলাকায় এ ঘটনাটি ঘটে। এদিকে এ এলাকায় কিশোরদের অপরাধ কর্মকান্ড ও গ্যাংয়ের উৎপাত বৃদ্ধি পাওয়ায় সেখানকার বাংলাদেশী কমিউনিটিতে উৎকণ্ঠার সৃষ্টি হয়েছে।
জানা গেছে, শুক্রবার নর্থ ব্রঙ্কসের মসজিদ থেকে বাসায় ফিরছিলো আরমান ভুঁইয়া। ২০৫ ব্যান ব্রিজ এলাকায় ৭/৮ জনের একটি কিশোর দল আরমানের পথরোধ করে। এ সময় আরমানকে জুতা চুরির অপবাদ দিয়ে

বাকি অংশ ২৬ পৃষ্ঠায়







Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd floor), LIC, NY 11101, USA, Tel: 718 482 9923, 718 482 1169Fax: 718 482 9935. Email: banglapatrikausa@gmail.com